দৈনিক
# মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা সোমবার ॥ বর্ষ-১ সংখ্যা-১৪৯ ॥ ১৮ সেপ্টেম্বর ২০২৩ ॥ ৩ আশ্বিন ১৪৩০ বাংলা ॥ ২ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা

## নির্বাচন ছাড়া বিএনপির রক্ষা পাওয়ার উপায় নেই : নানক

**স্টাফ রিপোর্টার :** নির্বাচনে অংশগ্রহণ করা ছাড়া বিএনপির নিজেকে রক্ষা করার আর কোনো উপায় নেই বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য ও সাবেক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক। রোববার (১৭ সেপ্টেম্বর) রাজধানীর মোহাম্মদপুরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত কৃষি মার্কেট পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। জাহাঙ্গীর কবির নানক বলেন, 'আওয়ামী লীগ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার গণতন্ত্রকে

২-এর পাতায় দেখুন

# ১৫ দিনে রেমিট্যান্স এসেছে ৭৪ কোটি মার্কিন ডলার

**স্টাফ রিপোর্টার :** প্রবাসী বাংলাদেশিরা বৈধ পথে ও ব্যাংকিং চ্যানেলে চলতি ২০২৩-২৪ অর্থবছরের তৃতীয় মাস সেপ্টেম্বরের প্রথম ১৫ দিনে দেশে রেমিট্যান্স পাঠিয়েছে ৭৩ কোটি ৯৯ লাখ ৮০ হাজার মার্কিন ডলার। এতে দৈনিক আসছে ৪ কোটি ৯৩ লাখ ৩২ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স। রোববার (১৭ সেপ্টেম্বর) কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। তথ্য পর্যালোচনায় দেখা গেছে, চলতি মাসের ১৫ দিনে যে পরিমাণ রেমিট্যান্স দেশে এসেছে এরমধ্যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর মাধ্যমে ৬ কোটি ৬৪ লাখ ডলার, বিশেষায়িত একটি ব্যাংকের মাধ্যমে ১ কোটি ৯৮ লাখ ৮০ হাজার মার্কিন ডলার, বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে ৬৫ কোটি ৭ লাখ ১০ হাজার ডলার এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ২৯ লাখ ৯০ হাজার মার্কিন ডলার। ২০২৩-২৪ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে রেমিট্যান্স এসেছে ১৯৭ কোটি ৩১ লাখ ৫০ হাজার মার্কিন ডলার এবং আগস্টে রেমিট্যান্স এসেছে ১৫৯ কোটি ৯৪ লাখ ৫০ হাজার মার্কিন ডলার। এক মাসের ব্যবধানে রেমিট্যান্স কমেছে ৩৭ কোটি ৩৭ লাখ মার্কিন ডলার। বিদায়ী ২০২২-২৩ অর্থবছরে মোট রেমিট্যান্স এসেছে ২ হাজার ১৬১ কোটি ৭ লাখ মার্কিন ডলার। আগের ২০২১-২০২২ অর্থবছরে মোট রেমিট্যান্স এসেছিল ২ হাজার ১০৩ কোটি ১৭ লাখ মার্কিন ডলার। ২০২০-২১ অর্থবছরে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণ হয়েছিল। যার পরিমাণ ছিল ২ হাজার ৪৭৭ কোটি ৭৭ লাখ মার্কিন ডলার।

## ঢাকাসহ পার্শ্ববর্তী এলাকায় ভূমিকম্প

**স্টাফ রিপোর্টার :** ভূমিকম্পে কাঁপল ঢাকাসহ পার্শ্ববর্তী এলাকা। গতকাল রোববার দুপুর ১২টা ৪৯ মিনিট ৫৬ সেকেন্ডে এ কম্পন অনুভূত হয়। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা বলছে, রিখটার স্কেলে ৪ দশমিক ২ মাত্রার এই ভূমিকম্পের উৎপত্তিস্থল গাজীপুরের কালিয়াকৈর থেকে ১২ কিলোমিটার দূরে। আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানা জানিয়েছেন, হালকা ধরনের ভূমিকম্পটির উৎপত্তিস্থল টাঙ্গাইলে, ঢাকার আগারগাঁওয়ার আবহাওয়া অফিস থেকে ৫৯ কিলোমিটার উত্তর ও উত্তর-পশ্চিমে। ভূমিকম্পের ফলে কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। এর আগে গত ৯ সেপ্টেম্বর ৪ দশমিক ৪ মাত্রার ভূমিকম্প হয়। আর ১৪ আগস্ট ৫ দশমিক ৫ মাত্রা, ১৬ জুন ৪

২-এর পাতায় দেখুন

## নিউ ইয়র্কের উদ্দেশে রওনা দিয়েছেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৮তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের উদ্দেশে রওনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল রবিবার সকাল ১০টা ১২ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। প্রধানমন্ত্রীর প্রেস উইং এ তথ্য জানিয়েছে। এসময় বিমানবন্দরে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মতিয়া চৌধুরীসহ মন্ত্রিপরিষদের সদস্য, মন্ত্রিপরিষদ সচিব, তিন বাহিনীর প্রধান ও কূটনৈতিকসহ সামরিক-বেসামরিক ঊর্ধ্বতন কর্মকর্তারা প্রধানমন্ত্রীকে বিদায় জানান। জানা গেছে, লন্ডনের হিথ্রো বিমানবন্দরে চার

২-এর পাতায় দেখুন

## মাদারীপুরে কুকুরের কামড়ে আহত ৩০

**স্টাফ রিপোর্টার :** মাদারীপুরের বিভিন্ন এলাকায় পাগলা কুকুরের কামড়ে আহত হয়েছেন অর্ধশত। গতকাল রোববার সকাল থেকে সদর উপজেলার হোগলপাতিয়া, বাংলাবাজার ও কালীগঞ্জ গ্রামে এই ঘটনা ঘটে। বিভিন্ন সূত্রে জানা গেছে, গতকাল রোববার সকালে ওই এলাকায় একটি পাগলা কুকুর বিভিন্ন মানুষকে কামড়ানো শুরু করে। এরপর পার্শ্ববর্তী ইউনিয়নের বিভিন্ন গ্রামের আরও কয়েকজনকে কামড়িয়ে গুরুতর আহত করে। কমপক্ষে ৫০ জনকে মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে বেশিরভাগই কোমলমতি শিক্ষার্থী, মধ্যবয়সী নারী ও পুরুষ। কুকুরের কামড়ে আহত হোগলপাতিয়া গ্রামের শামীম বলেন, কিছু বুঝে ওঠার আগেই একটি পাগলা কুকুর আমাকেসহ আমার আশপাশের আরও ১০-১৫ জনকে কামড়ায়।

২-এর পাতায় দেখুন

## যত অপপ্রচারই হোক আওয়ামী লীগই ক্ষমতায় আসবে : তথ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** যত অপপ্রচারই হোক, অবাধ সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে আগামীতেও আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। গত শনিবার সন্ধ্যায় কানাডার টরন্টোতে বাংলাদেশ আওয়ামী লীগের নিজস্ব কার্যালয়ে প্রবাসীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের উন্নয়ন যাদের পছন্দ নয়, এমন কিছু ব্যক্তি ও গোষ্ঠী দেশে-বিদেশে নানা ধরনের অপপ্রচার চালাচ্ছে। তবে যত অপপ্রচারই হোক, অবাধ সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে আগামীতেও আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসবে এবং দেশের উন্নয়ন অব্যাহত রাখবে। তিনি বলেন, বাংলাদেশের বিরুদ্ধে যত অপপ্রচার হয়, তার বেশিরভাগই হয় বিদেশ থেকে। প্রবাসী বাংলাদেশিদের আমি এইসব অপপ্রচারের জবাব দেওয়ার আহ্বান জানাই। হাছান মাহমুদ বলেন, ১৯৭১ সালেও বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র হয়েছিল। তারপরও বাংলাদেশের জন্ম ঠেকানো যায়নি। তেমনি বর্তমানেও যত ষড়যন্ত্রই হোক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন অব্যাহত থাকবে। অন্টারিও আওয়ামী লীগ সভাপতি মোস্তফা কামালের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক লিটন মাসুদের পরিচালনায় কানাডা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি সারোয়ার হোসেন, অন্টারিও আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি ফারুকী হাসান বক্তব্য দেন। এর আগে স্থানীয় 'মদিনা গ্রিল' রেস্তোরাঁয়

২-এর পাতায় দেখুন

## তাপপ্রবাহের বিস্তার কমতে পারে

**স্টাফ রিপোর্টার :** দেশের ওপর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু তাপপ্রবাহ, যা কিছুকিছু জায়গায় প্রশমিত হতে পারে। গতকাল রোববার এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবির জানিয়েছেন, ঢাকা, টাঙ্গাইল, রাজশাহী, সিরাজগঞ্জ, রংপুর, সৈয়দপুর, কুঁড়িগ্রাম, পঞ্চগড়, মৌলভীবাজার, যশোর ও চুয়াডাঙ্গা জেলাগুলোর ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছুকিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে। সারা দেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। বর্তমানে সুস্পষ্ট লঘুচাপটি পশ্চিম মধ্য প্রদেশ ও

২-এর পাতায় দেখুন

## দেশের উন্নয়নে সবাইকে অংশ নিতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** স্থানীয় সরকারমন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, একা স্বার্থপরের মতো টিকে থাকার সময় শেষ। নিজ এলাকা, দেশের উন্নয়নে সবাইকে সামগ্রিকভাবে অংশ নিতে হবে এবং সচেতন হতে হবে। তিনি বলেন, জনগণকে জাগিয়ে তোলা এবং সচেতন করার ক্ষেত্রে কাউন্সিলরদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আপনি নিজের এলাকার মানুষের যতটা কাছে যেতে পারবেন, তা কোনো সরকারি কর্মকর্তা কিংবা কেন্দ্রীয় সরকারের পক্ষে সম্ভব নয়। রোববার (১৭ সেপ্টেম্বর) ঢাকায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে গাজীপুর সিটি করপোরেশনের নবনির্বাচিত কাউন্সিলরদের জন্য আয়োজিত এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মো. তাজুল ইসলাম বলেন, নির্বাচনের জন্য হোক, অথবা মানুষের সেবা করার জন্য হোক, সমাজে জনপ্রতিনিধিদের মানুষের সঙ্গে মিশে থাকতে হয়। মানুষের অভাব অনটন থেকে শুরু করে দুঃখ-দুর্দশা এবং বিভিন্ন মতবিরোধে বিচার সালিশ করতে হয় জনপ্রতিনিধিদেরই।

শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থার জন্য শুধুমাত্র অর্থ বরাদ্দের প্রয়োজন- এ ধারণার বিরোধিতা করে তিনি বলেন, সরকারি যেকোনো অর্থ একটি ব্যবস্থাপনার মাধ্যমে খরচ হয়, সেখানে নিজের খেয়াল খুশির মতো খরচ করার সুযোগ নেই। অর্থ বরাদ্দের চেয়েও বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে তৃণমূল পর্যায়ে উন্নয়নের সঙ্গে মানুষের অংশগ্রহণ, যাতে সবাই নিজ নিজ সম্ভাবনাকে বিকশিত করার সুযোগ পায়। গাজীপুর সিটি করপোরেশনের

২-এর পাতায় দেখুন

## মধ্যরাতে গৃহবধূর ঘরে প্রেমিক, ধস্তাধস্তিতে শ্বশুরের মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলায় পরকীয়া প্রেমিকের ধাক্কায় গৃহবধূর শ্বশুর আমির আলীর (৬০) মৃত্যু হয়েছে। অভিযুক্ত প্রেমিক কছিম উদ্দিনকে (৩৬) আটক করেছে পুলিশ। গত শনিবার দিবাগত মধ্যরাতে উপজেলার ভেলাগুড়ি ইউনিয়নের দক্ষিণ জাওরানী গ্রামে এ দুর্ঘটনা ঘটে। আটক প্রেমিক কছিম উদ্দিন ভেলাগুড়ি ইউনিয়নের দক্ষিণ জাওরানী গ্রামের জালাল উদ্দিনের ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানান, মৃত আমির আলীর ছেলে কাজের সন্ধানে ঢাকায় থাকায় ছেলের বউ তার তিন সন্তানকে নিয়ে বাড়িতে থাকেন। স্বামী বাড়িতে না থাকার সুযোগে প্রতিবেশী কছিম উদ্দিনের সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েন ওই গৃহবধূ। প্রায় রাতেই কছিম উদ্দিন ওই

২-এর পাতায় দেখুন

## অবৈধ ক্লিনিক-হাসপাতালের বিরুদ্ধে ফের অভিযানে নামছে স্বাস্থ্য অধিদপ্তর

**স্টাফ রিপোর্টার :** সারাদেশে অনিবন্ধিত ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালের বিরুদ্ধে ফের অভিযানে নামছে স্বাস্থ্য অধিদপ্তর। এ ছাড়া যেসব হাসপাতাল চিকিৎসায় অনিয়ম এবং রোগীদের সঙ্গে প্রতারণা করছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। আজ সোমবার থেকে সারাদেশে একযোগে এ অভিযান পরিচালনা করা হবে। এ বিষয়ে জেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। গতকাল রোববার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন অধিদপ্তরের

২-এর পাতায় দেখুন

## ডিসিদের কাছে সার্ভে খতিয়ানের তথ্য চেয়ে চিঠি ভূমি মন্ত্রণালয়ের

**স্টাফ রিপোর্টার :** দেশের সব জেলা প্রশাসকদের (ডিসি) কাছে উপজেলাভিত্তিক সার্ভে খতিয়ানের বিভিন্ন তথ্য চেয়েছে চিঠি দিয়েছে ভূমি মন্ত্রণালয়। সম্প্রতি দেশের সব ডিসিকে এ সংক্রান্ত চিঠি পাঠিয়েছে ভূমি মন্ত্রণালয়। চিঠিতে বলা হয়, সব উপজেলায় বিদ্যমান সার্ভে খতিয়ান তথ্য বিশ্লেষণ, স্মার্ট ভূমি রেকর্ডস (ই-পর্চা) সিস্টেমের সঙ্গে তথ্য যাচাই, বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষে উপজেলাভিত্তিক সার্ভে খতিয়ানের নিম্নলিখিত তথ্য জরুরি ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

"সার্ভে খতিয়ান তথ্য সরবরাহকালে আপনার জেলার অন্তর্ভুক্ত সব উপজেলার সর্বমোট খতিয়ান সংখ্যা, সিস্টেমে এন্ট্রিকৃত খতিয়ান সংখ্যা, এন্ট্রি হয়নি এমন খতিয়ান সংখ্যা এবং এন্ট্রিযোগ্য নয় এমন খতিয়ান সংখ্যা উল্লেখ করতে

২-এর পাতায় দেখুন

## ডিএমপির দুই ডিসিকে বদলি

**স্টাফ রিপোর্টার :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার (ডিসি) পদমর্যাদার দুজন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। তারা হলেন- গোয়েন্দা সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম দক্ষিণ বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) হিসেবে বদলির আদেশপ্রাপ্ত এ. বি. এম মাসুদ হোসেনকে গোয়েন্দা তেজগাঁও বিভাগে এবং গোয়েন্দা মিরপুর বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মানস কুমার পোদ্দারকে প্লানিং, রিসার্চ অ্যান্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) হিসেবে বদলি করা হয়েছে। গতকাল রোববার ডিএমপি মিডিয়া রিলেশন বিভাগের উপ-পুলিশ কমিশনার

২-এর পাতায় দেখুন

## গম আনতে নতুন রুট দিয়ে জাহাজ পৌঁছাল ইউক্রেনে

**আন্তর্জাতিক ডেস্ক :** দুটি পণ্যবাহী জাহাজ একটি নতুন রুট ব্যবহার করে কৃষ্ণ সাগর পাড়ি দিয়ে ইউক্রেনের একটি বন্দরে পৌঁছেছে বলে জানিয়েছে দেশটির বন্দর কর্তৃপক্ষ। দেশটির কৃষি মন্ত্রণালয় জানিয়েছে, জাহাজগুলো মিশর ও ইসরায়েলে গম পৌঁছে দেবে। খবর বিবিসি। শনিবার (১৬ সেপ্টেম্বর) জাহাজ দুটি চোরনোমর্স্কে পৌঁছায়। এই জাহাজগুলোতে ২০ হাজার টন গম বোঝাই করা হবে, যা বিশ্ববাজারে রফতানি হবে। দেশটির কর্মকর্তারা বলেছেন, রাশিয়ার সঙ্গে জাহাজের নিরাপত্তা নিশ্চিত করার চুক্তি ভেঙে যাওয়ার পর ইউক্রেনের কোনো বন্দরে বেসামরিক জাহাজ পৌঁছানোর ঘটনা এটিই প্রথম। শুধুমাত্র ইউক্রেন থেকে ছেড়ে আসা জাহাজগুলো সমুদ্রের পূর্ব করিডোরটি ব্যবহার করছে। দেশটির উপ-প্রধানমন্ত্রী ওলেক্সান্ডার কুব্রাকভ বলেছেন, জাহাজগুলো আফ্রিকা এবং আরোয়াট মহাসাগরীয় দ্বীপ দেশ পালাউয়ের পতাকা উড়িয়ে স্বাভাবিকভাবে যাত্রা করেছিল। এতে ক্রু হিসেবে ইউক্রেন, তুরস্ক, আজারবাইজান ও মিশরের লোক ছিল। রাশিয়া ইউক্রেনের বন্দরগুলো থেকে শস্য রফতানি সহজ করতে জাতিসংঘ সমর্থিত চুক্তি ত্যাগ করার পরে কিয়েভ একতরফাভাবে সামুদ্রিক করিডোর

২-এর পাতায় দেখুন

## বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা সংশোধনের দাবি

**স্টাফ রিপোর্টার :** প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রণীত 'বেসরকারি প্রাথমিক বিদ্যালয় বিধিমালা ২০২৩' সংশোধনের দাবি জানিয়েছে বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল অ্যান্ড কলেজ অ্যাসোসিয়েশন। গতকাল রোববার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধনে সংগঠনের নেতারা এ দাবি জানান। মানববন্ধনে বক্তারা বলেন, বাংলাদেশে প্রায় ৫৩ হাজারের বেশি ব্যক্তি মালিকানাধীন কিন্ডারগার্টেন ও সমমনা প্রতিষ্ঠান রয়েছে। যে প্রতিষ্ঠানগুলো শুধু শিক্ষার্থীদের কাছ থেকে সামান্য বেতন নিয়ে ভাড়া বাড়িতে পরিচালিত হচ্ছে। সাম্প্রতিক সময়ে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ প্রণীত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় বিধিমালা ২০২৩ এর নতুন সংশোধনীর কথা গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে দেখা যাচ্ছে। তারা আরও বলেন, বাংলাদেশের

২-এর পাতায় দেখুন

## ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ি চাপায় অটোরিকশা যাত্রীর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ি চাপায় মিজানুর রহমান (২৭) নামের এক সিএনজিচালিত অটোরিকশা যাত্রী নিহত হয়েছেন। গতকাল রোববার সকালে কুমিল্লা-সিলেট মহাসড়কের সদর উপজেলার উজানিসার এলাকায় এই দুর্ঘটনা ঘটে। মিজান জেলার নাসিরনগর উপজেলার লক্ষীপুর গ্রামের সাদু মিয়ার ছেলে। এই ঘটনায় অটোরিকশার চালকসহ আরও দুইজন আহত হয়েছেন। খাঁটিহাতা হাইওয়ে থানার উপপরিদর্শক মো. সারোয়ার হোসেন বলেন, আখাউড়া উপজেলার ধরখার থেকে একটি অটোরিকশা ব্রাহ্মণবাড়িয়ার সদরের উদ্দেশে ছেড়ে আসে। পথে উজাননিসার নামক স্থানে বিপরীত দিক থেকে আসা একটি

২-এর পাতায় দেখুন

### দাম কমেনি ডিম-আলু-পেঁয়াজের

# উল্টো পাইকারিতে বাড়তি দরের অভিযোগ

**স্টাফ রিপোর্টার :** নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে দেশে প্রথমবারের মতো পেঁয়াজ, আলু ও ডিমের দাম বেঁধে দেয় সরকার। তবে তিন দিনেও বাজারে কার্যকর হয়নি সরকারের বেঁধে দেওয়া দাম। নির্ধারিত দামে এসব পণ্য তো মিলছেই না, উল্টো পাইকারিতে এগুলোর দাম ২-৩ টাকা বাড়ানোর অভিযোগ খুচরা ব্যবসায়ীদের। ক্রেতাদের অভিযোগ, এর আগেও চিনি ও সয়াবিন তেলের দাম নির্ধারণ করে দেয় সরকার। তবে তা বাজারে কার্যকর হয়নি। সরকারের নজরদারিও ছিল না। এবারও যে বেঁধে দেওয়া দাম কার্যকর হবে না, এমনটাই মনে করেন তারা। রোববার (১৭ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত রাজধানীর মিরপুরের বিভিন্ন পাড়া-মহল্লার মুদি ও সবজির দোকান এবং স্থানীয় বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। এসব এলাকায় খুচরা পর্যায়ে প্রতিকেজি পেঁয়াজ বিক্রি হচ্ছে ৮০ থেকে ৯৫ টাকায়, যদিও সরকার নির্ধারিত দাম ৬৪ থেকে ৬৫ টাকা। আলু বিক্রি হচ্ছে প্রতিকেজি ৪৫ থেকে ৫০ টাকায় এবং ১৩ টাকা বিক্রি হচ্ছে প্রতিটি ডিম। তবে প্রতিকেজি আলুর সরকার নির্ধারিত দাম ৩৫ থেকে ৩৬ টাকা এবং প্রতিটি ডিমের দাম ১২ টাকা। মুসলিম বাজারের বি.বাড়িয়া ডিম ঘরের বিক্রয়কর্মী লিটন বলেন, 'প্রতি ডজন ডিম ১৫০ টাকায় বিক্রি করছি। প্রতি পিস ডিম ১২ টাকা ৫০ পয়সা রাখছি, ৫০ পয়সা তো কারও হাতে নেই। তাই বলা যায়, প্রতি পিস ডিম ১৩ টাকা। আবার ২টা কিনলে ২৫ টাকা রাখছি। সরকার নির্ধারিত দামের সঙ্গে আমাদের খুব একটা পার্থক্য নেই।'

ডিম বাদে অন্য দুই পণ্যের ক্ষেত্রে দোকানি ও খুচরা ব্যবসায়ীরা দুষছেন পাইকারদের। নিত্যপ্রয়োজনীয় এই দুই কৃষিপণ্যের বেঁধে দেওয়া দামের বিষয়ে তারা জানলেও এই দাম কার্যকর করা সম্ভব না বলে মনে করেন। কারণ হিসেবে বলছেন, বাড়তি দামেই পাইকারদের কাছ থেকে তাদের পণ্য কিনতে হচ্ছে। মামুন নামের এক মুদি দোকানি তার দোকানে ৩টি পাত্রে আকারভেদে সাজিয়ে রেখেছেন আলু। বড়

২-এর পাতায় দেখুন

## ডেঙ্গু আক্রান্ত কোনো রোগীকে ঢাকায় স্থানান্তর না করার নির্দেশ

**স্টাফ রিপোর্টার :** দেশের বিভিন্ন অঞ্চলে ডেঙ্গুরোগে আক্রান্ত হওয়া কোনো রোগীকে ঢাকায় স্থানান্তর না করতে নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. আহমেদুল কবীর বলেছেন, ডেঙ্গু বিষয়ে যে গাইডলাইন দেওয়া হয়েছে তা প্রান্তিক পর্যায়ে পৌঁছেছে। ঢাকার বাইরে ডেঙ্গু আক্রান্ত কোনো রোগীকে যেন ঢাকায় পাঠানো না হয়। এ প্রসঙ্গে তিনি আরও বলেন, ঢাকার তুলনায় ঢাকার বাইরে ডেঙ্গু সংক্রমণ বেড়েছে। আমরা ঢাকার বাইরে সব জায়গায় ডেঙ্গুরোগীদের চিকিৎসার ব্যবস্থা করেছি। সারাদেশের স্বাস্থ্য কর্মকর্তাদের সঙ্গে আমরা কথা বলেছি। ডেঙ্গুরোগীদের জন্য আইভি ফ্লুইড সবচেয়ে বেশি প্রয়োজন উল্লেখ করে ডা. আহমেদুল কবীর বলেন, কিছু অসাধু ব্যবসায়ী এসময়ে সুযোগ নেওয়ার চেষ্টা করেন। আমরা সিভিল সার্জনদের নির্দেশনা

২-এর পাতায় দেখুন

দৈনিক মানবিক বাংলাদেশ
Manabik Bangladesh
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
ঢাকা সোমবার ॥ ১৮ সেপ্টেম্বর ২০২৩ ॥ ৩ আশ্বিন ১৪৩০ বাংলা

# রপ্তানিতে এগিয়ে টি-শার্ট-সোয়েটার পিছিয়ে পড়ছে শার্ট-প্যান্ট

**স্টাফ রিপোর্টার :** দুই যুগের বেশি সময় ধরে তৈরি পোশাক রপ্তানিতে ওভেন (শার্ট, প্যান্ট) জাতীয় পোশাকের আধিপত্য ছিল। ২০২০ সালে বিশ্বব্যাপী করোনাভাইরাসের সংক্রমণ শুরু হয়। দেশে দেশে লকডাউনের কারণে ঘরের বাইরে পরার পোশাকের চাহিদা কমে ব্যাপকভাবে। এ জাতীয় পোশাকের ক্রয়াদেশও কমতে থাকে। অন্যদিকে ব্যাপকভাবে বাড়তে শুরু করে ঘরে পরার বা নিট পোশাকের (টি-শার্ট, সোয়েটার) চাহিদা। উৎপাদন খরচ কম হওয়ায় নিট পোশাক রপ্তানি বাড়তে থাকায় খুশি মালিকরা। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) গত চার অর্থবছরের রপ্তানি তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায়, ২০১৯-২০ অর্থবছরে নিটের চেয়ে ওভেনের রপ্তানি বেশি ছিল ১৪ কোটি ডলার। ওই বছর এক হাজার ৪০৪ কোটি ডলারের বা ১৪ বিলিয়ন ডলারের ওভেন পোশাকের বিপরীতে নিট পোশাক রপ্তানির পরিমাণ ছিল এক হাজার ৩৯০ কোটি ডলার বা ১৩ বিলিয়ন ডলার। এরপর থেকেই ধীরে ধীরে বাড়তে শুরু করে নিটের হিস্যা (অংশ)। ২০২০-২১ অর্থবছরে নিট থেকে আসে প্রায় ১৭ বিলিয়ন ডলার। আর ওভেন থেকে আসে ১৪ দশমিক ৫০ বিলিয়ন ডলার। পোশাক খাত থেকে মোট আয় হয় ৩১ দশমিক ৪৫ বিলিয়ন ডলার। ২০২২-২৩ অর্থবছরে পোশাক রপ্তানি থেকে আসে চার হাজার ৬৯৯ কোটি ১৬ লাখ ডলার বা ৪৬ বিলিয়ন ডলার। যা তার আগের অর্থবছরের (২০২১-২২) তুলনায় ১০ দশমিক ২৭ শতাংশ বেশি। ২০২১-২২ অর্থবছরে পোশাক রপ্তানির আয় ছিল চার হাজার ২৬১ কোটি ৩১ লাখ ডলার বা ৪২ বিলিয়ন ডলার। ২০২২-২৩ অর্থবছরে নিট পণ্যের রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা ছিল দুই হাজার ৫৬০ কোটি ডলার। এর বিপরীতে আয় হয়েছে দুই হাজার ৫৭৩ কোটি ৮২ লাখ ডলার। প্রবৃদ্ধি ১০ দশমিক ৮৭ শতাংশ। অন্যদিকে ২০২১-২২ অর্থবছরে নিট পোশাক রপ্তানির পরিমাণ ছিল দুই হাজার ৩২১ কোটি ৪৩ লাখ ডলার। ২০২২-২৩ অর্থবছরে ওভেন পণ্যের রপ্তানি আয় আগের অর্থবছরের (২০২১-২২) তুলনায় ৯ দশমিক ৫৬ শতাংশ বেড়েছে। ২০২২-২৩ অর্থবছরে দুই হাজার ১২০ কোটি ডলার লক্ষ্যমাত্রার বিপরীতে ওভেন পোশাক রপ্তানি হয়েছে দুই হাজার ১২৫ কোটি ৩৪ লাখ ডলারের। ২০২১-২২ অর্থবছরে এর পরিমাণ ছিল এক হাজার ৯৩৯ কোটি ৮৮ লাখ ডলার। অর্থাৎ ২০২২-২৩ অর্থবছরে ওভেন পোশাকের তুলনায় ৪৩৫ কোটি ডলার নিট পোশাক বেশি বিক্রি হয়েছে।

৭-এর পাতায় দেখুন

## তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক মানদণ্ডে পিছিয়ে বাংলাদেশ

**স্টাফ রিপোর্টার :** তামাক নিয়ন্ত্রণের বৈশ্বিক মানদণ্ডে অনেক পিছিয়ে রয়েছে বাংলাদেশ। আইনে ধূমপানের জন্য নির্ধারিত এলাকা রাখার সুযোগ এর অন্যতম প্রধান কারণ। গতকাল রোববার সকাল ১১টায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রকাশিত 'গ্লোবাল টোব্যাকো এপিডেমিক প্রতিবেদন ২০২৩ এবং বাংলাদেশ পরিস্থিতি' বিষয়ে প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান) ও অ্যান্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স-আত্মা আয়োজিত এক ভার্চুয়াল বৈঠকে বক্তারা এসব বিষয়ে আলোচনা করেন। ক্যাম্পেইন ফর টোব্যাকো ফ্রি কিডস (সিটিএফকে) এই আয়োজনে সহযোগিতা করেছে। ভার্চুয়াল বৈঠকে জানানো হয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থার এবারের প্রতিবেদনে ধূমপানমুক্ত পরিবেশের ওপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়েছে, যা বাংলাদেশের জন্য অত্যন্ত জরুরি। হোটেল, রেস্তোরাঁসহ বিভিন্ন পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে ধূমপানের জন্য নির্ধারিত এলাকা (ডিএসএ) থাকলে অধূমপায়ীদের পাশাপাশি

৭-এর পাতায় দেখুন

## সেনাপ্রধানের সাথে কাতার আর্মড ফোর্স ডেপুটি চিফ অব স্টাফের সাক্ষাৎ

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কাতার আর্মড ফোর্সেসের ডেপুটি চিফ অফ স্টাফ জেনারেল আবদুল রহমান নাসর আবদুল্লাহ আল-নাসর। রোববার (১৭ সেপ্টেম্বর) ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর দপ্তরে কাতার আর্মড ফোর্সেসের ডেপুটি চিফ অফ স্টাফ সাক্ষাৎ করেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইএসপিআর জানায়, সফরসঙ্গী হিসেবে ডেলিগেশন টিমের অন্য সদস্য ছিলেন কাতারি মিলিটারি ডেকোরেশনস অ্যান্ড মেডেলস পরিদপ্তরের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবদুল আজিজ ঘানেম আল কুবাইসি। এসময় উভয়েই ভ্রাতৃপ্রতীম দুই দেশের আর্মড ফোর্সেসের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রগুলোর ওপরে গুরুত্বারোপ করেন। জানা গেছে, কাতারি ডেলিগেশন টিম আগামী ২২ সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশে অবস্থানকালীন সেনাকল্যাণ সংস্থা পরিচালিত বিভিন্ন সামরিক পোশাক তৈরির প্রতিষ্ঠান পরিদর্শন ও বাংলাদেশ থেকে এ জাতীয় পোশাক আমদানির সম্ভাব্যতার বিষয়ে আলোচনা করবেন বলে জানা গেছে। কাতারি ডেলিগেশন টিমের এ সফর দুই দেশের পারস্পরিক সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছে আইএসপিআর।

## এপিবিএনের সঙ্গে রোহিঙ্গা ডাকাতদের গোলাগুলি, আটক ১

**স্টাফ রিপোর্টার :** কক্সবাজারের টেকনাফে নয়াপাড়া ক্যাম্পে আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) সঙ্গে ডাকাতদের গোলাগুলির ঘটনায় রফিক ওরফে আব্বুয়া (১৮) নামের একজনকে আটক করা হয়েছে। গতকাল রোববার ভোরে টেকনাফের হ্নীলা ইউনিয়নের নয়াপাড়া রোহিঙ্গা ক্যাম্পে এ ঘটনা ঘটে। আটক আব্বুয়া একই ক্যাম্পের বাসিন্দা। তিনি ক্যাম্পে ডাকাত কামাল বাহিনীর সক্রিয় সদস্য। ১৬ এপিবিএন এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ হাসান বারী নূর বলেন, ক্যাম্পে জকিরের ডেইল সংলগ্ন পাহাড়ি এলাকায় ডাকাত কামাল বাহিনী নাশকতা পরিকল্পনা করছে, এমন খবর পেয়ে ওই এলাকায় এপিবিএন অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে

৭-এর পাতায় দেখুন

# সঞ্চয়পত্রের মুনাফা না তুললে সরকারি দায় তামাদি হবে

**স্টাফ রিপোর্টার :** যেসব সঞ্চয়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ছয় বছর পরেও মুনাফা উত্তোলন করা হয়নি, সেসব সঞ্চয়পত্রে সরকারের দায় তামাদি হয়ে যাবে। সদ্য প্রণীত সরকারি ঋণ আইনে এ কথা উল্লেখ করা হয়েছে। আইনে বলা হয়েছে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ সরকারের পক্ষে রাষ্ট্রীয় গ্যারান্টি ও কাউন্টার গ্যারান্টি দিতে পারবে। অর্থ বিভাগ ছাড়া অন্য কোনো মন্ত্রণালয় বা বিভাগ বা কর্তৃপক্ষ রাষ্ট্রীয় গ্যারান্টি দিতে পারবে না। সরকারি ঋণ আইনে অর্থ বিভাগকে এককভাবে এ ক্ষমতা দেওয়া হয়েছে। সরকারি ঋণ আইন ২০২২-এর অধীন প্রণীত বিধি বা গাইডলাইন বা প্রজ্ঞাপনের বিধান অনুযায়ী অর্থ বিভাগ রাষ্ট্রীয় গ্যারান্টি বা এ ধরনের নিশ্চয়তা প্রদান সংক্রান্ত কাউন্টার গ্যারান্টি দিতে পারবে। আইনের উপধারা (১)-এর অধীন প্রদত্ত রাষ্ট্রীয় গ্যারান্টি বা কাউন্টার গ্যারান্টি সরকারের প্রচ্ছন্ন দায় হিসেবে গণ্য হবে। প্রতি বছর এর একটি হিসাব সংশ্লিষ্ট অর্থবছরের বাজেটের সঙ্গে জাতীয় সংসদে উপস্থাপন করতে হবে। রাষ্ট্রীয় গ্যারান্টি বা কাউন্টার গ্যারান্টি থেকে উদ্ভূত প্রচ্ছন্ন দায় সরকারের প্রত্যক্ষ প্রচ্ছন্ন দায় হিসেবে গণ্য হবে। এ প্রচ্ছন্ন দায়ের ঝুঁকি সহনীয় পর্যায়ে রাখতে সরকার বছরভিত্তিক ঊর্ধ্বসীমা নির্ধারণ করতে পারবে। পাশাপাশি, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা রাষ্ট্রীয় গ্যারান্টি বা কাউন্টার গ্যারান্টির জন্য উপযুক্ত ফি নির্ধারণ করতে পারবে সরকার। সরকারি ঋণ আইনে সরকারকে ঋণ গ্রহণের ক্ষমতা দেওয়া হয়েছে। আইনে বলা হয়েছে, বাজেট ঘাটতি পূরণের লক্ষ্যে, ঘাটতি অর্থায়ন বা অন্য কোনো উদ্দেশ্যে দেশীয় বা বৈদেশিক উৎস থেকে দেশীয় বা বৈদেশিক মুদ্রায় সুদযুক্ত বা মুনাফাযুক্ত কিংবা সুদমুক্ত বা

৭-এর পাতায় দেখুন

## শিক্ষার্থীদের জীবনমান উন্নয়নে ঢাবি উপাচার্যের নির্দেশনা

**স্টাফ রিপোর্টার :** শিক্ষার্থীদের জীবনমান উন্নয়নে প্রতিষ্ঠানের বিভিন্ন হলের আবাসিক শিক্ষকদের নির্দেশনা দিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিভিন্ন হলের আবাসিক শিক্ষকদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ নির্দেশনা দেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ে প্রণীত নীতিমালা অনুযায়ী হলের সার্বিক কার্যক্রম পরিচালনার উপর গুরুত্বারোপ করে বলেন, আবাসিক হলে নিয়মিত মতবিনিময় সভার আয়োজন, ব্লক ভিজিট ও পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদের জীবন-মান উন্নয়নে আবাসিক শিক্ষকদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। সভায় আবাসিক হলসমূহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয় এবং হল প্রশাসনের সামগ্রিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করা

৭-এর পাতায় দেখুন

## মোংলা-খুলনা রেলপথের ৯৮ শতাংশ কাজ শেষ, অক্টোবরে চলবে ট্রেন

**স্টাফ রিপোর্টার :** আগামী অক্টোবরের শেষ সপ্তাহে চালু হতে যাচ্ছে দেশের দ্বিতীয় বৃহত্তম নৌবন্দর মোংলার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ আগামী অক্টোবরের শেষ সপ্তাহে চালু হতে যাচ্ছে দেশের দ্বিতীয় বৃহত্তম নৌবন্দর মোংলার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ আগামী অক্টোবরের শেষ সপ্তাহে চালু হতে যাচ্ছে দেশের দ্বিতীয় বৃহত্তম নৌবন্দর মোংলার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ। ইতোমধ্যে এই রেলপথের কাজ ৯৮ শতাংশ সম্পন্ন হয়েছে। এখন চলছে খুঁটিনাটি কাজ; যা চলতি মাসেই শেষ হওয়ার আশা করছেন প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা। তারা জানিয়েছেন, মোংলা-খুলনা রেলপথে ট্রেন চলাচল শুরু হলে মোংলা বন্দরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ব্যবসা-বাণিজ্যে নতুন দিগন্ত উন্মোচিত হবে। কারণ শুধু সারাদেশের সঙ্গে নয়, রেলপথটি আন্তর্জাতিক রেল রুট হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে তাদের। এর মধ্য দিয়ে বন্দরের ব্যবসা-বাণিজ্য গতিশীল হবে। মোংলা-খুলনা রেলপথের ৯৮ শতাংশ কাজ শেষ হয়েছে জানিয়ে প্রকল্পের পরিচালক মো. আরিফুজ্জামান বলেন, 'চলতি মাসে কাজ শেষ করার পরিকল্পনা রয়েছে

৭-এর পাতায় দেখুন

## রাজধানীতে মাদকবিরোধী অভিযানে গ্রেপ্তার ৪৫

**স্টাফ রিপোর্টার :** রাজধানীতে মাদকবিরোধী অভিযানে বিক্রি ও সেবনের অপরাধে ৪৫ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

গত শনিবার সকাল ৬টা থেকে গতকাল রোববার সকাল ৬টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) কে এন রায় নিয়তি জানান, আসামিদের কাছ থেকে এক হাজার ১০ পিস ইয়াবা, ৫৯.৭ গ্রাম ১৯৬ পুরিয়া হেরোইন, ১২ কেজি ১৫০ গ্রাম গাঁজা, ১০০ বোতল বিদেশি মদ, ২৫০ বোতল ফেনসিডিল ও ৭৮টি ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করা হয়। আসামিদের বিরুদ্ধে ডিএমপির থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৩৫টি মামলা দায়ের করা হয়েছে বলে জানান এডিসি রায় নিয়তি।

## রাজশাহীতে সাইকেল মিস্ত্রিকে কুপিয়ে হত্যা

**স্টাফ রিপোর্টার :** রাজশাহীর বাঘায় প্রকাশ্যে এক সাইকেল মিস্ত্রিকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল রোববার দুপুরে উপজেলার খাকচা গ্রামের মো. আলী (৪০) নামে ওই সাইকেল মিস্ত্রিকে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। এরপর লাশ ফেলে রেখে চলে যায়। নিহত মো. আলী রাজশাহীর বাঘা উপজেলার দিঘা হিন্দুপাড়া গ্রামের মৃত আক্কাছ আলীর ছেলে। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। বর্তমানে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হচ্ছে। লাশ ময়নাতদন্তের জন্য রাজশাহী মেডিকেল কলেজের মর্গে পাঠানো হবে বলে জানিয়েছে পুলিশ। নিহতের বড় ভাই কাইছার আলী জানান, তার ভাই খাকচার আলী দিঘা বাজারে বাইসাইকেল মেরামতের কাজ

৭-এর পাতায় দেখুন

## লেনদেন বেড়েছে

**স্টাফ রিপোর্টার :** শেয়ারবাজারে রোববার (১৭ সেপ্টেম্বর) সূচকের উত্থানের মধ্য দিয়ে লেনদেন শেষ হয়েছে। এদিন বাজারে লেনদেন আগের দিনের চেয়ে বেড়েছে। বাজারে অপরিবর্তিত ছিল অধিকাংশ কোম্পানির শেয়ার ও ইউনিট দর। বাজার পর্যালোচনায় দেখা গেছে, ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৯ পয়েন্ট বেড়ে ৬ হাজার ৩১১ পয়েন্টে অবস্থান করছে। ডিএসই শরীয়াহ সূচক ২ পয়েন্ট বেড়ে ১ হাজার ৩৬২ পয়েন্টে, ডিএস৩০ সূচক ৬ পয়েন্ট বেড়ে ২ হাজার ১৪০ পয়েন্টে দাঁড়িয়েছে। ডিএসইতে মোট ৩২৬টি কোম্পানির শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে দর বেড়েছে ৬৩টি কোম্পানির। এছাড়া দরপতন হয়েছে ৯৪টি কোম্পানির এবং অপরিবর্তিত রয়েছে ১৬৯টি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দর। ডিএসইতে মোট ৮৬৭ কোটি ৬৯ লাখ টাকা লেনদেন হয়েছে। আগের কার্যদিবসে লেনদেন হয়েছিল ৬৯৭ কোটি ৮ লাখ টাকা। এদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই)

৭-এর পাতায় দেখুন

## ৩ দিনের ডাটা প্যাকেজের মেয়াদ হবে ৭ দিন

**স্টাফ রিপোর্টার :** মোবাইল ইন্টারনেটের তিনদিনের প্যাকেজ তুলে দেওয়া হলেও গ্রাহকের সুবিধার্থে তা সাতদিন মেয়াদে ব্যবহারের সুযোগ রয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন -বিটিআরসি। গতকাল রোববার বিকেলে আগারগাঁওয়ে বিটিআরসি ভবনে 'মোবাইল ফোন অপারেটরসমূহের ডাটা এবং ডাটা সংশ্লিষ্ট প্যাকেজ সম্পর্কিত নতুন নির্দেশিকা-২০২৩' সংক্রান্ত সভায় এই ঘোষণা দেওয়া হয়। বিটিআরসি চেয়ারম্যান শ্যাম সুন্দর সিকদারের সভাপতিত্বে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন আহমেদ। মোবাইল অপারেটরদের সংগঠন এমটব

৭-এর পাতায় দেখুন

# সারাবছর যাওয়া যাবে সেন্টমার্টিন কক্সবাজারে উড়বে সি-প্লেন

**স্টাফ রিপোর্টার :** গুরুত্ব বাড়ছে পর্যটন খাতে, তাই পর্যটন নগরী কক্সবাজারে ব্যাপক উন্নয়নের কাজ করছে সরকার। এরই অংশ হিসেবে মালদ্বীপের আদলে সাজানো হচ্ছে দেশের একমাত্র প্রবালদ্বীপ সেন্টমার্টিন। কক্সবাজার থেকে সেন্টমার্টিনে সি-প্লেনের ব্যবস্থা করা হচ্ছে। এতে বছরজুড়ে পর্যটকরা সেখানে যেতে পারেন। তবে পরিবেশ-প্রতিবেশ রক্ষায় সীমিত পর্যটক সেখানে ভ্রমণে করতে পারবে। এজন্য পর্যটকদের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা হচ্ছে। এছাড়া কক্সবাজার টু মহেশখালী এবং কক্সবাজার টু টেকনাফ ক্যাবল কার স্থাপন করা হবে। এতে করে পর্যটন নগরী কক্সবাজারে ভ্রমণে আসা পর্যটকদের বিনোদনে যুক্ত হবে ভিন্ন মাত্রা। সরকারের এসব কাজে আশার আলো দেখতে পাচ্ছেন পর্যটন সংশ্লিষ্টরা। তারা বলছেন, এসব প্রস্তাব যেন ফাইল বন্দি না থাকে।

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের (কউক) চেয়ারম্যান কমডোর মোহাম্মদ নুরুল আবছার বলেন, 'প্রবাল দ্বীপ সেন্টমার্টিনের জন্য মাস্টারপ্ল্যান চলছে। সেন্টমার্টিনকে কিভাবে পরিবেশবান্ধব করা যায়, পর্যটকদের জন্য কিভাবে ভালো বিনোদনের ব্যবস্থা করা যায়, কিভাবে টেকসই পদ্ধতিতে বিভিন্ন সুযোগ-সুবিধা বাড়ানো যায়- এই পরিকল্পনা চলছে।' তিনি আরও বলেন, 'এরইমধ্যে মালদ্বীপের রিসোর্ট গ্রুপগুলোর সঙ্গে যোগাযোগ করা হচ্ছে, তাদের কাছ থেকে কারিগরি পরামর্শ নিয়ে সেন্টমার্টিন কিভাবে সাজানো যায় তারও চেষ্টা চলছে। এরই অংশ হিসেবে সরকার সি-প্লেন ও ক্রুজ চালুর পরিকল্পনা চলছে। এটি চালু হলে সারাবছর সেন্টমার্টিন যাওয়া যাবে। এখন মাত্র ৪-৫ মাস (পর্যটন মৌসুম) সেন্টমার্টিন যাওয়া যায়।' কক্সবাজারে ব্যাপক উন্নয়নের পরিকল্পনা হাতে নিয়েছে সরকার জানিয়ে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, 'এরমধ্যে কক্সবাজার টু মহেশখালী এবং কক্সবাজার টু টেকনাফ ক্যাবল কার স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি সাবরাং ট্যুরিজম পার্কে বিশাল আন্ডার সি অ্যাকুরিয়াম, সার্কুলার বাস টার্মিনাল, মেরিনা বে রিসোর্ট,

৭-এর পাতায় দেখুন

## নারায়ণগঞ্জে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার, স্ত্রী-দুই শ্যালক আটক

**স্টাফ রিপোর্টার :** নারায়ণগঞ্জ ফতুল্লার মধ্য নরসিংপুর এলাকা থেকে নূর ইসলাম নামে এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে ফতুল্লা মডেল থানা পুলিশ। গতকাল রোববার দুপুরে লাশটি উদ্ধার করে পুলিশ। মৃতের মাথায় ধারাল অস্ত্রের আঘাতের চিহ্ন ও গভীর ক্ষত রয়েছে। নিহত যুবককে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে হত্যা শেষে আত্মহত্যা বলে চালিয়ে দিতে লাশ বৈদ্যুতিক পাখার সঙ্গে ঝুলানো হয়েছে বলে ধারণা করছে পুলিশ। এ ঘটনায় স্ত্রী আসমা এবং দুই শ্যালক শাহজালাল ও মোজাফফরকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ। এ ছাড়া ঘটনাস্থল থেকে ধারাল দা ও দড়ি জব্দ করেছে পুলিশ। মৃত নূর ইসলাম শরিয়তপুরের ডামুইডা এলাকার আবদুল জলিল বেপারীর ছেলে। তিনি পেশায় ইলেকট্রিক মিস্ত্রি ছিল। তিনি মধ্য নরসিংপুর এলাকায় শ্বশুরবাড়িতে একটি জমিতে ঘর

৭-এর পাতায় দেখুন

## বাবা মারা যাওয়ার এক ঘণ্টা পর ছেলেরও মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** জামালপুর সদর উপজেলায় হার্ট অ্যাটাকে বাবা মারা যাওয়ার এক ঘণ্টা পর ছেলের মৃত্যু হয়েছে। গতকাল রোববার ভোরে উপজেলার ঘোড়াধাপ ইউনিয়নে এ ঘটনা ঘটে। মারা যাওয়া ব্যক্তিরা হলেন উপজেলার জোঁকা ব্যাপারী পাড়ার আহাদ আলী ব্যাপারী (৬৫) ও মন্টু ব্যাপারী (৩৫) স্থানীয় ও পরিবার সূত্র জানায়, ভোরে ফজরের নামাজ আদায় করার পর হার্ট অ্যাটাক করেন আহাদ আলী। এ সময় ছেলে মন্টু ব্যাপারী বাবাকে হাসপাতালে নিতে অটোরিকশার খোঁজে বের হন। পরে বাড়ি ফিরে দেখেন বাবা মারা গেছেন। এ সময় বাবার মৃত্যু সইতে না পেরে মন্টু বেপারীও হার্ট

৭-এর পাতায় দেখুন

লিবিয়ায় বন্যা

# একযুগের রাজনৈতিক বিভাজন ভুলে দুর্গতদের পাশে গোটা দেশ

**আন্তর্জাতিক ডেস্ক :** ২০১১ সালের বিপ্লবের পর সবচেয়ে বড় অনিশ্চয়তায় পড়েছে উত্তর আফ্রিকার দেশ লিবিয়া। এক যুগ আগে মুয়াম্মার গাদ্দাফিকে ক্ষমতাচ্যুত করার পর পূর্ব ও পশ্চিম দুই অংশে বিভক্ত হয়ে পড়ে লিবিয়া। গত ১০ সেপ্টেম্বর প্রাণঘাতী বন্যার পর সেই বিভাজন অনেকটায় কমে এসেছে। গত ১০ সেপ্টেম্বর পূর্ব লিবিয়ায় আঘাত হানে প্রাণঘাতী বন্যা। এতে এখন পর্যন্ত ১১ হাজার ৩০০ জনের মরদেহ উদ্ধার করেছে কর্তৃপক্ষ। নিখোঁজ আছেন হাজার হাজার মানুষ। রাজধানী ত্রিপোলি লিবিয়ার উত্তর-পশ্চিম অংশে অবস্থিত। শহরের বাসিন্দা মোহান্নাদ বেনৌর বলেন, 'ভয়ঙ্কর এই ট্র্যাজেডির কথা শোনার সঙ্গে সঙ্গে মানুষ সাহায্যের জন্য স্বতঃস্ফূর্ত প্রচার শুরু করে। এতে কোনও রাষ্ট্রের সমর্থন ছিল না।' তিনি বলেন, 'সোমবার থেকে প্রায় ৭০ হাজার দিনার (১৪ হাজার ৪০৯ ডলার) অনুদান পাঠানো হয়েছে। শুক্রবারেই ২০ হাজার দিনার (৪ হাজার ১৩১ ডলার) অনুদান জমা পড়েছে। খাদ্য, স্বাস্থ্যবিধি পণ্য, তোয়ালে, ওষুধের পাশাপাশি শিশু এবং নারীদের জন্য প্রয়োজনীয় সবকিছু দিচ্ছে মানুষ।' বন্যায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত উপকূলীয় শহর ডেরনা। ভূমধ্যসাগর ঘেঁষা শহরটি পরিণত হয়েছে মৃত্যুপুরীতে। দুটি বাঁধ ভেঙে তলিয়ে গেছে শহরটির বেশিরভাগ অংশ। ধ্বংস্তূপের নিচে এখনও চাপা আছে অনেক মানুষ।

৭-এর পাতায় দেখুন

## নাটোরে তারুণ্যের রোডমার্চে যেতে বাধা, মাইক্রোবাসে আগুন

**স্টাফ রিপোর্টার :** বগুড়ায় তারুণ্যের রোডমার্চে যাওয়ার সময় নাটোরের বিভিন্ন স্থানে বিএনপি নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে। গতকাল রোববার সকালে সরকার দলীয় নেতাকর্মীরা বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করে একটি মাইক্রোবাসে অগ্নিসংযোগ করে বলে অভিযোগ বিএনপি নেতাকর্মীদের। বিএনপির একাধিক সূত্র জানায়, সকাল থেকে নাটোরের বিভিন্ন এলাকায় অবস্থান নেয় সরকার দলীয় সমর্থকরা। এ সময় নাটোর-বগুড়া সড়কের দিঘাপতিয়া এলাকায় যাত্রীবাহী বাসসহ বিভিন্ন যানবাহন থামিয়ে তল্লাশি চালায় তারা। সেখানে একটি প্রাইভেটকার ভাঙচুরের অভিযোগ ওঠে। এ ছাড়া শহরের

৭-এর পাতায় দেখুন

কাঁচা শাক-সবজী সহ দিন দিন বেড়েই চলেছে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম। এতে হিমশিম খাচ্ছে সাধারণ নিম্ন আয়ের মানুষ। ছবিটি রোববার চট্টগ্রামের ঝাউতলা রেলওয়ে বাজার থেকে তোলা।

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

## নির্বাচন ছাড়া বিএনপির রক্ষা পাওয়ার

বিশ্বাস করে। সেই গণতন্ত্র বিশ্বাস করে বিদায় যেকোনো মার্চ তারা (বিএনপি) করতে পারে। আমি দোয়া করি যেন এ রোডমার্চ শান্তিপূর্ণ থাকে। এই রোডমার্চ করতে করতে যেন বাংলাদেশের মানুষ নির্বাচন করে ফেলে। তাদের যা যা করণীয় শান্তিপূর্ণভাবে করুক। বিএনপি তাদের ভুল পথচারীদের নির্বাচনের পথে এলে অভিনন্দন জানাব। নির্বাচন ছাড়া বিএনপির রক্ষা পাওয়ার, নিজেকে রক্ষা করার আর কোনো উপায় নেই।' আগুন কিভাবে লেগেছে তার জন্য মার্কেট কমিটিকে একটি তদন্ত কমিটি করার জন্য আহ্বান জানিয়ে তিনি বলেন, 'সরকারের তদন্ত কমিটির পাশাপাশি আপনারা একটি ছোট তদন্ত কমিটি করবেন। কিভাবে আগুন লেগেছে সেটি বের করবেন। কি দুর্বলতা ছিল?' ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি বলেন, 'যার যেখানে দোকান ছিল সেখানেই তাকে বরাদ্দ দিতে হবে। এখানে আমরা আকাশ কুসুম কল্পনা করতে চাই না। ছয় তলা, নয় তলা, ১৪ তলা মার্কেট কবে হবে। এই ভরসার জোরে মানুষগুলো অনিশ্চয়তায় থাকতে পারে না। দোকান মালিক, দোকানদাররা যা চাইবেন তাই হবে এর বাইরে কিছু হবে না। আমরা এর বাইরে কিছু করতে দেব না। মার্কেটটা হলো নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত ও নিম্ন আয়ের মানুষের মার্কেট। সেই প্রাণের মার্কেটটি পুড়ে গিয়েছে, আমাদের হৃদয় পুড়েছে।' দোকান বরাদ্দের প্রসঙ্গে নানক বলেন, 'এখানে কেউ বঞ্চিত হবে না। অসাধু চিন্তা বাস্তবায়নের কোনো সুযোগ নেই। আমি মেয়রের সঙ্গে আলাপ করব। সরকারের তরফ থেকে সকলকে বিষয়ে তদারকি করা হবে। প্রধানমন্ত্রী আজ নিউইয়র্কে গেছেন। তিনি দেশে ফিরলে তার সঙ্গে আমি এ বিষয়ে কথা বলব।'

এ সময় উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের ২৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সলিমুল্লাহ সলু, ৩২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ হাসান নূর ইসলাম রাষ্ট্রন, ৩৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আসিফ আহমেদ সরকার, আদাবর থানা যুবলীগের আহ্বায়ক আরিফুর রহমান তুহিন, ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সভাপতি রিয়াজ মাহমুদসহ স্থানীয় আওয়ামী লীগ নেতারাসহ কৃষি মার্কেটের বাজার কমিটির নেতারা উপস্থিত ছিলেন।

## মাদারীপুরে কুকুরের কামড়ে

হাবিব নামে একজন জানান, পাগলা কুকুরটি সামনে যাকে পাচ্ছে তাকেই কামড়াচ্ছে। কোনোভাবেই তাকে ঠেকানো যাচ্ছে না। তানিয়া নামে ভুক্তভোগী আরেকজন বলেন, একটি পাগলা কুকুরের কাছে আমরা অসহায়। কামড়ে মাংস ছিঁড়ে ফেলছে। এটার একটা ব্যবস্থা নেওয়া উচিত। অ্যাডভোকেট মাসুদ পারভেজ নামে একজন বলেন, এলাকায় কুকুরের কামড়ে গুরুতর আহত অন্তত ৪৫ জন। অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি। মাদারীপুর সদর হাসপাতালের মেডিকেল অফিসার রিয়াজ মাহমুদ বলেন, কুকুরের কামড়ে অর্ধশত রোগী এখানে চিকিৎসা নিয়েছে। প্রাথমিক চিকিৎসা দিয়ে অনেককেই ভর্তি করা হয়েছে। সবাইকে ভ্যাকসিন দেওয়া হচ্ছে।

## নিউ ইয়র্কের উদ্দেশে রওনা দিয়েছেন

ঘণ্টা যাত্রা বিরতির পর ফ্লাইটটি ১৭ সেপ্টেম্বর (নিউ ইয়র্ক সময়) রাত ১০টা ৫০ মিনিটে নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে। জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ আবদুল মুহিত এবং যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত মুহাম্মদ ইমরান বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাবেন। আগামী ১৭ থেকে ২২ সেপ্টেম্বর নিউইয়র্কে অবস্থানকালে ১৯ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী জাতিসংঘ সদর দফতরের সাধারণ পরিষদ হলে ৭৮তম সাধারণ পরিষদের অধিবেশনের উচ্চ-পর্যায়ের সাধারণ প্রথম দিনের বিতর্কে যোগ দেবেন এবং ২২ সেপ্টেম্বর স্থানীয় সময় দুপুর ১টা থেকে দুপুর ২টার মধ্যে তিনি ভাষণ দেবেন। ওইদিন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আয়োজিত নৈশভোজেও প্রধানমন্ত্রী যোগ দিবেন। সাধারণ পরিষদের অধিবেশনের পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকট এবং জলবায়ু পরিবর্তন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি), সার্বজনীন স্বাস্থ্য ও অর্থসহ বেশ কয়েকটি উচ্চ পর্যায়ের দ্বিপক্ষীয় ও সৌজন্যমূলক বৈঠকে অংশ নেবেন। এর আগে গত বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, 'সাধারণ বিতর্কে প্রধানমন্ত্রী তার ভাষণে বাংলাদেশের অবিশ্বাস্য উন্নয়ন অগ্রগতি, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক অগ্রগতি ও স্বাস্থ্য খাতে সাফল্যের পাশাপাশি বিশ্ব-শান্তি, নিরাপত্তা, নিরাপদ অভিবাসন, রোহিঙ্গা সংকট, জলবায়ু ও ন্যায়বিচার মতো বিষয়গুলো তুলে ধরবেন।' বিশ্ব নেতারা ৭৮তম ইউএনজিএ অধিবেশনে যোগদানের জন্য নিউইয়র্কে জমায়েত হবেন। আন্তর্জাতিক এই সম্মেলনে এবারের প্রতিপাদ্য হচ্ছে- 'বিশ্বাস পুনর্গঠন ও বিশ্ব সংহতির পুনরুদ্ধার : ২০৩০ এজেন্ডা বাস্তবায়নে ত্বরান্বিত পদক্ষেপ, টেকসই উন্নয়ন লক্ষে শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি এবং সবার জন্য স্থায়িত্বের দিকে।' ১৮ সেপ্টেম্বর নিউইয়র্কের রকফেলার সেন্টারে ইউএনআইডিও ও ডেলয়েট দ্বারা আয়োজিত 'খাদ্যের জন্য চিন্তা- খাদ্য সরবরাহ চেইন উদ্ভাবনের জন্য এসডিজিকে ত্বরান্বিত করার জন্য সহযোগিতা' শীর্ষক একটি উচ্চ-পর্যায়ের সম্মেলনে প্রধানমন্ত্রী মূল বক্তব্য দেবেন বলে আশা করা হচ্ছে। একই দিনে তিনি ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে 'এসডিজি সামিট-লিডার্স' ডায়ালগ ৪ (এসডিজি অর্জনের জন্য সমন্বিত নীতি ও পাবলিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করা)' শীর্ষক আরেকটি সম্মেলনেও ভাষণ দেবেন। ওইদিন সন্ধ্যায় প্রধানমন্ত্রী জাতিসংঘ মহাসচিবের বৈশ্বিক শিক্ষা বিষয়ক বিশেষ দূত ও বিশ্ব স্বাস্থ্য অর্থায়নের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থার রাষ্ট্রদূত গর্ডন ব্রাউন ও নিউইয়র্কের লেক্সিংটন ভেন্যুতে গ্লোবাল বিজনেস কোয়ালিশন ফর এডুকেশনের এক্সিকিউটিভ চেয়ার সারাহ ব্রাউন আয়োজিত জাতিসংঘের ২০২৩ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) শীর্ষ সম্মেলন উপলক্ষে একটি উচ্চ-পর্যায়ের ব্যক্তিগত নৈশভোজে যোগ দিতে পারেন। পরের দিন ১৯ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী জাতিসংঘের সদর দফতরের সিআর-১৬-এ স্পেনের প্রধানমন্ত্রী এবং ইউরোপীয় কাউন্সিল ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) এর সভাপতি কর্তৃক 'টুওয়ার্ডস এ নিউ ফেয়ার ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল আর্কিটেকচার' শীর্ষক একটি উচ্চ-পর্যায়ের গোলটেবিল বৈঠকেও ভাষণ দেবেন। একই দিন শেখ হাসিনা জাতিসংঘ সদর দফতরের সিআর-১১ এ বাংলাদেশ, অ্যান্টিগুয়া এবং বারবুডা, ভুটান, চীন, মালয়েশিয়া, চ্যাথাম হাউস এবং সুচনা ফাউন্ডেশনের সহ-আয়োজিত চিকিৎসা পরিষেবা ভিত্তিক কমিউনিটি ক্লিনিকের একটি উচ্চ-পর্যায়ের সাইড ইভেন্টেও যোগ দেবেন। ২০ সেপ্টেম্বর, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাথে 'টেকসই উন্নয়নের জন্য সাশ্রয়ী ও সহজলভ্য আন্তর্জাতিক পাবলিক ফাইন্যান্সিং বৃদ্ধি এবং দক্ষতা নিশ্চিতকরণ' শিরোনামে উন্নয়নের জন্য অর্থায়ন (এফএফডি) বিষয়ে ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে উচ্চ-পর্যায়ের বিতর্কে প্রধান বক্তা হিসেবে ভাষণ দেবেন। একই দিনে তিনি মহাসচিবের ক্লাইমেট অ্যাম্বিশন সামিট, যোগ দেবেন, মহামারী প্রতিরোধ, প্রস্তুতি ও প্রতিক্রিয়া সংক্রান্ত উচ্চ পর্যায়ের বৈঠক, নারী নেতাদের ইউএনজিএ প্লাটফর্মের বার্ষিক সভা, ক্লাইমেট অ্যামবিশন উচ্চতরের জন্য উচ্চ-স্তরের বিষয় ভিত্তিক সম্মেলনের পাশাপাশি ন্যাশনাল জুরিসডিকশনের বাইরের এলাকার সামুদ্রিক জীব বৈচিত্র্য আইনের উপর জাতিসংঘের কনভেনশনে যোগ দেবেন। ২১ সেপ্টেম্বর, বাংলাদেশ, কানাডা, গাম্বিয়া, মালয়েশিয়া, তুরস্ক, যুক্তরাজ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্র আয়োজিত রোহিঙ্গা সঙ্কট নিয়ে একটি উচ্চ-পর্যায়ের সাইড ইভেন্টে প্রধানমন্ত্রীর যোগদানের পাশাপাশি 'সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে সৃষ্ট হুমকি মোকাবেলা' শীর্ষক ব্রেকফাস্ট সামিটে এবং ইউনিভার্সাল হেলথ কভারেজ নিয়ে উচ্চ পর্যায়ের সভায় যোগ দেবেন। সফরকালে জাতিসংঘ মহাসচিব, জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার, জাতিসংঘ মহাসচিবের জেনোসাইড উপদেষ্টা, নবনির্বাচিত ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) মহাপরিচালক, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) মহাপরিচালক এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার মহাপরিচালক মহাসচিবের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন এবং শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহের সঙ্গে জাতিসংঘ সদর দফতরের দ্বিপাক্ষিক বুথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। প্রধানমন্ত্রী আগামী ২৩ সেপ্টেম্বর সকাল ৯টায় (নিউ ইয়র্ক সময়) ওয়াশিংটন ডিসির উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করবেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে ২৩ থেকে ২৯ সেপ্টেম্বর অবস্থান করবেন প্রধানমন্ত্রী। তারপর ২৯ সেপ্টেম্বর ব্রিটিশ এয়ারওয়েজের একটি ফ্লাইটে (বিএ-২৯২) রাত পৌনে ১১টায় (ওয়াশিংটন সময়) লন্ডনের উদ্দেশে ওয়াশিংটন ডিসি ত্যাগ করবেন এবং ৩০ সেপ্টেম্বর সকাল ১১টায় লন্ডনের হিথ্রো বিমানবন্দরে পৌঁছাবেন। বিমানবন্দরে তাকে স্বাগত জানাবেন যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম। প্রধানমন্ত্রী ৩ অক্টোবর রাত ৮টা ৩৫ মিনিটে (লন্ডন সময়) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের (বিজি ২০৮) একটি ফ্লাইটে লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা হবেন এবং ৪ অক্টোবর বেলা সাড়ে ১২টায় (বাংলাদেশ সময়) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন।

## ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ি চাপায়

অজ্ঞাত গাড়ি অটোরিকশাটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলে এক যাত্রী মারা যান। তিনি আরও বলেন, এ সময় স্থানীয়রা অটোরিকশার চালকসহ আহত আরও দুইজনকে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে। তবে কোন গাড়ি অটোরিকশাটিকে ধাক্কা দিয়েছে তা জানা যায়নি। নিহতের লাশ ময়নাতদন্তের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

*জমি নিয়ে সংঘর্ষে আহত যুবকের মৃত্যু:* ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর জমি নিয়ে দুই পক্ষের সংঘর্ষে মীর ফাহাদ (৩২) নামের আহত এক যুবক চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। গত শনিবার রাত ৯ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি উপজেলার সদর ইউনিয়নের পশ্চিমপাড়ার মীর মোশারফ হোসেনের ছেলে। পুলিশ ও স্থানীয়রা জানান, জমি নিয়ে বিরোধের জের ধরে গত ২ সেপ্টেম্বর গত শনিবার সকালে মীর মোশারফ হোসেন ও মীর জালালের মধ্যে বাগিবতণ্ডা হয়। এর পরপরই মীর জালালের লোকজন লাঠি নিয়ে মীর মোশারফ ও তার বড় ছেলে মীর ফাহাদের ওপর হামলা চালায়। এ সময় ফাহাদের মাথায় বল্লম দিয়ে আঘাত করলে তিনি মাটিতে লুঠিয়ে পড়েন। পরে গুরুতর আহত ফাহাদকে ওই দিনই ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গত শনিবার রাত নয়টার দিকে তিনি মারা যান। নাসিরনগর থানার ওসি মো. সোহাগ রানা জানান, নিহত যুবকের লাশ এখনো বাড়িতে আসেনি। প্রতিপক্ষের বাড়িতে হামলা ও লুটপাট ঠেকাতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। সংঘর্ষে সাথে জড়িত তিন আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। ওই মারামারির মামলাটি হত্যা মামলায় রূপান্তর হবে বলে জানান ওসি।

## বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন

শিক্ষা ব্যবস্থায় প্রাক-প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত প্রায় ৪ কোটি শিক্ষার্থী অধ্যয়নরত। এর মধ্যে প্রায় আড়াই কোটি শিক্ষার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান অধ্যায়নরত। বিশেষ করে ৫৩ হাজার কিন্ডারগার্টেনে প্রায় ৮ লাখ শিক্ষক এবং প্রায় ৪০ লাখ পরিবার এ সেক্টরের ওপর নির্ভরশীল। এ সেক্টরের পড়াশোনার মান যেমন ঈর্ষণীয় তেমনি শিক্ষা উদ্যোক্তার মাধ্যমে বেকারত্ব নিরসনে নিরলসভাবে কাজ করছে। তাই আমরা বেসরকারি প্রাথমিক বিদ্যালয় বিধিমালা ২০২৩ সংশোধনের দাবি জানাচ্ছি। তাদের দাবিগুলো হলো- কিন্ডারগার্টেন প্রতিষ্ঠানগুলো কিন্ডারগার্টেন স্কুল নামে নিবন্ধন করা; শিক্ষক নিয়োগবিধি শিথিল করা অথবা শিক্ষকদের বেতন সরকারি তহবিল থেকে প্রদান করা; কিন্ডারগার্টেনে স্কুল নীতিমালা প্রণয়নে কিন্ডারগার্টেন স্কুলের প্রতিনিধি রাখা। এছাড়া আরও বেশ কয়েকটি দাবি জানান তারা। বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল অ্যান্ড কলেজ অ্যাসোসিয়েশনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম খন্দকারের সভাপতিত্বে মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন কিন্ডারগার্টেন ও সমমনা স্কুল রক্ষা জাতীয় কমিটির সাবেক প্রধান সমন্বয়কারী মোহাম্মদ আবদুল অদুদ ও বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল অ্যান্ড কলেজ অ্যাসোসিয়েশনের মহাসচিব জি এম জাহাঙ্গীর কবির রানা।

## গম আনতে নতুন রুট দিয়ে

ঘোষণা করে, যা কৃষ্ণ সাগরের পশ্চিম উপকূলের খুব কাছে।

সঙ্গত, ইউক্রেন সূর্যমুখী তেল, বার্লি, ভুট্টা এবং গমের বিশ্বের বৃহত্তম সরবরাহকারী দেশ। কিন্তু ২০২২ সালের ফেব্রুয়ারিতে দেশটিতে আক্রমণ শুরু করে রাশিয়ার সেনাবাহিনী। এ সময় রুশ নৌবাহিনী ইউক্রেনের বন্দরগুলো অবরোধ করেছিল। ফলে বন্দরগুলোতে রফতানির জন্য অপেক্ষমাণ ২০ মিলিয়ন টন শস্য আটকে যায়।

এ কারণে বিশ্ব খাদ্যের দাম বেড়ে যায় এবং মধ্যপ্রাচ্য ও আফ্রিকান দেশগুলোতে খাদ্য ঘাটতির হুমকি দেখা দেয়, যারা ইউক্রেন থেকে উল্লেখযোগ্য পরিমাণে খাদ্য আমদানি করে থাকে।

## ডিএমপির দুই ডিসিকে বদলি

(ডিসি) মো. ফারুক হোসেন এ তথ্য জানান। তিনি বলেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার খন্দকার গোলাম ফারুক স্বাক্ষরিত এক অফিস আদেশে এ বদলি করা হয়।

ডিএমপির ৩ এডিসি ও ২ এসিকে বদলি: এদিকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) পদমর্যাদার তিনজন ও সহকারী পুলিশ কমিশনার (এসি) পদমর্যাদার দুইজন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। গতকাল রোববার ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার খন্দকার গোলাম ফারুকের সই করা এক অফিস আদেশে এ বদলি করা হয়। বদলি হওয়া কর্মকর্তাদের মধ্যে ডিএমপির লজিস্টিকস বিভাগের এডিসি মীর্জা সালাহউদ্দিনকে উত্তরা বিভাগের উত্তরা জোনে, লালবাগ বিভাগের কোতোয়ালি জোনের এডিসি মো. মুহিত কবীর সেরনিয়াবাতকে লজিস্টিকস বিভাগে, উত্তরা বিভাগের উত্তরা জোনের এডিসি মো. বদরুল হাসানকে লালবাগ বিভাগের কোতোয়ালি জোনে, গুলশান বিভাগের বাড্ডা জোনের এসি মোহাম্মদ তয়াছির জাহান বাবুকে ডিবি-তেজগাঁও বিভাগে ও ডিবি-তেজগাঁও বিভাগের এসি গুলশান বিভাগের বাড্ডা জোনে বদলি করা হয়েছে।

## ডিসিদের কাছে সার্ভে খতিয়ানের

হবে। এরই মধ্যে বর্ণিত সূত্রে এ সংক্রান্ত একটি পত্র প্রেরণ করা হয়েছিল। তবে সব উপজেলা থেকে এখনও সব তথ্য পাওয়া যায়নি। "এ অবস্থায় সার্ভে খতিয়ানের চাওয়া তথ্যগুলো সংযুক্ত এক্সেল শিট অনুসরণ করে সব উপজেলার জন্য প্রস্তুত করে আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে এ দপ্তরে কুরিয়ার অথবা ই-মেইল ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

## অবৈধ ক্লিনিক-হাসপাতালের বিরুদ্ধে

অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. আহমেদুল কবীর। তিনি বলেন, আমরা গত বছর যেসব প্রতিষ্ঠানের লাইসেন্স নেই, মেয়াদোত্তীর্ণ এবং অনিয়ম করছে তাদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছি। চলমান ডেঙ্গু পরিস্থিতিতে আবারও বিভিন্ন বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকের বিরুদ্ধে নানা অনিয়মের তথ্য পাচ্ছি। যারা এসব অনিয়মের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে আবারও ব্যবস্থা নেওয়া হবে। ডা. আহমেদুল কবীর বলেন, সোমবার থেকে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ফের অভিযানে নামবে স্বাস্থ্য অধিদপ্তর। এ-সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রান্তিক পর্যায় পর্যন্ত পৌঁছে দেওয়া হয়েছে। একযোগে সারাদেশে এ অভিযান পরিচালিত হবে। আইসিইউ প্রতারণার প্রসঙ্গে অতিরিক্ত মহাপরিচালক বলেন, ডেঙ্গু আক্রান্ত সব রোগীর জন্য নিবিড় পরিচর্যা কেন্দ্রের (আইসিইউ) সেবা লাগে না। কিন্তু কিছু ক্লিনিক যাদের আইসিইউ সুবিধা নেই, তারাও প্রতারণা করে রোগীদের আইসিইউতে রাখে। এসব বিষয় অধিদপ্তর নজর রাখছে। প্রতারণাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ডেঙ্গুরোগীদের ঢাকামুখী না হওয়ার আহ্বান জানিয়ে আহমেদুল কবীর বলেন, ঢাকার তুলনায় ঢাকার বাইরে ডেঙ্গু সংক্রমণ বাড়ছে। ডেঙ্গু বিষয়ে যে গাইডলাইন দেওয়া হয়েছে তা প্রান্তিক পর্যায়ে পৌঁছে গেছে। অযথা যেন কোনো রোগীকে ঢাকায় স্থানান্তর করা না হয় সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। দেশের সব এলাকায় ডেঙ্গুরোগীর চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। আমরা সব হেলথ কেয়ার প্রোভাইডারদের সঙ্গেও কথা বলেছি।

## ডেঙ্গু আক্রান্ত কোনো রোগীকে

দিয়েছি, কোথাও স্যালাইনের দাম বেশি রাখা হলে তাদের বিরুদ্ধে যেন ব্যবস্থা নেওয়া হয়। তিনি বলেন, কিছু ক্লিনিক এবং হাসপাতাল রোগীদের সঙ্গে প্রতারণা করছে। রোগীদের হাসপাতালে রাখছে এবং আইসিইউতে নিচ্ছে। এসব হাসপাতাল ও ক্লিনিকের বিরুদ্ধে এবং যেসব হাসপাতাল ও ক্লিনিকের নিবন্ধন নেই বা মেয়াদোত্তীর্ণ সেসব হাসপাতালের বিরুদ্ধে আমাদের অভিযান পরিচালিত হবে। ডা. আহমেদুল আরও বলেন, আমরা আমাদের রোগীদের জিম্মি করে কোনো অসাধু চক্রকে লাভবান হতে দেবো না। যারা এ ধরনের কাজ করছে তারা দেশপ্রেমিক না। তিনি বলেন, আমাদের স্যালাইনের সংকট হয়নি। বাংলাদেশে পেঁয়াজের মজুত থাকলেও সংকট দেখা দেয়। কেউ আর্টিফিশিয়াল কোনো সংকট যেন তৈরি করতে না পারে সে বিষয়ে আমরা ব্যবস্থা নিচ্ছি। আমরা বিদেশ থেকে তিন লাখ স্যালাইন আমদানি করছি।

## উল্টো পাইকারিতে বাড়তি

আকারের আলু ৫০ টাকা, এর চেয়ে একটু ছোট ৪৮ টাকা এবং ছোট আলু ৪৬ টাকা কেজিতে বিক্রি করছেন তিনি। একই দোকানে প্রতিকেজি পেঁয়াজ ৭৫ থেকে ৮০ টাকায় বিক্রি হচ্ছে। সরকার নির্ধারিত দরের চেয়ে আলুর দাম বেশি চাওয়ায় দোকানি মামুনের কাছে এর কারণ জানতে চান দেলোয়ার হোসেন নামের এক ক্রেতা। এসময় মামুন বলেন, 'বৃহস্পতিবার দাম ঘোষণার পর পাল্লায় ২ থেকে ৫ টাকা বেড়েছে। প্রতি পাল্লা (৫ কেজি) ২২০-২৪০ টাকায় কিনতে হচ্ছে। আগে যা ছিল ২১৮-২৩৫ টাকা।' জবাব শুনে দেলোয়ার বলেন, 'এটাই চলছে। খুচরা পাইকারকে দোষ দেয়, আর পাইকার খুচরাকে। মাঝখান দিয়ে ক্রেতার পকেট কাটা যায়। নজরদারি আর ভ্রাম্যমাণ আদালত ছাড়া নির্ধারিত দামে এসব পণ্য পাওয়া সম্ভব না। চিনি, তেলের ক্ষেত্রেও একই অবস্থা দেখেছি।'

সরদার ট্রেডার্সের স্বত্বাধিকারী সরদার আলী আজম বলেন, 'পেঁয়াজের কেজি ৬৪ টাকা নির্ধারণ করা হয়েছে। কীভাবে এটা করা হলো- আমার মাথায় আসে না। কারণ পাইকারিতে আমাদের কেনা ৭৫ টাকার ওপরে।'

গত বৃহস্পতিবার বাণিজ্য মন্ত্রণালয় ৩ পণ্যের যে দাম ঘোষণা করেছে, তা কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করেই নির্ধারণ করা হয়েছে বলে জানান বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। কৃষি বিপণন আইন, ২০১৮এর ক্ষমতাবলে দাম বেঁধে দেওয়া হয়েছে উল্লেখ করে তিনি বলেন, 'এতদিন আমরা কৃষিপণ্যের দাম নির্ধারণ করে দেইনি। এই প্রথম তা করে দিলাম। সবকিছু বিবেচনায় নিয়েই তা করা হয়েছে। আশা করছি এটা বাস্তবায়ন করতে পারবো।'

## মধ্যরাতে গৃহবধূর ঘরে প্রেমিক

গৃহবধূর ঘরে যাতায়াত করতেন। গত শনিবার দিবাগত মধ্যরাতে গৃহবধূর ঘরে প্রবেশ করেন কছিম উদ্দিন। বিষয়টি টের পেয়ে গৃহবধূর শ্বশুর আমির আলী ওই ঘরের দরজা বন্ধ করে প্রতিবেশীদের খবর দেন। এ সময় ঘরের দরজা ভেঙে কছিম উদ্দিন বাইরে বের হতে চেষ্টা করলে আমির আলীর সঙ্গে ধস্তাধস্তির ঘটনা ঘটে। এতে বুকে আঘাত পেয়ে ঘটনাস্থলেই মারা যান গৃহবধূর শ্বশুর আমির আলী। স্থানীয়রা কছিম উদ্দিনকে আটক করে পুলিশে সোপর্দ করেন। জিজ্ঞাসাবাদের জন্য ওই গৃহবধূকে আটক করে থানায় নিয়ে আসা হয়েছে। আমির আলীর লাশ উদ্ধার করে লালমনিরহাট সদর হাসপাতাল মর্গে পাঠায় পুলিশ। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে বলে নিহতের পরিবার সূত্রে জানা গেছে। ঘটনাস্থলে উপস্থিত হাতীবান্ধা থানা ওসি শাহ আলম জানান, গৃহবধূকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## দেশের উন্নয়নে সবাইকে অংশ নিতে

কাউন্সিলরদের উদ্দেশে মন্ত্রী বলেন, আপনাদের নিজ নিজ এলাকায় সঠিক পরিকল্পনার মাধ্যমে নগরায়ন হলে তার সুবিধা সবাই ভোগ করবে। অপরিকল্পিত নগরায়ন হলে তা যেমনি টেকসই হয় না, তেমনি তাতে মানুষের ভোগান্তি বাড়ে। এক্ষেত্রে কাউন্সিলরদের নিজ নিজ এলাকার উন্নয়নে আরও আন্তরিক হয়ে কাজ করতে হবে। বিশ্বায়নের এই যুগে মানুষ একা বেঁচে থাকতে পারে না উল্লেখ করে তিনি বলেন, সবাইকে সঙ্গে নিয়ে আমাদের টিকে থাকতে হবে। ডেঙ্গু রোগের উদাহরণ টেনে তিনি বলেন, আপনি একা সচেতন হলে সামগ্রিকভাবে তা ডেঙ্গু প্রতিরোধে কার্যকর হচ্ছে না। পাড়া-প্রতিবেশী থেকে শুরু করে সবাই যখন পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেবে তখনই ডেঙ্গুর মতো রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা সম্ভব। স্থানীয় সরকার বিভাগের সচিব মুহাম্মদ ইবরাহিম কাউন্সিলরদের উদ্দেশে বলেন, এই প্রশিক্ষণে মাঠ পর্যায়ে পরিদর্শনের অংশ হিসেবে গাজীপুর সিটি করপোরেশনের কাউন্সিলরদের রাজশাহী সিটি করপোরেশনে ভ্রমণের সুযোগ রাখা হয়েছে। এই প্রশিক্ষণের মাধ্যমে কাউন্সিলরদের নিজেদের মধ্যে আন্তঃসম্পর্কের উন্নয়ন হবে। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর সিটি করপোরেশনের মেয়র জায়েদা খাতুন। এতে স্বাগত বক্তব্য রাখেন জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের মহাপরিচালক সালেহ আহমেদ মোজাফফর, সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের সচিব মুহাম্মদ ইবরাহিম।

## তাপপ্রবাহের বিস্তার কমতে পারে

তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি অবস্থায় রয়েছে। ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছুকিছু জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সোমবারের পূর্বাভাসে বলা হয়েছে, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের কিছুকিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সে সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সারা দেশে দিনের তাপমাত্রা ১-৩ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। মঙ্গলবারের পূর্বাভাসে বলা হয়েছে, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেসঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। বর্ধিত পাঁচ দিনে আবহাওয়ার সামান্য পরিবর্তন হতে পারে।

## যত অপপ্রচারই হোক আওয়ামী

মন্ত্রী তার নিজের বিদ্যাপীঠ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের মধ্যে কানাডায় বসবাসরতদের সঙ্গে সকালের নাশতা ও সভায় যোগ দেন। প্রবাসে বসবাসরত প্রত্যেক বাংলাদেশিকে দেশের দূত হিসেবে অভিহিত করে হাছান মাহমুদ বলেন, শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের বিস্ময়কর অগ্রগতিতে প্রবাসী বাংলাদেশিদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। প্রবাসীদের কানাডার মূলধারার রাজনীতিতে সক্রিয় হওয়ার পরামর্শ দিয়ে তিনি বলেন, কানাডার মূলধারার রাজনীতিতে সম্পৃক্ত এবং সক্রিয় হয়ে আপনারা বাংলাদেশের উন্নয়নে আরও বেশি অবদান রাখতে পারবেন। কানাডাপ্রবাসী মোহাম্মদ আমিন মিয়া, শাহাবুদ্দিন আহমেদ, শওগাত আলী সাগর, গিয়াসউদ্দিন আহমেদ, শফি আহমেদ, এ এম এম তোহা, সাজ্জাদ হোসাইন, জহিরুল হক চৌধুরী, কাজী জহিরউদ্দিন, মিনারা বেগম প্রমুখ আলোচনায় অংশ নেন।

## ঢাকাসহ পার্শ্ববর্তী এলাকায়

দশমিক ৫ মাত্রা ও ৫ মে ৪ দশমিক ৩ মাত্রার ভূমিকম্প হয়। এগুলোর মধ্যে দুটির ভূমিকম্পের উৎপত্তিস্থল দেশের ভেতরে।

**চট্টগ্রামে বৃদ্ধের ঝলসানো লাশ উদ্ধার**

**স্টাফ রিপোর্টার :** চট্টগ্রামের পটিয়ায় পুকুরের পাড়ে ঝলসে যাওয়া অবস্থায় মনির আহমদ (৭০) নামে এক বৃদ্ধের লাশ উদ্ধার করেছে পুলিশ। গত শনিবার রাতে পটিয়া পৌর এলাকার ৯ নম্বর ওয়ার্ড থেকে লাশটি উদ্ধার করে পুলিশ। মনির আহমদ পৌরসভার উত্তর গোবিন্দারখীল ইঞ্জিনিয়ার নুরুল আলম চৌধুরী বাড়ির মৃত আবদুর রশীদের ছেলে। পটিয়া থানার ওসি প্রিটন সরকার বলেন, পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড থেকে দগ্ধ এক বৃদ্ধের লাশ উদ্ধার করা হয়েছে। সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। ময়নাতদন্তের জন্য লাশ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

## টাঙ্গাইলে পুকুর থেকে ২ শিশুর লাশ উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** টাঙ্গাইলের সখীপুরে নিখোঁজ হওয়ার আট ঘণ্টা পর মিম (৯) ও ঝুমা (৯) নামে দুই শিশুর লাশ পাওয়া গেল পুকুরে। গত শনিবার রাত ১০টার দিকে উপজেলার হতেয়া পশ্চিমপাড়া এলাকায় বাড়ির পাশে একটি পুকুর থেকে শিশু দুটির লাশ উদ্ধার করা হয়। সখীপুর থানার ওসি মো. রেজাউল করিম বলেন, শিশু দুটির নিখোঁজ হওয়ার খবর পেয়েই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। নিহত মিম ওই এলাকার কামরুল হাসান এবং ঝুমা বাবুল মিয়ার মেয়ে। তারা দুজনই হতেয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিল। নিখোঁজ দুই শিশুর পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, মিম ও ঝুমা গত শনিবার দুপুরের খাবার খেয়ে খেলতে বের হয়। কিন্তু সন্ধ্যার পরও বাড়ি ফিরে না আসায় তাদের খোঁজাখুঁজি শুরু হয়। রাত পৌনে ১০টা পর্যন্তও তাদের খোঁজ মেলেনি। পরে বাড়ির উত্তর পাশে পুকুরে জাল ফেললে উঠে আসে তাদের লাশ। হতেয়া-রাজাবাড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হুমায়ুন খান বলেন, ঘটনা জানতে পেরেই আমরা এলাকায় মাইকিং করেছি। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণার পাশাপাশি আশপাশের এলাকায় খোঁজাখুঁজি করেছি। পরে পুকুর থেকে তাদের লাশ উদ্ধার করা হয়েছে।

## নীলফামারীতে টিভি মেকানিকের লাশ উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** নীলফামারীর সৈয়দপুরে নিজ দোকানের ভেতর থেকে এক টিভি মেকানিকের লাশ উদ্ধার করা হয়েছে। গত শনিবার সন্ধ্যায় সৈয়দপুর শহরের এক নম্বর রেলগুমটি সংলগ্ন রেললাইনের পাশে একটি টেলিভিশন সার্ভিসের দোকান থেকে লাশটি উদ্ধার করে পুলিশ। বিষয়টি নিশ্চিত করে সৈয়দপুর থানার ওসি সাইফুল ইসলাম জানান, মরদেহের গলায় ও ঘাড়ে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। টিভি মেকার শহিদুল ইসলাম (৪৫) রংপুরের বদরগঞ্জের আলমপুর এলাকার মৃত হাসমত আলীর ছেলে। তিনি স্ত্রী ও ছোট মেয়েসহ সৈয়দপুর শহরের মুন্সিপাড়া এলাকায় ভাড়া বাসায় থাকতেন। একাদশ শ্রেণিতে পড়ুয়া তাঁর বড় ছেলে নানার বাড়িতে থাকে। শহিদুলের স্ত্রী বেবী নাজনীন জানান, তার স্বামী দোকানে যাওয়ার কথা বলে ভোরে বাসা থেকে বের হন। পরে বিকেল সাড়ে ৫টার দিকে আশপাশের মানুষজনের কাছ থেকে খবর পেয়ে দোকানে যান। সেখানে গিয়ে দেখেন দোকানের দুটি ঝাঁপ বন্ধ, তবে একটি আংশিক খোলা ছিল। ভেতরে ঢুকে দেখা যায় তার (শহিদুল) লাশ একটি টুলের ওপর পড়ে আছে। পরে লাশটি উদ্ধার করে বাড়িতে নিয়ে যান। ওসি সাইফুল ইসলাম বলেন, অস্বাভাবিক মৃত্যুর খবর পেয়ে বাড়ি থেকে লাশ উদ্ধার করে সৈয়দপুর থানায় নিয়ে আসা হয়। পরে ময়নাতদন্তের জন্য লাশ মর্গে পাঠানো হয়েছে। মরদেহের প্রাথমিক সুরতহাল প্রতিবেদন করা হয়েছে। এতে গলায় ও ঘাড়ে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর কারণ জানা যাবে।

## হবিগঞ্জে পানিতে ডুবে ২ শিশুর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** হবিগঞ্জের মাধবপুর উপজেলায় পৃথক ঘটনায় পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। গত শনিবার বিকেলে এ ঘটনা ঘটে। মাধবপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. এ এইচ এম ইশতিয়াক মামুন সত্যতা নিশ্চিত করেছেন। মৃত দুই শিশু হলো- মাধবপুর উপজেলার ছাতিয়াইন ইউনিয়নের দাসপাড়া গ্রামের স্বপন মিয়ার মেয়ে ফাতেমা বেগম (৪) ও ইটাখোলা গ্রামের রুবেশ দেবনাথের মেয়ে নিলিমা দেবনাথ (২)। দুই শিশুর পরিবারের বরাত দিয়ে ডা. ইশতিয়াক মামুন জানান, ফাতেমা খেলা করার সময় তাদের বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। পরে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে তাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক। এদিকে পরিবারের সবার অগোচরে পানিতে পড়ে যায় শিশু নীলিমা। পরে তাকেও উদ্ধার করে মৃত অবস্থায় হাসপাতালে নেওয়া হয় বলেও জানান ডা. ইশতিয়াক মামুন।

## লালমনিরহাটে ট্রাক চাপায় সাংবাদিক নিহত

**স্টাফ রিপোর্টার :** লালমনিরহাটের আদিতমারী উপজেলায় ট্রাকের চাকায় ইউনুস আলী(৪৫) নামে এক সাংবাদিক নিহত হয়েছেন। গত শনিবার রাত ৮টার দিকে লালমনিরহাট বুড়িমারী মহাসড়কে উপজেলার সারপুকুর ইউনিয়নের বিদ্যুৎ স্টেশন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সাংবাদিক ইউনুস আলী হাতীবান্ধা উপজেলার টংভাঙ্গা ইউনিয়নের পশ্চিম বেজগ্রামের মোজাম্মেল হকের ছেলে। তিনি সময়ের কণ্ঠস্বর ও স্বদেশ প্রতিদিন নামে দুইটি পত্রিকার লালমনিরহাট প্রতিনিধি। তিনি লালমনিরহাট জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি। পুলিশ ও স্থানীয়রা জানান, লালমনিরহাট জেলা জাতীয় পার্টির দ্বি-বার্ষিক সম্মেলনের সংবাদ পরিবেশন শেষ করে মোটর সাইকেল যোগে হাতীবান্ধা ফিরছিলেন সাংবাদিক ইউনুস আলী। বিদ্যুৎ স্টেশন এলাকায় পৌঁছলে বুড়িমারী থেকে আসা পণ্যবাহী ট্রাক (ঢাকা মেট্রো ট -২০-০১২০) তাকে ধাক্কা দেয়। এ সময় ট্রাকের চাকার নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান সাংবাদিক ইউনুস আলী। স্থানীয়রা ঘাতক ট্রাকটি আটক করে পুলিশে সোপর্দ করে। আদিতমারী থানা ওসি মোজাম্মেল হক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এ দিকে এ ঘটনার বিচার ও নিরাপদ সড়ক নিশ্চিতের দাবিতে তাৎক্ষণিক ভাবে ঘটনাস্থলেই মহাসড়ক অবরোধ করে নিহত ইউনুস আলীর সহকর্মী সাংবাদিকরা। ফলে লালমনিরহাট বুড়িমারী মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

## ঢাকা মেডিকেলে কারাবন্দি আসামির মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** ঢাকা কেন্দ্রীয় কারাগারে (কেরানীগঞ্জ) বন্দি আবদুল কুদ্দুস(৭৫) নামে এক ব্যক্তি ঢাকা মেডিকেলে হাসপাতালে মারা গেছে। গত শনিবার রাত সোয়া ৯টার দিকে কারারক্ষীরা ওই বন্দিকে অচেতন অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকের বরাত দিয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইরচার্জ (পরিদর্শক) মোঃ বাচ্চু মিয়া মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, অচেতন অবস্থায় কারারক্ষীরা কারা চিকিৎসকের পরামর্শে হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। মৃতদেহ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে। জানা গেছে আবদুল কুদ্দুস হত্যা মামলার মৃত্যুদণ্ড প্রাপ্ত আসামি ছিলেন। তার বাবার নাম নায়েব আলী। তার কয়েদি নাম্বার ৭৭৪২/এ।

## নেত্রকোনায় গরু বাঁধা নিয়ে দ্বন্দ্ব প্রতিপক্ষের হামলায় বৃদ্ধার মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** নেত্রকোনায় জমি নিয়ে বিরোধ ও আঙিনায় গাছের সঙ্গে গরু বাঁধাকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় সুফিয়া আক্তার (৬০) নামে বৃদ্ধা নিহত হয়েছেন। গত শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে কেন্দুয়া উপজেলার নওপাড়া ইউনিয়নের পাঁচহার বড়বাড়ি গ্রামে এ ঘটনা ঘটে। সুফিয়া পাঁচহার বড়বাড়ি গ্রামের নূর উদ্দিনের স্ত্রী। ঘটনার খবর পেয়ে স্থানীয় থানা পুলিশ সন্ধ্যায় কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে নিহতের লাশ থানায় নিয়ে আসে। নিহতের পরিবার ও স্থানীয়দের বরাতে পুলিশ জানান, বাড়ির জায়গা নিয়ে দীর্ঘদিন ধরে প্রতিবেশি আঙ্গুর মিয়ার সঙ্গে সুফিয়া আক্তারের বিরোধ চলে আসছিল। এ ঘটনায় বছরখানেক আগে প্রতিপক্ষের লোকজন সুফিয়াকে একবার মারধরও করে। এদিকে গত শনিবার বিকেলে বাড়ির আঙিনায় একটি গাছের সঙ্গে গরু বাঁধাকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে প্রতিপক্ষের লোকজন হামলায় সুফিয়া গুরুত্বর আহত হন। তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। কেন্দুয়া থানার ওসি মো. আলী হোসেন এসব তথ্য নিশ্চিত করে বলেন, ময়নাতদন্তের জন্য লাশটি নেত্রকোনা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

## সিলেটে সড়ক দুর্ঘটনায় ইউপি চেয়ারম্যানের মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** সিলেটে দাঁড়িয়ে থাকা ট্রাকে মোটরসাইকেলের ধাক্কায় ইউপি চেয়ারম্যানসহ দুজন নিহত হয়েছেন। গত শনিবার দিবাগত রাত ১টার দিকে সিলেট-কোম্পানীগঞ্জ সড়কের সালুটিকর মিত্রিমহল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- সিলেট সদর উপজেলার জালালাবাদ ইউনিয়নের চেয়ারম্যান মো. ওবায়দুল্লাহ ইসহাক ও সিলেট স্টেডিয়াম মার্কেটের ব্যবসায়ী এম হাফিজুর রশীদ।

## বরিশালে ডাকাতির প্রস্তুতিকালে হত্যা মামলার আসামিসহ গ্রেপ্তার ৭

**স্টাফ রিপোর্টার :** বরিশালের মুলাদীতে হত্যা মামলার আসামিসহ সাতজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। গতকাল রোববার বেলা ১১টায় বরিশাল পুলিশ সুপার কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান পুলিশ সুপার ওয়াহিদুল ইসলাম। গ্রেপ্তাররা হলেন- মুলাদী উপজেলার কাজিরচর ইউনিয়নের চর কমিশনার গ্রামের আবুল কালাম সরদারের দুই ছেলে মো. কামাল সরদার (৪০) ও মো. জামাল সরদার (৩৫), একই এলাকার মুজাহার সরদারের ছেলে মো. মানিক সরদার (৪২), ভোলা সদর উপজেলার রাজাপুর ইউনিয়নের কন্দ্রকপুর গ্রামের মো. আলম মীর (৫০), মো. মাসুম সরদার (২৬), মো. জুয়েল বেপারী (৩৫), এবং মো. মেহেদী হাসান মাঝি (২২)।

## তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক মানদণ্ডে

সেবাকর্মীরাও পরোক্ষ ধূমপানের শিকার হন। থাইল্যান্ড, নেপাল, আফগানিস্তানসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশকিছু দেশ ধূমপানমুক্ত পরিবেশ সূচকে ভালো করলেও বাংলাদেশ এ ক্ষেত্রে অনেকটাই পিছিয়ে রয়েছে। তবে ডিএসএ বাতিলের প্রস্তাব সম্বলিত খসড়া সংশোধনীটি পাশ হলে বাংলাদেশও এসব দেশের কাতারে পৌঁছাবে। প্রতিবেদন অনুযায়ী, তামাকপণ্যের বিজ্ঞাপন ও প্রচারণা বন্ধের ক্ষেত্রেও বাংলাদেশ মাঝামাঝি অবস্থানে রয়েছে। তবে খসড়া সংশোধনী অনুযায়ী বিক্রয়স্থলে তামাকজাত দ্রব্য প্রদর্শন এবং তামাক কোম্পানির সিএসআর কার্যক্রম পরিচালনার সুযোগ বন্ধ হলে বাংলাদেশ এ ক্ষেত্রে আরো ভালো করবে। ইতোমধ্যে বিশ্বের ৫০টি দেশ বিক্রয়স্থলে তামাকজাত দ্রব্যের প্রদর্শন নিষিদ্ধ করেছে এবং ৬২টি দেশ তামাক কোম্পানির সিএসআর কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী আলোচকরা বলেন, প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ অর্জনের লক্ষ্যে এফসিটিসির আলোকে তামাক নিয়ন্ত্রণ আইন শক্তিশালী করার নির্দেশনা প্রদান করেন। এই প্রেক্ষাপটে স্বাস্থ্য মন্ত্রণালয় আইন সংশোধনের উদ্যোগ গ্রহণ করে। খসড়া সংশোধনীটি বর্তমানে মন্ত্রিসভার অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এটি দ্রুত মন্ত্রিসভার বৈঠকে উত্থাপন করার আহ্বান জানান তারা। ভার্চুয়াল বৈঠকে বিশিষ্ট অর্থনীতিবিদ জাতীয় তামাকবিরোধী মঞ্চের আহ্বায়ক ড. কাজী খলীকুজ্জমান আহমদ বলেন, শতভাগ ধূমপানমুক্ত পরিবেশ অর্জনে আমরা আফগানিস্তান ও নেপালের চেয়ে পিছিয়ে আছি, আমাদের লজ্জিত হওয়া উচিত। আইনের খসড়া সংশোধনীটি যাতে দ্রুত পাশ হয় সে বিষয়ে আমাদের কাজ করে যেতে হবে, হতাশ হওয়া চলবে না। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী (অতিরিক্ত সচিব) হোসেন আলী খোন্দকার বলেন, আইনের খসড়ায় যেসব প্রস্তাবনা আমরা রেখেছি সেগুলো পাশ করতে পারলে ডব্লিওএইচওর পরবর্তী প্রতিবেদনে আমাদেরও অগ্রগতি হবে। তবে তামাক কোম্পানিগুলো এই অগ্রগতি থামিয়ে দেওয়ার চেষ্টা করছে। আমাদের এ বিষয়ে সচেতন থাকতে হবে। সিটিএফকে এর বাংলাদেশ লিড পলিসি অ্যাডভাইজার মো. মোস্তাফিজুর রহমান বলেন, কোনো তামাক কোম্পানির নৈতিক অধিকার নেই অধূমপায়ীকে ক্ষতিগ্রস্ত করা। ধূমপানের জন্য নির্ধারিত এলাকা বাতিল সংবলিত আইনের খসড়া সংশোধনী দ্রুত পাশ করতে হবে। জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি ও সাংবাদিক মিনার মনসুর বলেন, তামাক নিয়ন্ত্রণের জন্য একটি শক্তিশালী আইনগত ভিত্তি তৈরির পাশাপাশি জনসচেতনতা সৃষ্টি করতে হবে। ডব্লিওএইচও বাংলাদেশ অফিসের ন্যাশনাল প্রফেশনাল অফিসার ডা. সৈয়দ মাহফুজুল হক বলেন, খসড়া সংশোধনীতে যেসব ধারা সংযুক্ত করা হয়েছে সেগুলোসহ আইনটি পাশ হলে বাংলাদেশও সর্বোচ্চ মানদণ্ড অর্জনকারী দেশগুলোর কাতারে পৌঁছার ক্ষেত্রে এগিয়ে যাবে। নিউজ টুয়েন্টিফোরের প্রধান বার্তা সম্পাদক ও কথাসাহিত্যিক শাহনাজ মুন্নী বলেন, হোটেল-রেস্তোরাঁয় আমরা প্রতিনিয়ত পরোক্ষ ধূমপানের শিকার হচ্ছি। ধূমপানের জন্য নির্ধারিত এলাকা না থাকায় এটি ঘটছে। এই বিধান বাতিল করতে হবে। প্রজ্ঞার কোঅর্ডিনেটর সাদিয়া গালিবা প্রভার সঞ্চালনায় ভার্চুয়াল বৈঠকে মূল উপস্থাপনা তুলে ধরেন কর্মসূচি প্রধান হাসান শাহরিয়ার। অনুষ্ঠানে আত্মার কনভেনর মর্তুজা হায়দার লিটন, প্রজ্ঞার নির্বাহী পরিচালক এবিএম জুবায়েরসহ বিভিন্ন তামাকবিরোধী সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। উল্লেখ্য, গ্লোবাল অ্যাডাল্ট টোব্যাকো সার্ভে (গ্যাটস) ২০১৭ অনুযায়ী, বাংলাদেশে আচ্ছাদিত কর্মস্থলে কাজ করেন এমন প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠির ৪২.৭ শতাংশ এবং গণপরিবহনে যাতায়াতের সময় প্রায় ২ কোটি ৫০ লাখ প্রাপ্তবয়স্ক মানুষ পরোক্ষ ধূমপানের শিকার হন। প্রায় ৬১ হাজার শিশু পরোক্ষ ধূমপানজনিত বিভিন্ন অসুখে ভোগে। তামাক ব্যবহারজনিত রোগে দেশে প্রতিদিন গড়ে ৪৪২জন মানুষ প্রাণ হারান।

## রপ্তানিতে এগিয়ে টি-শার্ট-সোয়েটার

আর ২০২১-২২ অর্থবছরে ওভেনের তুলনায় নিট পোশাক বিক্রি বেশি হয়েছে ৩৮২ কোটি ডলার। প্রায় দুই যুগ ধরে প্রতি অর্থবছর পোশাক রপ্তানিতে নিটের চেয়ে ওভেনের হিস্যা বেশি ছিল। ২০১৮-১৯ অর্থবছরে ওভেন পোশাক বিক্রি নিটের তুলনায় ৩৬ কোটি ডলার বেশি ছিল। ২০১৭-১৮ অর্থবছরে যা ছিল ২৪ কোটি ডলার। পোশাক রপ্তানি শুরুর দিক থেকেই ওভেনের অংশ বেশি ছিল। ১৯৯২-৯৩ অর্থবছরে ১২০ কোটি ডলারের ওভেন পোশাক রপ্তানির বিপরীতে নিটের পরিমাণ ছিল মাত্র ২০ কোটি ডলার। নিট পোশাকের প্রধান পাঁচ পণ্য হচ্ছে- টি-শার্ট, পলো শার্ট, ট্রাউজার, সোয়েটার ও জ্যাকেট। চলতি অর্থবছরের (২০২৩-২৪) দুই মাস জুলাই ও আগস্টে ৭৯৯ কোটি ৮৫ লাখ ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এই রপ্তানি গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১২ দশমিক ৪৬ শতাংশ বেশি। তৈরি পোশাক খাতের মধ্যে নিট পোশাক রপ্তানিতে প্রবৃদ্ধি ১৭ শতাংশ আর ওভেন পোশাকের প্রবৃদ্ধি ৬ দশমিক ৮৬ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই ও আগস্ট মাসে নিট পোশাক রপ্তানি হয়েছে ৪৫৮ কোটি ডলার, আর ওভেন ৩৫৯ কোটি ডলার। অর্থাৎ নিট পোশাক বিক্রি বেশি হয়েছে প্রায় ৯৯ কোটি ডলার। এ প্রসঙ্গে ফতুল্লা অ্যাপারেলসের স্বত্বাধিকারী ফজলে শামীম এহসান বলেন, 'নিউ নরমাল পরিস্থিতিতে (করোনা পরবর্তী সময়) সারাবিশ্বেই নিট জাতীয় পোশাকের চাহিদা বাড়তে শুরু করে। এখনো সেই ধারাবাহিকতা অব্যাহত রয়েছে। স্থানীয়ভাবে নিটের কাঁচামাল সহজলভ্য হওয়াতে এর উৎপাদন খরচ কম, মুনাফাও তুলনামূলক ভালো হওয়ায় নিট উৎপাদনে আগ্রহী হচ্ছেন ব্যবসায়ীরা। ওভেনের কাঁচামাল সহজলভ্য হলে এ জাতীয় পোশাক উৎপাদন বাড়বে।' বর্তমানে পোশাক রপ্তানি করে যে আয় হয় তা মোট রপ্তানি আয়ের ৮৫ শতাংশের বেশি। চলতি অর্থবছরের রপ্তানির যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেখানেও নিটের হিস্যা বেশি ধরা হয়েছে। চলতি অর্থবছর তৈরি পোশাক থেকে পাঁচ হাজার ২২৭ কোটি ডলার রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। এর মধ্যে নিটে রপ্তানির লক্ষ্যমাত্রা দুই হাজার ৮৪৩ কোটি ডলার আর ওভেনে ধরা হয়েছে দুই হাজার ৩৮৪ কোটি ডলার। সংশ্লিষ্ট উদ্যোক্তারা বলছেন, কর হারের ভিন্নতার কারণে নিট পোশাকে মুনাফা বেশি করতে পারছেন বিক্রেতারা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে বিশ্বজুড়ে তাপমাত্রা সবসময় উষ্ণভাব বজায় রয়েছে। এ কারণে অফিস ও ঘরের বাইরে নিট পোশাকের ব্যবহার বেড়েছে। এছাড়া নিটের পশ্চাৎ-সংযোগ শিল্প বা ব্যাকওয়ার্ড লিংকেজ শিল্প বেশ শক্তিশালী। এর ফলে নিট জাতীয় পোশাক রপ্তানি আদেশ পাওয়ার পর ক্রেতার কাছে পণ্য পৌঁছানোর সময় বা লিড টাইম অনেক কম লাগে। নিট রপ্তানি বেড়ে যাওয়া প্রসঙ্গে পোশাক শিল্পমালিকদের সংগঠন বিকেএমইএ'র নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, 'আগামীতে ওভেনের চেয়ে নিটের চাহিদা এবং রপ্তানি আরও বাড়বে। কারণ নিটের ক্রেতার সংখ্যা বাড়ছে। আবার কৃত্রিম তন্তু বা ম্যানমেইড ফাইবার পোশাকের একটা বড় অংশই নিট ক্যাটাগরির অন্তর্ভুক্ত বিশ্বজুড়ে এখন ম্যানমেইড ফাইবারের পণ্যের চাহিদা ও মূল্য বেশি।

ম্যানমেইড পোশাকের মূল্যও অনেক বেশি। এসব কারণে রপ্তানিতে নিটের হিস্যা আগামীতে আরও বাড়বে।'

## নারায়ণগঞ্জে যুবকের ঝুলন্ত লাশ

তুলে স্ত্রী সন্তানদের নিয়ে থাকতেন। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় ১৮ বছর আগে মধ্য নরসিংপুর এলাকার গনি মিয়ার মেয়ে আসমাকে বিয়ে করেন শরিয়তপুরের ডামুড্যা এলাকার আবদুল জলিল বেপারীর ছেলে নূর ইসলাম। বিয়ের পরে শ্বশুর গনি মিয়া তাদের থাকার জন্য ৪ শতাংশ জমি দেন। সেই জমিতে নিজ খরচে বাড়ি করে পরিবার নিয়ে বসবাস করে আসছিলেন। তাদের সংসারে আশরাফুল ইসলাম ও আরশাদুল ইসলাম নামে দুই ছেলে এবং মানসুরা নামে এক মেয়ে রয়েছে। তাদের মধ্যে আশরাফুল মাদ্রাসায় এবং অপর ছেলে ও মেয়ে স্কুলে লেখাপড়া করে। ফতুল্লা মডেল থানার এসআই সৈয়দ আজিজুল হক জানান, ধারণা করা হচ্ছে পারিবারিক কলহের জেরে ধারালো অস্ত্র (দা) দিয়ে নূর ইসলামের মাথায় আঘাত করে হত্যা করেছে। পরে সেটিকে আত্মহত্যা বলে চালানোর জন্য লাশ বৈদ্যুতিক পাখার সঙ্গে ঝুলিয়ে রাখা হয়েছিল। ঘটনার সময় সন্তানরা মাদ্রাসায় ও স্কুলে ছিল। খবর পেয়ে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নূর ইসলামের মাথায় আঘাতের চিহ্ন এবং সেখানে গভীর ক্ষত রয়েছে। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে স্ত্রী ও দুই শ্যালককে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

## একযুগের রাজনৈতিক বিভাজন ভুলে

এই অবস্থায় বড় ধরনের স্বাস্থ্য ঝুঁকি আশঙ্কা করছে জাতিসংঘসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা। পূর্ব লিবিয়া পরিচালনাকারী প্রশাসনের স্বাস্থ্যমন্ত্রী ওথমান আবদেলজালিল জানান, শহরে মৃতের সংখ্যা ৩ হাজার ১৬৬। দুর্গত সংখ্যা আরও ৭ হাজার আশঙ্কা রয়েছে। আন্তর্জাতিক অভিবাসন সংস্থা বলছে, পূর্ব লিবিয়ার বন্যায় বাস্তুচ্যুত হয়েছেন ৩৮ হাজার মানুষ। তাদের ৩০ হাজারই উপকূলীয় শহর ডেরনার বাসিন্দা।

## নাটোরে তারুণ্যের রোডমার্চে যেতে

তেবাড়িয়া বাইপাস সড়কে ও সদর উপজেলার সৈয়দ মোড়ে দুটি ব্যক্তিগত গাড়ি ভাঙচুর করে আওয়ামী লীগের নেতাকর্মীরা। দুপুরে সদর উপজেলার ডাল সড়ক এলাকায় একটি মাইক্রোবাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিস ও পুলিশ ঘটনাস্থলে গিয়ে আগুন নেভায়। তবে কারা আগুন দিয়েছে সেটি নিশ্চিত করে বলা যাচ্ছে না। এ ঘটনার নিন্দা জানিয়ে জেলা বিএনপির আহ্বায়ক শহিদুল ইসলাম বাচ্চু, সরকার দলীয় নেতাকর্মীরা আমাদের বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করেছে। একটি গাড়িতে অগ্নিসংযোগ করেছে। আমরা এর দৃষ্টান্তমূলক শাস্তি চাই। নাটোর সদর থানার ওসি নাছিম আহমেদ জানান, গাড়িতে আগুন দেওয়ার খবর পেয়েছি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## সারাবছর যাওয়া যাবে সেন্টমার্টিন

খুরুশকুল স্মার্ট সিটি, থিম পার্ক, ইকো রিসোর্ট, চৌফলদন্ডীতে রিভাররেইন ট্যুরিজম করা হচ্ছে।'পর্যটন সংশ্লিষ্টরা বলছেন, এই কার্যক্রম যেন ফাইল বন্দি না থাকে। পর্যটন নগরীর উন্নয়নের কাজগুলো বাস্তবায়ন হলে পর্যটন সেবায় যুক্ত হবে ভিন্ন এক মাত্রা। সারাবছর যাওয়া যাবে সেন্টমার্টিন, কক্সবাজারে উড়বে সি-প্লেন ট্যুর অপারেটর অ্যাসোসিয়েশন অব কক্সবাজারের (টুয়াক) প্রতিষ্ঠাতা সভাপতি এসএম কিবরিয়া খান বলেন, 'কক্সবাজারে একে একে বাস্তবায়ন হচ্ছে মেগা প্রকল্প। সামনে বাস্তবায়ন হতে যাওয়া সি-প্লেন এবং ক্যাবল কার প্রকল্পের কাজ শেষ হলে পর্যটন সেবা আরও উন্নত হবে। এরমধ্য দিয়ে দেশ-বিদেশের পর্যটকদের আরও ভালোভাবে সেবা দেওয়া যাবে। তবে এই কাজ যেন বন্ধ না হয়।' টুয়াকে'র দফতর সম্পাদক ফারুক আজম জানান, পর্যটকসেবায় সি-প্লেন এবং ক্যাবল কার চালু হলে অনেক বেকার যুবকের কর্মসংস্থান তৈরি হবে। পাশাপাশি পর্যটনখাতে রোল মডেলে পরিণত হবে কক্সবাজার।

স্থানীয়রা জানান, কক্সবাজারে বসেই মালদ্বীপের স্বাদ পাওয়া যাবে যদি পর্যটন সেবায় সি-প্লেইন আর ক্যাবল কার বাস্তবায়ন হয়। এতে পর্যটন নগরী আরও অনেক বেশি উন্নত হবে। তবে প্রত্যাশা এই প্রস্তাবগুলো যেন ফাইল বন্দি হয়ে না থাকে। কারণ বাস্তবতায় দেখা গেছে, অনেক স্বপ্নের প্রকল্প এখনও ফাইল বন্দি হয়ে রয়েছে।

তবে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের দেওয়া তথ্য অনুযায়ী, যত দ্রুত সম্ভব এই উন্নয়নগুলো বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছি। ইতিমধ্যে অনেক কিছুর পরিবর্তন হয়েছে এবং মেগা প্রকল্পসহ অনেক প্রজেক্ট চলমান। কয়েক বছরের মধ্যে হাতে নেওয়া উন্নয়ন প্রকল্পগুলো শেষ হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

## মোংলা-খুলনা রেলপথের ৯৮ শতাংশ

আমাদের। সেইসঙ্গে অক্টোবরের শেষ সপ্তাহে এই পথ দিয়ে ট্রেন চলাচল শুরু হবে বলে আশা করছি। সেভাবে কাজ এগিয়ে নিয়ে যাচ্ছি আমরা।'

ইতোমধ্যে এই রেলপথের কাজ ৯৮ শতাংশ সম্পন্ন হয়েছে প্রকল্প সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ট্রানজিট সুবিধার আওতায় ভারত, নেপাল ও ভুটানে পণ্য পরিবহন সহজ করতে খুলনার ফুলতলা রেলস্টেশন থেকে মোংলা বন্দর পর্যন্ত রেলপথ স্থাপন প্রকল্প হাতে নেয় সরকার। ২০১০ সালের ২১ ডিসেম্বর জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এই রেললাইন নির্মাণ প্রকল্পটির অনুমোদন দেওয়া হয়। প্রথম দফায় প্রকল্পের ব্যয় ধরা হয় ১ হাজার ৭২১ কোটি টাকা। প্রকল্পের কাজ তিন ভাগে বিভক্ত। এর মধ্যে রয়েছে রূপসা নদীর ওপর রেলসেতু নির্মাণ, মূল রেললাইন স্থাপন এবং টেলিকমিউনিকেশন ও সিগন্যালিং স্থাপন। ২০১১ সালে প্রকল্পের কাজ শুরু হয়। ২০১৩ সালের ডিসেম্বরের মধ্যে কাজ শেষ হওয়ার কথা থাকলেও শেষ করতে পারেননি ঠিকাদার। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ না হওয়ায় প্রথম সংশোধনীতে ব্যয় বেড়ে দাঁড়ায় ৩ হাজার ৮০১ কোটি টাকা। ২০২১ সালের ডিসেম্বরে প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা থাকলেও, তা সম্ভব হয়নি। দ্বিতীয় দফায় সংশোধনের পর ২০২২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সময় বাড়ানো হয়। সেইসঙ্গে ব্যয় বেড়ে দাঁড়ায় ৪ হাজার ২৬০ কোটি ৮৮ লাখ টাকা। এর মধ্যে ভারতীয় ঠিকাদারি প্রতিষ্ঠান লারসেন অ্যান্ড টুব্রো রূপসা নদীর ওপর রেলসেতুর নির্মাণকাজ করেছে। বাকি কাজ করেছে ভারতীয় ঠিকাদারি প্রতিষ্ঠান ইরকন ইন্টারন্যাশনাল। এ ব্যাপারে প্রকল্প পরিচালক আরিফুজ্জামান বলেন, 'করোনা পরিস্থিতি ও নানা কারণে কাজ শেষ করতে সময় লেগেছে। দুই দফায় প্রকল্প সংশোধনের কারণে ব্যয় বেড়েছে দুই হাজার ৫৩৯ কোটি টাকা। তবে তৃতীয় দফায় প্রকল্পের মেয়াদ বাড়লেও ব্যয় বাড়েনি। আশা করছি, এবার নির্ধারিত সময়ে কাজ শেষ হবে।' মোংলা-খুলনা রেলপথ-৩ মোংলা-খুলনা রেলপথে ট্রেন চলাচল শুরু হলে মোংলা বন্দরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ব্যবসা-বাণিজ্যে নতুন দিগন্ত উন্মোচিত হবে মোংলা-খুলনা রেলপথে ট্রেন চলাচল শুরু হলে ব্যবসা-বাণিজ্য গতিশীল হবে জানিয়ে মোংলা বন্দরের ব্যবসায়ী মোস্তাক আহমেদ মিঠু বলেন, 'বর্তমান সরকার দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সঙ্গে সারাদেশের যোগাযোগের জন্য যেমন পদ্মা সেতু নির্মাণ করেছে, তেমনি নিরবচ্ছিন্ন রেল যোগাযোগের ক্ষেত্রে মোংলা বন্দরের সঙ্গে রেল যোগাযোগ স্থাপন করেছে। এতে গার্মেন্টস পণ্যসহ বিভিন্ন পণ্য কম খরচে মোংলা বন্দর থেকে পরিবহন করা যাবে, তেমনি রফতানিও করা যাবে। এতে ব্যবসা-বাণিজ্যে গতি বেড়ে যাবে।' একই কথা বলেছেন বাগেরহাট-৩ আসনের সংসদ সদস্য এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপমন্ত্রী হাবিবুন নাহার। তিনি বলেন, 'রেললাইনটি ভারত, নেপাল ও ভুটানের সঙ্গে পণ্য পরিবহনে বিশেষ ভূমিকা রাখবে। বিশেষ করে চিংড়ি ও গার্মেন্টস পণ্য পরিবহন সহজ হবে।'

## শিক্ষার্থীদের জীবনমান উন্নয়নে ঢাবি

হয়। এ সময় উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদসহ বিভিন্ন হলের প্রভোস্ট, প্রক্টর ও রেজিস্ট্রার।

## সঞ্চয়পত্রের মুনাফা না তুললে

মুনাফামুক্ত যেকোনো প্রকারের ঋণ বা বিনিয়োগের সিদ্ধান্ত নিতে পারবে সরকার।

আইন অনুযায়ী, সরকারি সিকিউরিটি ইস্যু ও ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট সরকারি ঋণ অফিস এ আইনের অধীন তাদের নিজস্ব তত্ত্বাবধানে সরকারি সিকিউরিটি সংরক্ষণ, হস্তান্তর ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরকারি সিকিউরিটির ডিপোজিটরি স্থাপন করতে পারবে। একইভাবে কোনো সরকারি সিকিউরিটির বিপরীতে বা শরিয়াভিত্তিক বিনিয়োগ গ্রহণের উদ্দেশ্যে সরকারি সিকিউরিটি ইস্যু করার লক্ষ্যে সরকার স্পেশাল পারপাস ভেহিকল (এসপিভি) গঠন বা নিযুক্ত করতে পারবে। এই এসপিভি কর্তৃক ইস্যুকৃত সরকারি সিকিউরিটির ধারকের পক্ষে ও তাদের স্বার্থ রক্ষায় ট্রাস্টি নিয়োগ দিতে পারবে।

সরকারি সিকিউরিটির ধারক প্রতিষ্ঠান আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে বা আইনানুগ প্রক্রিয়ায় প্রতিষ্ঠানের অবসায়ন ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে নিযুক্ত প্রশাসক বা নির্বাহী ওই প্রতিষ্ঠানের স্বত্বাধীন সরকারি সিকিউরিটির বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে পারবে। আইনে বলা হয়েছে, সরকারি সিকিউরিটি বা জাতীয় সঞ্চয় স্কিমের আওতায় ইস্যুকৃত সার্টিফিকেটের ক্ষেত্রে এই আইনের অধীন সরকার কর্তৃক গঠিত বা নিযুক্ত কোনো ট্রাস্ট ব্যতীত সরকার অন্য কোনো ট্রাস্টের কোনো প্রকার নোটিস গ্রহণ করতে বাধ্য থাকবে না বা এরূপ কোনো নোটিস দ্বারা সরকারকে কোনো কার্যক্রম গ্রহণ করতে বাধ্য করা যাবে না এবং এ ধরনের বিষয়ে সরকারকে ট্রাস্টি হিসেবে গণ্য করা যাবে না।

এছাড়া, সরকারি সিকিউরিটি বা জাতীয় সঞ্চয় স্কিমের আওতায় ইস্যুকৃত সার্টিফিকেটের সুদ বা মুনাফা বাবদ পাওনা অর্থ যে তারিখে পাওনা হয়েছে, ওই তারিখ থেকে ৬ বছর অতিক্রান্ত হওয়ার পর সংশ্লিষ্ট পাওনা বাবদ সরকারের দায় তামাদি হয়ে যাবে। তথ্য অধিকার আইন ২০০৯-এর অধীন তথ্য প্রাপ্তির অধিকার ক্ষুণ্ন না করে কোনো ব্যক্তি এ উদ্দেশ্যে নির্ধারিত ক্ষেত্র ও পদ্ধতি অনুসরণ ব্যতীত সরকারের দখলে বা হেফাজতে থাকা সরকারি সিকিউরিটি বা জাতীয় সঞ্চয় স্কিমের আওতায় ইস্যুকৃত সার্টিফিকেট বা এ সংক্রান্ত কোনো দলিল পরিদর্শন করতে বা এর কোনো তথ্য চাইতে পারবে না। অন্যান্যের মধ্যে জাতীয় সঞ্চয় স্কিমের আওতায় ইস্যুকৃত সার্টিফিকেটের স্বত্ব অর্জনের উদ্দেশ্যে কোনো দরখাস্ত বা আবেদনে মিথ্যা তথ্য বা বক্তব্য দেওয়া হলে ছয় মাসের কারাদণ্ড বা অনধিক ১ লাখ টাকা জরিমানা কিংবা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে আইনে।

## এপিবিএনের সঙ্গে রোহিঙ্গা

ডাকাতরা গুলি করে। নিজেদের আত্মরক্ষার জন্য পুলিশও পাল্টা গুলি করলে ডাকাতরা পালানোর চেষ্টা করে। এ সময় ধাওয়া করে তাকে আটক করা হয়। তিনি জানান, তার কাছ থেকে একটি এলজি ওয়ান শুটার গান উদ্ধার করা হয়। উদ্ধার অস্ত্রসহ তার বিরুদ্ধে মামলা দিয়ে থানায় হস্তান্তরের প্রস্তুতি চলছে।

## রাজশাহীতে সাইকেল মিস্ত্রিকে কুপিয়ে

করে। গতকাল রোববারও দিঘা বাজারে কাজ করছিল। দুপুর আনুমানিক ১টার দিকে দুর্বৃত্তরা সেখানে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে হত্যা করে। পরে তার লাশ ওই দোকানের ভেতরে ফেলে রেখে যায়। পরে স্থানীয়দের মাধ্যমে তারা খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান। তবে কে বা কারা ঠিক কী কারণে এমন নির্মমভাবে তার ভাইকে কুপিয়ে হত্যা করেছে তা বুঝতে পারছেন না। রাজশাহীর বাঘা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) সবুজ রানা জানান, তাৎক্ষণিক হত্যার কারণ জানা যায়নি। তারা খবর পেয়ে লাশ উদ্ধার করেছেন। হত্যার রহস্য জানার জন্য আশপাশের লোকজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

## ৩ দিনের ডাটা প্যাকেজের মেয়াদ

এবং মোবাইল ফোন অপারেটরদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সম্প্রতি তিনদিন মেয়াদের ডাটা প্যাকেজ বাদ দিয়ে নতুন নির্দেশিকা প্রণয়ন করে বিটিআরসি। নতুন নির্দেশিকা উপস্থাপন করেন বিটিআরসির সিস্টেমস এণ্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ। নতুন নির্দেশিকা অনুযায়ী, মোবাইল ইন্টারনেটে ৭ দিন, ৩০ দিন ও আনলিমিটেড প্যাকেজ রাখা হয়েছে। এ নির্দেশিকা আগামী ১৫ অক্টোবর থেকে কার্যকর হবে। এই তিন দিনের মেয়াদের ডাটা প্যাকেজের মাধ্যমে সৃষ্ট গ্রাহক ও মোবাইল অপারেটরদের অসন্তোষ দেখা যায়। অসন্তোষ হ্রাসকল্পে করণীয় নিয়ে বিটিআরসি জানায়, গ্রাহকের সার্বিক স্বার্থ নিশ্চিত করার জন্য এবং কম মূল্যে বেশি ডাটা অফারের ফাঁদ থেকে রক্ষা করতে আগামী ১৫ অক্টোবর থেকে গ্রাহকদের যত দিন মেয়াদের জন্য অপারেটর হতে যে পরিমাণ ডাটা অফার করে, একই পরিমাণ ডাটা ৩ দিন মেয়াদের স্থলে নূন্যতম ৭ দিনের মেয়াদ প্রদান করা হবে। যাতে করে গ্রাহকেরা স্বাচ্ছন্দ্যে অধিক সময়সীমার মধ্যে প্রাপ্ত ডাটা খরচ করতে পারেন। এর ফলে গ্রাহকদের অব্যবহৃত ডাটা হারানোর সম্ভাবনা কমে আসবে।

## লেনদেন বেড়েছে

সার্বিক সূচক সিএএসপিআই ২৩ পয়েন্ট বেড়ে ১৮ হাজার ৬৫০ পয়েন্টে অবস্থান করছে। এছাড়া সিএসসিএক্স ১৪ পয়েন্ট বেড়ে ১১ হাজার ১৫১ পয়েন্টে এবং সিএসই৩০ সূচক ২১ পয়েন্ট বেড়ে ১৩ হাজার ৩৮২ পয়েন্টে অবস্থান করছে।

সিএসইতে ১৬৬টি কোম্পানির শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে দর বেড়েছে ৫১টির, কমেছে ৫২টির এবং অপরিবর্তিত আছে ৬৩টির। দিন শেষে সিএসইতে ৬ কোটি ৯৭ লাখ ৮৯ হাজার টাকার শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে।

## বাবা মারা যাওয়ার এক ঘণ্টা পর

অ্যাটাক করেন। পরে তার মৃত্যু হয়। এক ঘণ্টার ব্যবধানে এ ঘটনা ঘটে। এ ঘটনায় ওই পরিবারে শোকের ছায়া নেমে এসেছে। ঘটনার সত্যতা নিশ্চিত করে ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম কিবরিয়া বলেন, মন্টু ব্যাপারী তার বাবাকে খুব ভালোবাসতেন। বাবার মৃত্যুর শোকে তিনিও মারা যান। জোহরের নামাজের পর দুজনকে একসঙ্গে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। এ বিষয়ে সদর থানার পরিদর্শক (তদন্ত) নূর মোহাম্মদ বলেন, বিষয়টি তার জানা নেই।

## কিশোরগঞ্জে পলিথিন মোড়ানো নবজাতকের লাশ উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** কিশোরগঞ্জের ভৈরবে এক পুকুরে ভাসছিল কালো পলিথিন মোড়ানো নবজাতকের লাশ। পরে স্থানীয়রা লাশটি এলাকার কবরস্থানে দাফন করেন। গতকাল রোববার সকালের দিকের উপজেলার কালিকাপ্রসাদ এলাকার মামা হুজুরের বাড়ি সংলগ্ন পুকুর থেকে লাশ উদ্ধার করা হয়। স্থানীয় সূত্রে জানা যায়, সকালের দিকে কালিকাপ্রসাদ এলাকার মামা হুজুরের বাড়ি সংলগ্ন একটি পুকুরপাড়ে কালো পলিথিন মোড়ানো একটি নবজাতকের লাশ পানিতে ভাসতে দেখে উদ্ধার করে স্থানীয়রা। ধারণা করা হচ্ছে লোকলজ্জার ভয়ে রাতের আঁধারে কেউ কালো পলিথিনে করে নবজাতকের লাশটি পুকুরে ফেলে গেছে। পরে স্থানীয় গাউসিয়া নামের একটি সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ কায়সার আহমেদ (কাদেরী), সদস্য মোহাম্মদ রতন খান, কালিকাপ্রসাদ কবরস্থানের খাদেম মো. ফজলু মিয়াসহ আরও কয়েকজন মিলে জানাজা শেষে নবজাতকের লাশটি দাফন করেন। এ বিষয়ে কালিকাপ্রসাদ ইউপি চেয়ারম্যান মো.লিটন মিয়া বলেন, শুনেছি সকালের দিকে পুকুর থেকে একটি নবজাতকের লাশ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে কেউ রাতের আঁধারে নবজাতকের লাশটি পুকুরে ফেলে যায়। স্থানীয়রা দেখতে পেয়ে লাশটি উদ্ধার করে কালিকাপ্রসাদ কবরস্থানে দাফন করেছে।

## দিনাজপুরে ট্রেনের ধাক্কায় তরুণের মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** দিনাজপুরের বোচাগঞ্জে ট্রেনের ধাক্কায় আবদুর রহমান রাহুল (১৮) নামে এক অটোরাইস মিলের শ্রমিক নিহত হয়েছেন। গতকাল রোববার সকাল সাড়ে ৯টায় বোচাগঞ্জ উপজেলার টি অ্যান্ড টি রোড মেলাগাছি এলাকায় এই দুর্ঘটনা ঘটে। আবদুর রহমান রাহুল বোচাগঞ্জ উপজেলার ছটকুর মোড় এলাকার আজহারুল ইসলামের ছেলে। দিনাজপুর রেলওয়ে পুলিশ সূত্রে জানা গেছে, রাহুল সাইকেল চালিয়ে স্থানীয় একটি অটোরাইস মিলে কাজে যাচ্ছিল। এ সময় সেতাবগঞ্জ পৌর এলাকার টি অ্যান্ড টি রোডে মেলাগাছি অরক্ষিত রেলগেট পার হওয়ার সময় ঢাকা থেকে ছেড়ে আসা পঞ্চগড় এক্সপ্রেস ট্রেনের সঙ্গে ধাক্কা লেগে তার মৃত্যু হয়। দিনাজপুর রেলওয়ে ওসি (তদন্ত) মো. হারুনুর রশীদ জানান, ঢাকা থেকে ছেড়ে আসা পঞ্চগড় এক্সপ্রেস ট্রেনের সঙ্গে ধাক্কা খেয়ে ওই তরুণের মৃত্যু হয়েছে। এ বিষয়ে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

## হবিগঞ্জে হিট স্ট্রোকে মাছ ব্যবসায়ীর মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** হবিগঞ্জের শায়েস্তাগঞ্জে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে সিরাজ আলী (৬০) নামে এক মাছ ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। গতকাল রোববার দুপুর ১টার দিকে উপজেলার দাউদনগর বাজারে এ ঘটনা ঘটে। সিরাজ আলী সদর উপজেলার পইল গ্রামের বাসিন্দা। তিনি প্রতিদিনই ফেরি করে গ্রামে গ্রামে মাছ বিক্রি করতেন। প্রতিদিনের মতো গতকাল রোববারও শায়েস্তাগঞ্জ পৌরসভার মহলুল সুনাম, জগন্নাথপুর, বিরামচর এলাকায় ফেরি করে মাছ বিক্রি করেন তিনি। একপর্যায়ে প্রচণ্ড রোদে ক্লান্ত হয়ে দাউদনগর বাজারে আসেন। শরীর অসুস্থ অনুভব হলে রাস্তার পাশে বসে পড়েন। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে হবিগঞ্জ সদর আধুনিক হাসপাতালে পাঠান। পথে দাউদনগর বাজারে তার মৃত্যু হয়। শায়েস্তাগঞ্জ থানার এসআই সিরাজুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, মাছ ব্যবসায়ী সিরাজ আলী প্রচণ্ড গরমের কারণে হিট স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। পরিবারের কাছে লাশ হস্তান্তর করা হয়েছে।

## বরিশালে সড়ক দুর্ঘটনায় নিহত ১

**স্টাফ রিপোর্টার :** মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মসজিদের দেয়ালের সঙ্গে ধাক্কা লেগে গুরুতর আহত এম আবদুল আলিম (৫৩) মারা গেছেন। গত শনিবার রাতে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে ওইদিন বিকেলে ঢাকা-বরিশাল মহাসড়কের বরিশালের গৌরনদী উপজেলার বাটাজোর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আব্দুল আলিম সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলার তারাবাড়িয়া গ্রামের মৃত আবদুল লতিফ সিকদারের ছেলে। গৌরনদী হাইওয়ে থানার এসআই তমাল জানান, বিকেল সোয়া ৫টার দিকে বরিশালগামী মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে মহাসড়কের পাশে বাটাজোর এলাকার একটি মসজিদের দেয়ালে ধাক্কা লেগে গুরুতর আহত হয় চালক আবদুল আলিম। তাৎক্ষণিকভাবে তাকে উদ্ধার করে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে উন্নত চিকিৎসার জন্য শেবাচিম হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়। উল্লেখ্য, দুদিনের ছুটি শেষে ঢাকা থেকে নিজে মোটরসাইকেল চালিয়ে কর্মস্থল পটুয়াখালীর উদ্দেশে যাচ্ছিলেন আবদুল আলিম।

## বাগেরহাটে নেশাগ্রস্ত যুবকের হামলায় পথচারী নিহত, ২ পুলিশ আহত

**স্টাফ রিপোর্টার :** বাগেরহাটের চিতলমারীতে নেশাগ্রস্ত যুবকের লোহার রডের আঘাত ও দায়ের কোপে আহত পথচারী কৃষ্ণপদ হীরার (৫০) মৃত্যু হয়েছে। এ ঘটনায় ওই যুবককে আটক করতে গিয়ে দুই পুলিশ কর্মকর্তা আহত হয়েছেন। গতকাল রোববার সকাল সাড়ে ৮টায় খুলনা মেডিকেলে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। নিহত কৃষ্ণপদ হীরা চরবড়বাড়িয়া এলাকার রশিক হীরার ছেলে। আটক শাহিন শেখ একই গ্রামের সুন্দর আলী শেখের ছেলে। আহত পুলিশ সদস্যরা হলেন- চিতলমারী থানার পরিদর্শক (তদন্ত) তরিকুল ইসলাম ও এসআই রেজাউল ইসলাম। এর আগে গত শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার বড়বাড়িয়া ইউনিয়নের চরবড়বাড়িয়া গ্রামের হাবিব ফকিরের বাড়ির সামনে পথচারী কৃষ্ণপদ হীরার ওপর হামলা করে নেশাগ্রস্ত শাহীন শেখ। পরে তার স্বজনরা উদ্ধার করে তাকে খুলনা মেডিকেলে ভর্তি করে। এদিকে, হত্যার ঘটনায় গতকাল রোববার ১১টার দিকে হামলাকারী শাহীন শেখকে আটক করতে যায় পুলিশ। পরে পুলিশ আটক করতে চরবড়বাড়িয়া এলাকায় পৌঁছালে কিছু বুঝে ওঠার আগেই তাদের ওপর হামলা করে শাহিন শেখ। তার হামলায় দুই পুলিশ সদস্য গুরুতর আহত হয়েছেন। আহত দুই পুলিশ কর্মকর্তাকে চিতলমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ঘটনার পরেই হামলাকারী শাহীনকে আটক করা হয়। চিতলমারী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. মামুন হাসান বলেন, আহত অবস্থায় দুই পুলিশ কর্মকর্তা হাসপাতালে ভর্তি হয়েছেন। পুলিশ কর্মকর্তা মো. তরিকুল ইসলামের মাথায় ৮টি সেলাই লেগেছে এবং মো. রেজাউল ইসলাম বাম হাতে আঘাত পেয়েছেন। তারা হাসপাতালে ভর্তি রয়েছেন। চিতলমারী থানার ওসি এ এইচ এম কামরুজ্জামান খান বলেন, শাহিন নামের এক যুবকের হামলায় পথচারীর নিহতের খবর শুনে পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে তার হামলায় আমাদের দুই পুলিশ কর্মকর্তা আহত হয়েছেন। হামলাকারী শাহিনকে আটক করা হয়েছে। তিনি আরও বলেন, নিহতদের লাশ ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## নারায়ণগঞ্জে শিশু ধর্ষণের পর হত্যার দায়ে একজনের মৃত্যুদণ্ড

**স্টাফ রিপোর্টার :** নারায়ণগঞ্জের রূপগঞ্জে ৯ বছরের এক শিশুকে ধর্ষণের পর হত্যার অপরাধে মো. মোশারফ মিয়া (৪৫) নামে এক ব্যক্তির মৃত্যুদণ্ডাদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে ১ লাখ টাকা জরিমানা করা হয়। অন্যদিকে লাশ গুম করায় তার পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করেন আদালত। গতকাল রোববার দুপুরে নারায়ণগঞ্জ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতের বিচারক নাজমুল হক শ্যামলের আদালত আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত মো. মোশারফ মিয়া নারায়ণগঞ্জের রূপগঞ্জের কেন্দুয়া এলাকার মৃত আবদুর রহমানের ছেলে। নিহত শিশু তার দূরসম্পর্কের নাতি হয়। মেয়েটি তাকে দাদা বলে সম্বোধন করতো। রায়ের সত্যতা নিশ্চিত করে আদালত পুলিশের পরিদর্শক আসাদুজ্জামান বলেন, ২০২১ সালের ২৩ অক্টোবরে করা মামলায় আদালত এ রায় ঘোষণা করেছেন। রায়ের সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট রকিবউদ্দিন আহমেদ রাকিব বলেন, ২০২১ সালের ২২ অক্টোবর দণ্ডপ্রাপ্ত আসামি মো. মোশারফ মিয়া ৯ বছরের শিশুকে মজা কিনে দেওয়ার কথা বলে পাশের কাশবনে নিয়ে ধর্ষণের পর হত্যা করে। আদালত ১১ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে এ রায় ঘোষণা করেছেন। তিনি আরও বলেন, আসামি নিজে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে বলেছেন শিশুর বাড়িতে তিনি বেড়াতে যান। পরে পাশের কাশবনে নিয়ে তাকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা করেন।

## কিশোরগঞ্জে টাকার লেনদেন নিয়ে সংঘর্ষ

**স্টাফ রিপোর্টার :** কিশোরগঞ্জের বাজিতপুরে বিকাশে টাকা লেনদেনকে কেন্দ্র দুই পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। গত শনিবার সন্ধ্যা ৭টা থেকে শুরু হয়ে এ সংঘর্ষ চলে রাত ১১টা পর্যন্ত। এ সময় শতাধিক দোকানপাট ভাঙচুরের ঘটনা ঘটে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। আতঙ্কে সকাল থেকে দোকানপাট বন্ধ করে রেখেছেন বাজারের অন্যান্য দোকানিরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। এ ঘটনায় দুই পক্ষের বেশ কয়েকজন আহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রোববার বিকেল ৫টার দিকে বাজিতপুর উপজেলার সরারচর বাজারে সিএমবি রোডের জাহিদের বিকাশের দোকানে আসেন অপরিচিত তিনজন। তারা বিকাশের মাধ্যমে সাড়ে ২৮ হাজার টাকা জরুরি ভিত্তিতে পাঠানোর কথা বলেন। পরে জাহিদ তার এজেন্ট নম্বর থেকে টাকা পাঠান। তখন তাদের মধ্যে একজন টাকা নিয়ে আসছেন বলে চলে যান। বাকি দুজন অপেক্ষা করেন। কিছুক্ষণ পরে একটি অটোরিকশা ও চালককে জিম্মায় রেখে সেই দুজনও দোকান থেকে চলে যান। এর আনুমানিক ৩০ মিনিট পর পার্শ্ববর্তী দোকানের মোটরসাইকেল মিস্ত্রি মামুনের মাধ্যমে ফোনে জাহিদকে ডেকে নেন দক্ষিণ সরারচর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের মেম্বার সুজন মিয়া। মামুন তাকে বাজারের ছাগল মহলের সুজন মেম্বারের কাছে নিয়ে গেলে তিনি জিম্মায় রাখা অটোরিকশাটি নিয়ে আসতে চাপ দেন। তবে জাহিদুল ইসলাম গাড়ি ফেরত দিতে অস্বীকৃতি জানালে সুজন মেম্বার তাকে মারধর করেন। এ ঘটনাকে কেন্দ্র করে সন্ধ্যা ৭টার দিকে দুই পক্ষের লোকজনই দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে পাল্টাপাল্টি দোকানপাট ভাঙচুর করে। সংঘর্ষ চলে রাত প্রায় ১১টা পর্যন্ত। এ ঘটনায় দুই পক্ষের বেশ কয়েকজন আহত হয়েছেন। সোমবার সকালে বাজারের ব্যবসায়ীরা একত্র হয়ে দোকানপাট ভাঙচুর ও লুটপাটের প্রতিবাদে বিক্ষোভ করেন। ঘটনার বিষয়ে জানতে চেয়ে সরারচর ৭ নম্বর ওয়ার্ডের মেম্বার সুজন মিয়ার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সব অভিযোগ অস্বীকার করেন। তিনি বলেন, এ ঘটনায় তিনি ও তার লোকজন জড়িত নন। সংঘর্ষে সবজি ব্যবসায়ী আসলাম উদ্দিনের দোকানটিও ভাঙচুর করা হয়েছে। ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, সবজি বিক্রি করে কোনোরকমে কষ্টে আমার সংসার চলে। আমি কী দোষ করেছি, এখন আমার ক্ষতিপূরণ কে দেবে? এ বিষয়ে বিকাশের মার্চেন্ট এজেন্ট জাহিদুর রহমান মিঠু বলেন, আমি গতকাল (শুক্রবার) বিকেলে বিকাশে ৩০ হাজার টাকা পাঠিয়েছিলাম। পরে টাকা না দিয়ে আমার সঙ্গে প্রতারণা করে একটি চক্র। এ চক্রের অন্যতম সুজন মেম্বার আমাকে লোক মারফতে ডেকে নিয়ে টাকা না দিয়ে উল্টো মারধর করেন। আমার গ্রামবাসীরা প্রতিবাদ জানালে তাদের দোকানপাট ভাঙচুর করা হয়। বাজিতপুর থানার ওসি শফিকুল ইসলাম বলেন, বিকাশে টাকা লেনদেনকে কেন্দ্র করে এ সংঘর্ষের ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে এখন পর্যন্ত কেউ অভিযোগ করেননি।

## জয়পুরহাটে মাদক মামলায় ৩ জনের যাবজ্জীবন

**স্টাফ রিপোর্টার :** জয়পুরহাটে মাদকের পৃথক মামলায় তিনজনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানাও করা হয়। গতকাল রোববার দুপুরে জয়পুরহাটের অতিরিক্ত দায়রা জজ-২ ও স্পেশাল ট্রাইব্যুনাল-৫ আদালতের বিচারক আব্বাস উদ্দীন এ রায় ঘোষণা করেন। রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন জয়পুরহাট আদালতের সরকারি কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট নৃপেন্দ্রনাথ মন্ডল। দণ্ডপ্রাপ্তরা হলেন- জেলার পাঁচবিবি উপজেলার পূর্বপাড়া খোদ্দা গ্রামের গিয়াস উদ্দীনের ছেলে শাহীন ওরফে মাহিন, একই উপজেলার দানেজপুর হারানপট্টির মৃত বাবু মিয়ার ছেলে সিরাজুল ইসলাম ওরফে মিরু ও উত্তর গোপালপুর গ্রামের আজিজুলের ছেলে হারুনুর রশীদ। এদের মধ্যে শাহীন ও সিরাজুল পলাতক আছেন। পলাতক দুজনের গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন আদালত। মামলার এজাহার থেকে জানা গেছে, ২০০৯ সালের ১৫ সেপ্টেম্বর সন্ধ্যায় পাঁচবিবি কলোনি পাড়া পাকা সড়ক দিয়ে শাহীন ওরফে মাহিন ফেনসিডিল পাচার নিয়ে যাচ্ছিলেন। এ সময় পুলিশ তাকে আটক করে আড়াই লিটার লুজ পলিথিন রাখা খোলা ফেনসিডিল উদ্ধার করে। অপরদিকে ২০২২ সালের ৭ মার্চ গোপন সংবাদ পেয়ে পাঁচবিবি দানেজপুর এলাকায় পুলিশ পৌঁছামাত্র সিরাজুল ইসলাম পালানোর চেষ্টা করেন।

তার দেহ তল্লাশি করে ৬০ পিস নেশা জাতীয় মাদকদ্রব্য অ্যাম্পুল ইনজেকশন পাওয়া যায়। অন্যদিকে ২০২১ সালের ২৫ অক্টোবর আটপাড়া রেলগেট এলাকায় ২০ পিস নেশা জাতীয় মাদকদ্রব্য অ্যাম্পুল ইনজেকশনসহ হারুনুর রশীদকে গ্রেপ্তার করে পুলিশ। এসব ঘটনায় থানায় পৃথক মামলার পর সাক্ষ্য প্রমাণ শেষে আসামিদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত এ রায় ঘোষণা করেন।

# সম্পাদকীয়

## ভূমিকম্প থেকে রক্ষায় সতর্কতা জরুরি

কয়েক মাস আগেই ভয়াবহ এক ভূমিকম্পে বিপুল মানুষের প্রাণ গিয়েছিল তুরস্কে। এ ছাড়া প্রায়-প্রায়ই বিশ্বের কোথাও না কোথাও ছোট-বড় ভূমিকম্পের ঘটনা ঘটে। গত শুক্রবার গভীর রাতে উত্তর আফ্রিকার দেশ মরক্কোর মধ্যাঞ্চলে ছয় দশকের সবচেয়ে শক্তিশালী ও প্রাণঘাতী ভূমিকম্প আঘাত করল। ৬ দশমিক ৮ মাত্রার তীব্রতার ভূমিকম্পে প্রাণ গেছে আড়াই হাজারের বেশি মানুষের। স্মরণকালের ভয়াবহ এই ভূমিকম্পে আহত হয়েছে অনেক মানুষ, ধ্বংস হয়েছে বহু বাড়িঘর। সবচেয়ে বেশি হতাহতের ঘটনা ঘটেছে দেশটির মারাক্কেশ শহরের দক্ষিণের প্রদেশগুলোতে।

মার্কিন ভূ-তাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস বলছে, মরক্কোয় ১৯৬০ সালের পর শুক্রবারের এই ভূমিকম্পটি সবচেয়ে প্রাণঘাতী। ওই বছর দেশটিতে শক্তিশালী এক ভূকম্পনে কমপক্ষে ১২ হাজার মানুষের প্রাণহানি ঘটে। তবে এই ভূমিকম্পটি মরক্কোতে গত এক শতাব্দীরও বেশি সময়ের মধ্যে আঘাত হানা সবচেয়ে শক্তিশালী ভূমিকম্প ছিল। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল মারাক্কেশ শহর থেকে ৭১ কিলোমিটার দূরে এটলাস পর্বতমালা এলাকার ১৮ দশমিক ৫ কিলোমিটার গভীরে। স্থানীয় সময় রাত ১১টা ১১ মিনিটে ভূমিকম্প হয় এবং লোকজন ঘরবাড়ি ছেড়ে রাস্তায় নেমে আসেন। এ ছাড়া ভূমিকম্পের ১৯ মিনিট পর আবারও ভূকম্পন অনুভূত হয়। রিকটার স্কেলে এই ভূকম্পনের তীব্রতা ছিল ৪ দশমিক ৯। দুর্গম পাহাড়ি এলাকায় বেশ কিছু গ্রাম পুরোপুরি সমতল হয়ে গেছে। দেশটির রাজধানী রাবাতের পাশাপাশি কাসাব্লাংকা, আগাদির এবং এসসাউইরাতেও কম্পন অনুভূত হয়। মরক্কোর স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলছে, আল-হাউস প্রদেশে সবচেয়ে বেশি প্রাণহানির ঘটনা ঘটেছে, আর এরপর রয়েছে তারউদান্ত প্রদেশ। মারাক্কাশে মৃত্যুর সংখ্যা কম, যদিও ইউনেসকো-সুরক্ষিত পুরোনো এই শহরও ভূমিকম্পে যথেষ্ট ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে।

এ তো গেল মরক্কোর কথা। আমরা কোন অবস্থায় আছি? ভূমিকম্পের আতঙ্ক তো সর্বক্ষণই আমাদের তাড়িয়ে বেড়াচ্ছে! কারণ জাতিসংঘ দুর্যোগ ঝুঁকি সূচকের তথ্যানুযায়ী, ভূমিকম্পপ্রবণ অঞ্চল হিসেবে বিশ্বের ঝুঁকিপূর্ণ ২০টি শহরের মধ্যে দ্বিতীয় স্থানেই রয়েছে ঢাকার নাম। তাই যেকোনো সময় বাংলাদেশের অভ্যন্তরে বড় ধরনের ভূমিকম্পের আশঙ্কা অমূলক নয়। মাঝে মাঝে যে ছোটখাটো ভূমিকম্প হয়ে যায় সেগুলোকে আমরা বিপদসংকেত হিসেবে ধরে নিতে পারি। যদি বড় ধরনের কোনো দুর্যোগ হয়, তবে তা মোকাবিলায় আমাদের প্রস্তুতি কতটুকু আছে ভেবে দেখা দরকার। বাংলাদেশের দুদিকের ভূ-গঠনে শক্তিশালী ভূমিকম্পের শক্তি জমা হয়েছে। এর একটি হচ্ছে উত্তর-পূর্বকোণে সিলেট অঞ্চলে ডাউকি ফল্টে, আরেকটি হচ্ছে পূর্বে চিটাগং ত্রিপুরা বেল্টে পাহাড়ি অঞ্চলে। এখানে দুটি বড় ধরনের ভূমিকম্পের আশঙ্কা রয়েছে। উত্তর প্রান্তে যেটা ডাউকি ফল্ট, এখানে সংকোচনের হার হচ্ছে প্রতি ১০০ বছরে এক মিটার। গত ৫০০-৬০০ বছরে বড় ধরনের ভূমিকম্পের কোনো রেকর্ড নেই। তার মানে পাঁচওছয় মিটার চ্যুতি ঘটানোর মতো শক্তি অর্জন করেছে। এটা যদি রিখটার স্কেলে প্রকাশ করা হয় তাহলে এটা ৭ দশমিক ৫ থেকে ৮ মাত্রার ভূমিকম্প সৃষ্টি করতে পারে। সহজেই অনুমেয় এই মাত্রার ভূমিকম্প ঢাকায় হলে পরিস্থিতি কী হবে! ভূমিকম্পের মতো প্রাকৃতিক দুর্যোগকে প্রতিরোধ করার কোনো উপায় মানুষের আয়ত্তে নেই। এমনকি এর পূর্বাভাস দেওয়াও সম্ভব হয় নয়। তাই ভূমিকম্পে ক্ষয়ক্ষতি নিয়ন্ত্রণে রাখার পূর্ব প্রস্তুতিই হলো মূলকথা। সেই পূর্ব প্রস্তুতির বিষয়ে সবাইকেই সচেতন থাকতে হবে।

## সাইবার নিরাপত্তা আইন-২০২৩ পাস : অপব্যবহার থেকে মুক্তি মিলবে কি?

বিনা পরোয়ানায় গ্রেপ্তার, সর্বোচ্চ শাস্তি কোটি টাকা জরিমানা এবং ১৪ বছরের কারাদণ্ডের বিধান রেখে বহুল আলোচিত সাইবার নিরাপত্তা বিল-২০২৩ গত বুধবার জাতীয় সংসদে পাস হয়েছে। বিনা পরোয়ানায় তল্লাশি ও গ্রেপ্তারে পুলিশের ইন্সপেক্টর পদমর্যাদার কর্মকর্তার হাতে ক্ষমতা রেখেই পাস এই বিলে কেউ মিথ্যা মামলা দায়ের করলে সেটা অপরাধ হিসেবে গণ্য করে সাজার বিধান রাখা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিপুল সম্প্রসারণের এই যুগে সাইবার অপরাধ নিয়ন্ত্রণে আইন ও বিধিবিধানের প্রয়োজনীয়তা আমরা অস্বীকার করি না। তবে নতুন আইনের অপব্যবহার থেকে মুক্তি মিলবে কি- এমন প্রশ্ন সামনে আসছে। দেশ-বিদেশে ব্যাপক সমালোচনার মুখে বিতর্কিত ডিজিটাল নিরাপত্তা আইন রদ করে সরকার সাইবার নিরাপত্তা আইনের উদ্যোগ নেয়। গত ৫ সেপ্টেম্বর বিলটি জাতীয় সংসদে উত্থাপিত হওয়ার পর পরীক্ষা-নিরীক্ষার জন্য সংসদীয় কমিটিতে পাঠানো হয়। পরে কমিটি যাচাই-বাছাই শেষে তাদের প্রতিবেদন সংসদে জমা দেয়। আইনটির খসড়া প্রকাশের পর থেকেই মানবাধিকারকর্মী ও সাংবাদিকদের বিভিন্ন সংগঠন বলে আসছে, সাইবার নিরাপত্তা আইনেও কার্যত ডিজিটাল নিরাপত্তা আইনের মূল বিষয়বস্তু বহাল রাখা হচ্ছে। ডিজিটাল সিকিউরিটি আইনের মতোই এই আইন। সরকার গত ৭ আগস্ট জানায়, তারা ডিজিটাল নিরাপত্তা আইনকে রূপান্তর এবং আধুনিকায়ন করার সিদ্ধান্ত নিয়েছে, যার নাম হবে সাইবার নিরাপত্তা আইন। যেখানে বিদ্যমান আইনের কিছু ধারা সংশোধন করা হবে। গত ২৮ আগস্ট মন্ত্রিসভা এই বিলের চূড়ান্ত খসড়া অনুমোদন করে। সরকারের পক্ষ থেকে এর আগে বহুবার আইনটি সংশোধনের আশ্বাস দিলেও কালক্ষেপণ হয়। ডিজিটাল নিরাপত্তা আইনটি জাতীয় সংসদে ২০১৮ সালের ১৯ সেপ্টেম্বর পাস হয়। তখন সাংবাদিকদের বিভিন্ন সংগঠন এবং মানবাধিকার সংস্থা আশঙ্কা প্রকাশ করে, এই আইনের এমন কিছু ধারা আছে, যা বাকস্বাধীনতার জন্য হুমকিস্বরূপ। আইনের অপব্যবহারের আশঙ্কা ব্যক্ত করা হয় এবং ২৫ ও ২৯-সহ চিহ্নিত ধারাগুলো সংশোধনের দাবি জানানো হয়। সে সময় সরকারের পক্ষ থেকে আশ্বস্ত করা হয় আইনের কোনো অপব্যবহার হবে না। কিন্তু বাস্তব চিত্র ছিল ভিন্ন। মুক্ত সাংবাদিকতার ক্ষেত্রে এই আইনটি একটি খড়্গে পরিণত হয়। আমরা দেখেছি, বাংলাদেশে সাইবার অপরাধ ব্যক্তি ও রাষ্ট্রীয় ক্ষেত্রে বড় নিরাপত্তা হুমকি হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির মতো ঘটনাও ঘটেছে। প্রচলিত ব্যবস্থায় এসব অপরাধ যেমন রোধ করা যাচ্ছে না, তেমনি প্রচলিত আইনেও এসব অপরাধের বিচার করা সম্ভব হচ্ছে না। তাই সময়োপযোগী আইনের প্রয়োজনীয়তা রয়েছে। নতুন আইনে ডিজিটাল নিরাপত্তা আইনের ধারা ২৫ (মিথ্যা বা আপত্তিকর তথ্য প্রকাশ), ধারা ২৯ (মানহানিকর তথ্য প্রকাশ) এবং ধারা ৩১ (আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর শাস্তি) সাইবার নিরাপত্তা আইনের খসড়ায় অবিকৃত রয়েছে। ২৫ ধারায় 'রাষ্ট্রের ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ন' সংক্রান্ত কোনো ব্যাখ্যা না থাকায় এর অপব্যবহারের শঙ্কা রয়েছে। সময়ের প্রয়োজনে আইন করা হয়। সাংবাদিক সমাজসহ অনেকের দীর্ঘদিনের দাবি ছিল আইনটি পরিবর্তনের। সে দাবি কি পূরণ হয়েছে? সংশোধিত নতুন আইনে সাংবাদিক ও সংবাদ মাধ্যমের অধিকার ও কর্মপরিবেশ কি সহায়ক হবে- এমন প্রশ্ন আবারো উঠছে।

# অগ্রযাত্রার নবদিগন্তে ফ্রান্স-বাংলাদেশ

**রায়হান আহমেদ তপাদার**

বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্কের পঞ্চাশ বছরও পূর্তি হয়েছে চলতি বছর ফেব্রুয়ারিতে। ঢাকায় ফরাসি দূতাবাস জানিয়েছে ১৯৯০ সালের পর এই প্রথম কোনো ফরাসি প্রেসিডেন্ট দ্বিপাক্ষিক সফরে ঢাকায় আসছেন।সে সময়ের ২১০ মিলিয়ন ইউরোর বাণিজ্য এখন ৪ দশমিক ৯ বিলিয়ন ইউরোতে পৌঁছেছে। বিভিন্ন ফরাসি কোম্পানি এখন বাংলাদেশে প্রকৌশল, জ্বালানি, এরোস্পেস ও পানি খাতে কাজ করছে। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রঁর আমন্ত্রণে ২০২১ সালের নভেম্বরে ফ্রান্স সফর করেন। এখন শেখ হাসিনার আমন্ত্রণে ম্যাক্রঁ ফিরতি সফরে ঢাকা সফর করলেন। ফ্রান্স ইউরোপের প্রভাবশালী একটি দেশ এবং ভূ-কৌশলগত ও ভূ-অর্থনৈতিক বিবেচনায় ফরাসি প্রেসিডেন্টের এ সফর খুবই গুরুত্বপূর্ণ কূটনৈতিক ক্ষেত্রে বাংলাদেশকে ফ্রান্সের গুরুত্ব দেয়ার প্রমাণই হলো দেশটির প্রেসিডেন্টের সফর। আশা করা হচ্ছে ২০৪০ সালের মধ্যে বিশ্বের বড় ২২টি অর্থনীতির একটি হবে বাংলাদেশ। সঙ্গত কারণেই ফ্রান্স প্রযুক্তি ও ব্যবসার নানা ক্ষেত্রে বাংলাদেশের সাথে কাজ করতে আগ্রহী হয়ে উঠেছে। এ কারণে শীর্ষ পর্যায়ের এ সফর অনুষ্ঠিত হচ্ছে। ঢাকায় কূটনৈতিক বিশ্লেষকরা বলছেন, ফরাসি প্রেসিডেন্টের এই সফর কয়েকটি কারণে বিশেষ গুরুত্বপূর্ণ। ফ্রান্স বাংলাদেশে সমরাস্ত্র বিক্রি বাড়ানোর চেষ্টা করছে অনেক দিন ধরে। দেশটি মিলিটারি হার্ডওয়্যার শিল্পেও বেশ প্রভাবশালী। যুক্তরাষ্ট্রের বোয়িংয়ের আধিপত্য কমাতে বাংলাদেশে বিমান বহরের জন্য এয়ারবাস কোম্পানির উড়োজাহাজ কেনার কথা বিবেচনা করছে বাংলাদেশ সরকার। অন্যদিকে ভারত মহাসাগরকে ঘিরে ফ্রান্সের আলাদা কৌশলগত স্বার্থ রয়েছে এবং এ অঞ্চলে দেশটির সামরিক উপস্থিতিও আছে।

ফ্রান্স এখন চাইছে এ অঞ্চলের দেশগুলোর সঙ্গে সম্পর্ক আরও নিবিড় করতে। ওদিকে ম্যাক্রঁর ঢাকা সফরে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের বিষয়ে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হতে পারে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। এটি হবে একটি আর্থ অবজারভেটরি ভূ-উপগ্রহ কেন্দ্র যার মাধ্যমে বাংলা দেশের স্থলভাগ ও জলভাগ পর্যবেক্ষণ সম্ভব হবে। বাংলাদেশের প্রথম স্যাটেলাইট উৎক্ষেপণ হয়েছিলো ২০১৮ সালের ১৯শে মে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে। এটিও নির্মাণ করেছিলো ফরাসি একটি প্রযুক্তি কোম্পানি।এছাড়া এয়ারবাস কোম্পানি থেকে উড়োজাহাজ কেনার বিষয়ে উভয় দেশের কর্মকর্তারা আলোচনা করছেন। যুক্তরাষ্ট্র ২০২১ সালে র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা দেয়ার পর থেকে দেশটির সাথে বাংলাদেশের ক্ষমতাসীনদের রাজনৈতিক সম্পর্কের টানাপড়েনের মধ্যেই চলতি বছরের শুরুতে ফ্রান্সের এয়ারবাস কোম্পানি থেকে দশটি উড়োজাহাজ কেনার নীতিগত সিদ্ধান্ত নেয় বাংলাদেশ। তবে যুক্তরাষ্ট্রের বোয়িং থেকেও নতুন উড়োজাহাজ কেনা অব্যাহত রাখার বিষয়েও চাপ আছে। এমন পরিস্থিতিতে ফরাসি প্রেসিডেন্টের এ সফরে বিষয়টি আলোচনায় আসছে। ২০২১ সালে শেখ হাসিনার ফ্রান্স সফরের সময়ে একটি প্রতিরক্ষা সহযোগিতার সমঝোতা পত্রে স্বাক্ষর করেছিলো বাংলাদেশ ও ফ্রান্স। দেশটি অনেকদিন ধরেই বাংলাদেশে সমরাস্ত্র বিক্রি করতে আগ্রহ প্রকাশ করে আসছে।বাংলাদেশও ফোর্সেস গোল ২০৩০ এর মাধ্যমে সশস্ত্র বাহিনী আধুনিকায়নের কাজ শুরু করেছে। এসব নিয়ে আলোচনার জন্য ২০২১ সালে শেখ হাসিনার ফ্রান্স সফরের আগে ২০২০ সালের মার্চে দেশটির প্রতিরক্ষা মন্ত্রীও ঢাকায় এসেছিলেন যার মূল লক্ষ্য ছিলো বাংলা দেশের কাছে রাফাল জঙ্গি বিমান বিক্রির প্রস্তাব তুলে ধরা। সমরাস্ত্র হোক আর এয়ারবাস হোক-তাদের মূল ফোকাসই থাকবে ব্যবসা।

আর মনে রাখতে হবে ইন্দো প্যাসিফিক অঞ্চলে ফ্রান্সের স্বতন্ত্র সামরিক উপস্থিতি আছে। অর্থাৎ এ অঞ্চলটি তাদের কাছেও গুরুত্বপূর্ণ। সে কারণেই ফ্রান্স চাইবে বাংলাদেশের সাথে সম্পর্ক আরও উন্নত করতে। ঢাকার কূটনৈতিক সূত্রগুলো বলছেন জি-২০ সামিট থেকে ঢাকায় আসার যে সিদ্ধান্ত ফরাসি প্রেসিডেন্ট নিয়েছেন তার রাজনৈতিক গুরুত্বও আছে। বিশেষ করে নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্র যখন নানা ইস্যুতে ক্রমাগত চাপ তৈরি করছে। উদীয়মান অর্থনীতির দেশগুলোর জোট ব্রিকস-এর বিষয়েও আগ্রহ রয়েছে ফ্রান্সের। অন্যদিকে পশ্চিমা সরকার প্রধানদের মধ্যে একমাত্র ফরাসি প্রেসিডেন্টই চীন সফর করেছেন। চীন আবার বাংলাদেশের নানা প্রকল্পে ব্যাপকভাবে জড়িত। এমন পরিস্থিতিতে ফরাসি প্রেসিডেন্টের ঢাকার সফর নির্বাচনের আগে বাংলাদেশর বর্তমান সরকারের আন্তর্জাতিক পরিমণ্ডলে যুক্তরাষ্ট্রের কারণে তৈরি হওয়া অস্বস্তি কাটাতেও সহায়তা করবে বলে আশা করছে সরকারি সূত্রগুলো। ভূ-কৌশলগত ও ভূ-অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশ তার গুরুত্ব তৈরি করতে পেরেছে বলেই ফরাসি প্রেসিডেন্ট এ সফরে আসছেন। স্যাটেলাইট ও এয়ারবাস নিয়ে উভয় দেশ কাজ করছে। এখন এসব নিয়ে চুক্তি করা বা চুক্তির সম্ভাবনা তৈরি হওয়া মানে হলো ক্রিটিক্যাল প্রযুক্তির অংশীদারিত্বের জন্য বাংলাদেশকে সক্ষম বলে বিবেচনা করছে ফ্রান্স, যার রাজনৈতিক গুরুত্ব অপরিসীম। প্রেসিডেন্টের সফরের আগে উভয় দেশের কর্মকর্তারা কয়েক ধাপে গুরুত্বপূর্ণ ইস্যুগুলো নিয়ে আলোচনা করেছেন, যা দু দেশের সম্পর্কেও ইতিবাচক প্রভাব ফেলেছে। সাম্প্রতিক সময়ে আফ্রিকার দেশে দেশে ফ্রান্সের উপনিবেশবাদী আধিপত্যের দরকারি

বাংলাদেশ এবং ফ্রান্স উভয়ই জলবায়ু পরিবর্তন সমস্যা মোকাবিলায় সক্রিয়ভাবে জড়িত। ফ্রান্স নবায়নযোগ্য শক্তি এবং জলবায়ু অভিযোজন-সম্পর্কিত প্রকল্পসহ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশের কিছু প্রচেষ্টাকে সমর্থন করেছে। বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সেনাদের অবদান রেখেছে এবং ফ্রান্স বিশ্ব শান্তিরক্ষা প্রচেষ্টায় বাংলাদেশের ভূমিকাকে স্বীকৃতি ও প্রশংসা করেছে। ফ্রান্স ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক জোরদার করা মাখোঁর সফরের লক্ষ্য হতে পারে। শক্তিশালী দ্বিপক্ষীয় সম্পর্কের বিষয় এলে জলবায়ু পরিবর্তন, আঞ্চলিক স্থিতিশীলতা ও অস্ত্র বিক্রির বিষয় আসবে আলোচনার টেবিলে। রোহিঙ্গা সংকট, আরাকানের বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের পরিপ্রেক্ষিতে এই অঞ্চলে স্থিতিশীলতার প্রশ্নে শান্তিরক্ষী মিশনের সম্ভাব্য প্রয়োজনীয়তার আলাপ গুরুত্বপূর্ণ। সামরিক ক্রয়ের প্রশ্নে ফ্রান্স যুদ্ধবিমান বিক্রির চেষ্টা করতে পারে, তবে কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত ড্রোন যুদ্ধের নতুন যুগে এসবের আবেদন কমেছে

এক পতন পর্বের শুরু হয়েছে বলে আন্তর্জাতিক মহল ধারণা করছে। এই পরিস্থিতিতে সম্ভাব্য অর্থনৈতিক সংকটের ঝুঁকিতে রয়েছে ফ্রান্স। ফলে এই ধারণা অমূলক নয় যে জি২০ সম্মেলনে যোগ দেওয়ার মূল উদ্দেশ্য নিয়ে এ অঞ্চলে এসে বাংলাদেশ সরকারের সঙ্গে নির্বাচনের আগে কিছু কৌশলগত বাণিজ্য ও সামরিক ক্রয় চুক্তি করে নেওয়া ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রঁর সফরের উদ্দেশ্য হতে পারে অনেকেই মনে করছেন। তবে অভিযোগও আছে, ফ্রান্সের অর্থনীতি খারাপের দিকে গেলে, দেশটি অস্ত্র বিক্রির সুযোগ খুঁজতে থাকে। ইউরোপ ও আফ্রিকায় শক্তিশালী অবস্থান থাকলেও দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সামরিক ও রাজনৈতিক সংকটের কোনো 'ডিপ্লোম্যাটিক সেটেলমেন্ট' বা কূটনৈতিক বন্দোবস্ত করার সামর্থ্য ফ্রান্সের নেই বললেই চলে। নিজ দেশে দাঙ্গাসহ সামাজিক অর্থনৈতিক অস্থিরতায় পড়েছেন ম্যাক্রঁ। দেশটিকে ইদানীং কিছু বিষয়ে চীন-রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মাঝামাঝি একটা অবস্থান নেওয়ার চেষ্টা করতে দেখা যায়। ফ্রান্স বিশ্ব রাজনীতি ও অর্থনীতিতে প্রধানতম খেলোয়াড়দের একটি, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য যারা ইউরোপীয় ইউনিয়নে কেন্দ্রীয় ভূমিকা পালন করে। আন্তর্জাতিক কূটনীতি ও অর্থনৈতিক স্থিতিশীলতায় ফ্রান্স উল্লেখযোগ্য অবদান রাখে। ফ্রান্সের সাংস্কৃতিক ঐতিহ্য, ভাষা, রন্ধন প্রণালি ও শিল্প বিশ্বে 'সফট পাওয়ার' তৈরি পরিবর্তনে অবদান রাখে।ফ্রান্সের কূটনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক প্রভাব বৈশ্বিক বিষয়াবলির গতিপথকে প্রভাবিত করে। মহাকাশ প্রযুক্তি, স্বয়ংচালিত মেশিনারি, কৃষি, বিলাসদ্রব্যসহ বিভিন্ন নামকরা শিল্প নিয়ে ফ্রান্স বিশ্বের অন্যতম বৃহত্তম অর্থনীতি। এটি বিশ্বের শীর্ষ দুটি জোট জি-৭ এবং জি-২০-এর সদস্য, যেখানে দেশটি বিশ্বব্যাপী অর্থনৈতিক নীতি তৈরি ও পরিবর্তনে অবদান রাখে। জ্বালানি জায়ান্ট টোটাল এনার্জিস, উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাস এবং বিলাসবহুল ফ্যাশন হাউস লুই ভুত্তো (এলভিএমএইচ) এবং কেরিংসহ অনেক বহুজাতিক প্রতিষ্ঠানের সূতিকাগার এটাও ভুলে গেলে চলবে না।

ফ্রান্স ও বাংলাদেশের সম্পর্কের সূত্র তৈরি পোশাক রপ্তানি, প্রতিরক্ষা ক্রয়, জাতিসংঘ শান্তিরক্ষা, জলবায়ু পরিবর্তন এবং পরিবেশ, শিক্ষা ও সাংস্কৃতিক লেনদেন ইত্যাদি ক্ষেত্রে বিদ্যমান। বাংলাদেশের সঙ্গে ফ্রান্সের সম্পর্ক যুক্তরাষ্ট্র, চীন ও ভারতের মতো ব্যাপক বিস্তৃত না হলেও খুব পিছিয়ে নেই। এদিকে ফ্রান্স বাংলাদেশের পোশাক রপ্তানির অন্যতম ভালো বাজার, যেখানে বার্ষিক রপ্তানি প্রায় আড়াই বিলিয়ন ডলারের, ভারত ও চীনে আমাদের মোট রপ্তানির চেয়েও বেশি। ফ্রান্সের কাছ থেকে নৌযান ও হেলিকপ্টারসহ সামরিক সরঞ্জাম কিনেছে বাংলাদেশ। বাংলাদেশ এবং ফ্রান্স উভয়ই জলবায়ু পরিবর্তন সমস্যা মোকাবিলায় সক্রিয়ভাবে জড়িত। ফ্রান্স নবায়নযোগ্য শক্তি এবং জলবায়ু অভিযোজন-সম্পর্কিত প্রকল্পসহ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশের কিছু প্রচেষ্টাকে সমর্থন করেছে। বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সেনাদের অবদান রেখেছে এবং ফ্রান্স বিশ্ব শান্তিরক্ষা প্রচেষ্টায় বাংলাদেশের ভূমিকাকে স্বীকৃতি ও প্রশংসা করেছে। ফ্রান্স ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক জোরদার করা মাখোঁর সফরের লক্ষ্য হতে পারে। শক্তিশালী দ্বিপক্ষীয় সম্পর্কের বিষয় এলে জলবায়ু পরিবর্তন, আঞ্চলিক স্থিতিশীলতা ও অস্ত্র বিক্রির বিষয় আসবে আলোচনার টেবিলে। রোহিঙ্গা সংকট, আরাকানের বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের পরিপ্রেক্ষিতে এই অঞ্চলে স্থিতিশীলতার প্রশ্নে শান্তিরক্ষী মিশনের সম্ভাব্য প্রয়োজনীয়তার আলাপ গুরুত্বপূর্ণ। সামরিক ক্রয়ের প্রশ্নে ফ্রান্স যুদ্ধবিমান বিক্রির চেষ্টা করতে পারে, তবে কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত ড্রোন যুদ্ধের নতুন যুগে এসবের আবেদন কমেছে। তবে বাংলাদেশ বিমানের জন্য ১০টি বা কিছু বেশি এয়ারবাসের উড়োজাহাজ কেনার ব্যাপারে সমঝোতা হতে পারে।

এমানুয়েল ম্যাক্রঁর লক্ষ্য হতে পারে ফরাসি ব্যবসা বিকাশের চেষ্টা করা এবং বাংলাদেশে যৌথ উদ্যোগ বা বিনিয়োগের ভালো সুযোগ অন্বেষণ করা। যদিও চীন ভারতের সঙ্গে টেক্কা দেওয়া ফ্রান্সের পক্ষে কঠিন। রাশিয়াকে পাশ কাটিয়ে রূপপুরের পরে বাংলাদেশের দ্বিতীয় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বিষয়ে ফ্রান্স আগ্রহ দেখাতে পারে। এর আগে ফ্রান্সের থালিস বঙ্গবন্ধু স্যাটেলাইট বানিয়েছে। থালিস ও এয়ারবাস নিখুঁত স্যাটেলাইট ইমেজ প্রসেসিং ডেটা সরবরাহ করে, সাশ্রয়ী চুক্তি করা গেলে এসব জিআইএস ডেটা বাংলাদেশের বন্যা, কৃষি ব্যবস্থাপনা ও দুর্যোগ ব্যবস্থাপনায় ব্যাপক পরিসরে কাজে লাগানো যেতে পারে। বাংলাদেশ মহাকাশ গবেষণা সংস্থা স্পারসোর আবহাওয়া ও কৃষিবিষয়ক প্রকল্পের জন্য খুব কম খরচে ব্যাপক পরিসরে জিআইএস ডেটা দরকার। তবে ফ্রান্স থেকে বাংলাদেশ রেলপ্রযুক্তি নিলে খারাপ হবে না। আফ্রিকায় সাম্রাজ্য হাতছাড়া হওয়ার সময়ে ফ্রান্সের দরকার নতুন ব্যবসায়িক গন্তব্য। প্রশ্ন হচ্ছে, সুযোগটাকে টেকসইভাবে কাজে লাগানো পারাটাই বাংলাদেশ সরকারের জন্য বড় চ্যালেঞ্জ।

**লেখক : গবেষক ও কলাম লেখক**

# বাড়ি পালানো শিশুদের জন্য করণীয়

**ড.মতিউর রহমান**

সবুজ শ্যামল বাংলাদেশের সমাজে লোকচক্ষুর আড়ালে অনেক পরিবারে প্রায়শই এমন একটি অন্ধকার ও নীরব সংকট দেখা দেয় যা কোন চিহ্ন রেখে যায় না কিন্তু হৃদয় ভেঙে দেয় এবং ভবিষ্যৎ অনিশ্চিত করে। বাংলাদেশে বাড়ি থেকে পালিয়ে আসা শিশুদের কথা বলা হচ্ছে যা একটি হৃদয়বিদারক ঘটনা এবং যা অবিলম্বে আমাদের মনোযোগ এবং পরিবর্তন আনতে সমন্বিত প্রচেষ্টার দাবি রাখে। বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ দেশ বাংলাদেশে শিশুদের বাড়ি থেকে পালিয়ে আসার বিষয়টি নতুন নয়। এটি একটি দুঃখজনক বাস্তবতা যা প্রজন্মের পর প্রজন্ম ধরে টিকে আছে, আর্থ-সামাজিক কারণ, সাংস্কৃতিক নিয়ম এবং পর্যাপ্ত সামাজিক নিরাপত্তা জালের অভাবের কারণে। এদের সঠিক সংখ্যাও কারো জানা নেই। প্রতি বছর কত শিশু বাড়ি থেকে পালিয়ে যায় তার সংখ্যাও জানা নেই। কারণ এ বিষয়টি নিয়ে ভাবা হয় খুব কমই। এই শিশুরা অনেক কারণে প্রায়শই তাদের কৈশোরকালীন বছরগুলিতে, তাদের বাড়ি থেকে পালিয়ে যায় যার প্রতিটি গল্প অনন্য তবে হতাশার সুতোয় গাঁথা। এই সমস্যাটি সমাধানের প্রথম পদক্ষেপ হল এই শিশুরা কেন পালিয়ে যায় তা বোঝা। এটা হালকাভাবে নেওয়া কোন সিদ্ধান্ত নয়। এটা ভয়, অবহেলা, দুর্ব্যবহার, বা বাড়িতে অসহনীয় পরিস্থিতি থেকে জন্ম নেওয়া একটি মরিয়া কাজ। দারিদ্র্য, বাংলাদেশে একটি বিস্তৃত সমস্যা, যা অনেক পরিবারকে বেঁচে থাকার জন্য প্রতিদিন সংগ্রাম করতে বাধ্য করে। যখন পিতামাতারা তাদের সন্তানদের খাবার, আশ্রয় বা শিক্ষার ব্যবস্থা করতে পারে না, তখন এটি হতাশা সৃষ্টি করে বা হতাশা সৃষ্টির জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করে। কিছু ক্ষেত্রে, এই শিশুরা তাদের নিজের বাড়িতে শারীরিক, মানসিক বা এমনকি যৌন নির্যাতনের শিকার হয়। তারা যে অসহ্য যন্ত্রণা এবং অপমান সহ্য করে তা তাদের পালাতে বাধ্য করতে পারে। অন্যান্যের মতো, একটি উন্নত জীবনের সম্ভাবনা তাদের অজানাতে প্রলুব্ধ করে। তারা শহরগুলিকে আশার আলোকসজ্জা হিসাবে কল্পনা করে, এমন জায়গা যেখানে স্বপ্নগুলি সত্য হয় এবং কষ্টগুলি পিছনে ফেলে দেওয়া যায়। তবুও, এই স্বপ্নগুলি প্রায়শই শহরের রাস্তায় জীবনের কঠোর বাস্তবতার নীচে চুরমার হয়ে যায়। একবার এই শিশুরা তাদের বাড়ি থেকে সেই দুর্ভাগ্যজনক পদক্ষেপ গ্রহণ করলে, তারা পারিবারিক ভালবাসার উষ্ণতা থেকে দূরের একটি জগতে প্রবেশ করে। রাস্তা তাদের আশ্রয়স্থল হয়ে ওঠে সেইসাথে তাদের জন্য যুদ্ধক্ষেত্রও। যানজটযুক্ত রাস্তা এবং জনাকীর্ণ বস্তিসহ বাংলাদেশের রাজধানী ঢাকার রাস্তায় বেঁচে থাকা কোনো ছোট কীর্তি নয়। এই শিশুরা অসংখ্য বিপদের সম্মুখীন হয়। সেইসাথে ক্ষুধা, অসুস্থতা, শোষণ এবং যৌন সহিংসতার ক্রমাগত হুমকিও তাদেরকে ঘিরে থাকে। পিতামাতার দিকনির্দেশনা এবং যত্নের অনুপস্থিতি তাদের বিভিন্ন ধরণের শোষণের ঝুঁকিতে ফেলে। মানব পাচারকারী এবং অসাধু ব্যক্তিরা তাদের দুর্বলতার শিকারি হয়, তাদের প্রলুব্ধ করে শিশুশ্রম, পতিতাবৃত্তি, এমনকি অপরাধমূলক কর্মকাণ্ডে। এই শিশুরা অদৃশ্য শিকারে পরিণত হয়, শোষণের চক্রে আটকা পড়ে যা সারাজীবন না হলেও বছরের পর বছর ধরে চলতে পারে। সমাজের মধ্যে সচেতনতা এবং উদাসীনতার অভাব পরিস্থিতিকে আরও বাড়িয়ে তোলে। অনেক লোক পলাতক শিশুদের দুর্দশাকে উপেক্ষা করে, তাদের ক্ষুদ্র অপরাধী বা উপদ্রব হিসাবে চিহ্নিত করে। এই উদাসীনতা অবহেলার চক্রকে স্থায়ী করে, এই শিশুদের জন্য একটি স্থিতিশীল জীবনে ফিরে যাওয়ার পথ খুঁজে পাওয়া আরও কঠিন করে তোলে। এই সমস্যা সমাধানে সরকারের সক্রিয় ভূমিকা দরকার। যদিও শিশুদের সুরক্ষার জন্য সরকার নীতিমালাসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে তবুও সমাজের সবচেয়ে দুর্বল শিশুদের সুরক্ষার জন্য এখনও অনেক কাজ করা বাকি আছে। এইসব বাড়ি পালানো শিশুদের কাছে পৌঁছানোর জন্য শিশু সুরক্ষা নীতি এবং পরিষেবাগুলিকে শক্তিশালী এবং প্রসারিত করতে হবে। সমস্যা সমাধানের একটি গুরুত্বপূর্ণ দিক হল পলাতক শিশুদের জন্য আশ্রয় এবং পুনর্বাসন প্রদান। বেসরকারি সংস্থা এবং সরকারি সংস্থাগুলিকে নিরাপদ আশ্রয়কেন্দ্র স্থাপনের জন্য সহযোগিতা করা উচিত যেখানে এই শিশুরা আশ্রয় পেতে পারে, চিকিৎসা সেবা পেতে পারে এবং শিক্ষার সুযোগ পেতে পারে। এই আশ্রয়কেন্দ্রগুলিকে কেবল অস্থায়ী আশ্রয় হিসাবে কাজ করা উচিত নয় তবে এই শিশুদেরকে সমাজে পুন:একত্রিত করার জন্য প্রয়োজনীয় সংস্থান এবং কর্মসুচির নিয়ে কাজ করা উচিত। শিক্ষা ও দক্ষতা বৃদ্ধি একটি শক্তিশালী হাতিয়ার যা বাংলাদেশে পলাতক শিশুদের চক্র ভেঙ্গে দিতে পারে। যখন শিশুরা মানসম্পন্ন শিক্ষার সুযোগ পায়, তখন তারা আশা, দক্ষতা এবং উন্নত ভবিষ্যতের সুযোগ লাভ করে। সুতরাং, পরিস্থিতি নির্বিশেষে সমস্ত শিশু যাতে শিক্ষার সুযোগ পায় তা নিশ্চিত করার চেষ্টা করা উচিত। এর মধ্যে রয়েছে এমন নীতি বাস্তবায়ন করা যা স্কুলে উপস্থিতিকে উৎসাহিত করে এবং পরিবারকে তাদের

বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ দেশ বাংলাদেশে শিশুদের বাড়ি থেকে পালিয়ে আসার বিষয়টি নতুন নয়। এটি একটি দুঃখজনক বাস্তবতা যা প্রজন্মের পর প্রজন্ম ধরে টিকে আছে, আর্থ-সামাজিক কারণ, সাংস্কৃতিক নিয়ম এবং পর্যাপ্ত সামাজিক নিরাপত্তা জালের অভাবের কারণে। এদের সঠিক সংখ্যাও কারো জানা নেই। প্রতি বছর কত শিশু বাড়ি থেকে পালিয়ে যায় তার সংখ্যাও জানা নেই। কারণ এ বিষয়টি নিয়ে ভাবা হয় খুব কমই। এই শিশুরা অনেক কারণে প্রায়শই তাদের কৈশোরকালীন বছরগুলিতে, তাদের বাড়ি থেকে পালিয়ে যায় যার প্রতিটি গল্প অনন্য তবে হতাশার সুতোয় গাঁথা। এই সমস্যাটি সমাধানের প্রথম পদক্ষেপ হল এই শিশুরা কেন পালিয়ে যায় তা বোঝা। এটা হালকাভাবে নেওয়া কোন সিদ্ধান্ত নয়। এটা ভয়, অবহেলা, দুর্ব্যবহার, বা বাড়িতে অসহনীয় পরিস্থিতি থেকে জন্ম নেওয়া একটি মরিয়া কাজ। দারিদ্র্য, বাংলাদেশে একটি বিস্তৃত সমস্যা, যা অনেক পরিবারকে বেঁচে থাকার জন্য প্রতিদিন সংগ্রাম করতে বাধ্য করে

সন্তানদের স্কুলে রাখতে সহায়তা করে। তাছাড়া, এই শিশুদের জন্য কাউন্সেলিং এবং মানসিক স্বাস্থ্য সেবা পাওয়া উচিত। তাদের ভয়ানক অভিজ্ঞতার মানসিক ক্ষত গভীর হতে পারে এবং তাদের মানসিক সুস্থতাকে সম্বোধন করা তাদের শারীরিক চাহিদা পূরণের মতোই গুরুত্বপূর্ণ। পেশাদার পরামর্শদাতা এবং সমাজকর্মীরা এই শিশুদের নিরাময় এবং তাদের জীবন পুনর্গঠনে সহায়তা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। শিশু পাচার ও শোষণের বিরুদ্ধে লড়াইয়ের প্রচেষ্টা আরও জোরদার করতে হবে। আইন প্রয়োগকারী সংস্থার উচিত পলাতক শিশুদের উদ্ধার ও সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া এবং শিশু পাচার ও শোষণের সাথে জড়িতদের কঠোর শাস্তির বিধান করা। অধিকন্তু, পাচারের বিপদ এবং সন্দেহজনক কার্যকলাপের রিপোর্ট করার গুরুত্ব সম্পর্কে সম্প্রদায়কে শিক্ষিত করার জন্য সচেতনতামূলক প্রচারণা চালানো উচিত। সরকারি পদক্ষেপের পাশাপাশি, বাংলাদেশে পলাতক শিশুদের সমস্যা মোকাবিলায় বেসরকারি সংগঠনগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই সংস্থাগুলোর প্রায়শই সবচেয়ে প্রান্তিক শিশুদের কাছে পৌঁছাতে এবং তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় নমনীয়তা এবং স্থানীয় জ্ঞান থাকে। সরকারি সংস্থা, এনজিও এবং সম্প্রদায়ের নেতাদের মধ্যে সহযোগিতামূলক প্রচেষ্টা পলাতক শিশুদের জন্য একটি ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা তৈরি করতে পারে। পারি ফাউন্ডেশন নামক একটি বেসরকারি মানবসেবামূলক সংস্থা দীর্ঘদিন থেকে বাড়ি থেকে পালানো শিশুদের পরিবারকে খুঁজে বের করে তাদেরকে পরিবারের হাতে তুলে দিতে সহায়তা করছে। এই মহতী কাজের জন্য পারি ফাউন্ডেশন প্রশংসার দাবী রাখে। আমাদেরও উচিত পারি ফাউন্ডেশনের মতো বেসরকারি সংগঠনগুলোকে সহায়তা দিয়ে তাদের এই মহৎ কাজের পাশে থাকা। পলাতক শিশুদের বিষয়টি যে বিচ্ছিন্ন নয় তা স্বীকার করা অপরিহার্য ; এটি দারিদ্র্য, সামাজিক অসমতা এবং প্রয়োজনীয় পরিষেবাগুলিতে প্রবেশাধিকারে অভাবের মতো বৃহত্তর চ্যালেঞ্জগুলির সাথে জড়িত। সত্যিকার অর্থে এই সমস্যাটির সমাধান করার জন্য, আমাদের অবশ্যই এমন একটি সমাজের দিকে কাজ করতে হবে যেখানে সমস্ত শিশু তাদের পরিবার এবং সম্প্রদায়ের মধ্যে উন্নতি করতে পারে। দারিদ্র্য বিমোচন কর্মসূচি, সামাজিক নিরাপত্তা জাল, এবং অর্থনৈতিক ক্ষমতায়ন উদ্যোগগুলি পলাতক শিশুদের চক্রের অবসান ঘটাতে একটি সামগ্রিক পদ্ধতির গুরুত্বপূর্ণ উপাদান। উপরন্তু, গণমাধ্যম উল্লেখযোগ্যভাবে এই সমস্যা সম্পর্কে সচেতনতা বাড়াতে পারে এবং কর্তৃপক্ষকে জবাবদিহি করতে পারে। সাংবাদিক এবং মিডিয়া আউটলেটগুলি পলাতক শিশুদের গল্পের উপর আলোকপাত করতে পারে, তাদের অভিজ্ঞতাকে মানবিক করতে পারে এবং নীতি পরিবর্তন এবং সরকারি পদক্ষেপের জন্য চাপ দিতে পারে। এইসব অবহেলিত শিশুদের জন্য একটি বার্তা দেওয়ার মাধ্যমে, মিডিয়া জনগণের সহানুভূতিকে অনুঘটক করতে পারে এবং উদ্ধার ও পুনর্বাসনের জন্য সহায়তা সংগ্রহ করতে পারে। বাংলাদেশে পলাতক শিশুদের দুর্দশা একটি হৃদয় বিদারক সঙ্কট যা অবিলম্বে মনোযোগ ও পদক্ষেপের দাবি রাখে। এই শিশুরা হতাশা দ্বারা চালিত হয়ে বাড়ি থেকে পালিয়ে বিপজ্জনক যাত্রা শুরু করে যা প্রায়ই আরও দুঃখকষ্ট এবং শোষণের দিকে নিয়ে যায়। এই সমস্যাটি মোকাবিলা করার জন্য একটি বহুমুখী পদ্ধতির প্রয়োজন যার মধ্যে সরকারের হস্তক্ষেপ, সুশীল সমাজের সম্পৃক্ততা এবং এই দুর্বল শিশুদের অধিকার ও মঙ্গল রক্ষার জন্য একটি সম্মিলিত অঙ্গীকার অন্তর্ভুক্ত রাখা। আমাদের অবশ্যই স্বীকার করতে হবে যে পলাতক শিশুদের ভাগ্য আমাদের সমাজের বৃহত্তর চ্যালেঞ্জগুলিকে প্রতিফলিত করে, দারিদ্র্য এবং অসমতা থেকে শিক্ষা এবং সামাজিক পরিষেবাগুলিতে প্রবেশাধিকারের অভাব পর্যন্ত। এই চক্রটি ভাঙ্গার জন্য আমাদের অবশ্যই তাদের দুর্দশার মূল কারণগুলিকে মোকাবিলা করতে হবে এবং এমন একটি বাংলাদেশের দিকে কাজ করতে হবে যেখানে প্রতিটি শিশু শিক্ষা, দক্ষতা, স্বাস্থ্যসেবা এবং একটি আশাপূর্ণ ভবিষ্যতসহ একটি নিরাপদ এবং মর্যাদাপূর্ণ পরিবেশে বেড়ে উঠতে পারে। সুতরাং, এখনই উদ্যোগ নেওয়ার সময়। আমরা বাড়ি থেকে পালানো একটি প্রজন্মের শিশুদের পেছনে ফেলে দিতে পারি না, তাদের স্বপ্ন ভেঙ্গে যায় এবং তাদের সম্ভাবনা নষ্ট হয় এমন কাজও করা উচিত নয়। আমাদের সম্মিলিত দায়িত্ব হল বাংলাদেশের প্রতিটি শিশু যাতে রাস্তার দুর্বিষহ জীবন ও হতাশার হাত থেকে মুক্ত হয়ে একটি উজ্জ্বল ভবিষ্যত গড়ার সুযোগ পায় তা নিশ্চিত করা। তবেই আমরা সত্যিকার অর্থে এমন একটি সমাজ বলে দাবি করতে পারি যেটি তার সমস্ত সদস্যের মঙ্গল এবং মর্যাদাকে মূল্য দেয়, তাদের পরিস্থিতি নির্বিশেষে।

**লেখক: গবেষক ও উন্নয়নকর্মী**

# বিপর্যস্ত লিবিয়া, মৃত্যুর চেয়ে ভয়াবহ পরিস্থিতি

**আন্তর্জাতিক ডেস্ক :** ভয়াবহ বন্যায় বিপর্যস্ত লিবিয়া। লাফিয়ে লাফিয়ে বাড়ছে মৃতের সংখ্যা। সমুদ্রে এখনো দুই হাজারের বেশি লাশ ভেসে বেড়াচ্ছে বলে বিবিসির এক প্রতিবেদনে বলা হয়েছে। প্রাণহানির সংখ্যা ২০ হাজারের বেশি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। লিবিয়ার পূর্বাঞ্চলীয় শহর ডেরনার ৩১ বছর বয়সী হিসাবরক্ষক হুসাম আব্দেলগাউই দেশটিতে ভয়াবহ বন্যা পরিস্থিতির বর্ণনা দিয়েছেন। তিনি জানান, খারাপ কিছু হতে যাচ্ছে-এমন সম্ভাবনার প্রকাশ পায় সাধারণত কুকুরে চিৎকার থেকে। আর এটা ছিল রাত প্রায় আড়াইটা এবং বাইরে অন্ধকার। সেইদিন রোববার তিনি জেগে ওঠেন ও ঘুম চোখেই নীচে নেমে দেখেন তার পায়ের নীচে পানি। একই ঘরের এক অংশে হুসাম এবং অন্য অংশে তার ছোট ভাই ইব্রাহিম থাকেন। তিনি সামনের ঘরের দরজা খোলা মাত্রই হুড়মুড় করে ঘরে ঢুকে পড়ে বন্যার পানি। দুই ভাই দৌড়ে ঘরের পেছনের দিকে যান। সেখানে গিয়ে তারা অবিশ্বাস্য পরিস্থিতির সম্মুখীন হন, যা তাদের কাছে ছিল 'মৃত্যুর চেয়েও ভয়াবহ'। আল কুব্বাহ শহর থেকে ফোনে এভাবেই পরিস্থিতির বর্ণনা দিয়েছেন তিনি। "শিশু ও নারীরা আমাদের পাশ দিয়ে ভেসে যাচ্ছিল। গাড়ি এবং পুরো ঘর বিদ্যুতায়িত হয়ে পড়েছিল। কিছু মৃতদেহ পানিতে ভাসতে ভাসতে ঘরের মধ্যে ঢুকে পড়ছিল"। হুসাম ও ইব্রাহিমক পানির তোড়ে ভেসে যায়। কয়েক সেকেন্ডের মধ্যে তারা প্রায় দেড়শ মিটার দূরে চলে যায়। ২৮ বছর বয়সী ইব্রাহিম বিদ্যুতের ভাসমান তার ধরে একটি খাম্বার কাছে দাঁড়াতে সক্ষম হন, যেখানে তার ভাইও আটকা পড়েছিল। ওই তারকে রশির মতো ব্যবহার করে তারা পার্শ্ববর্তী একটি ভবনের দিকে এগুতে থাকেন এবং তৃতীয় তলার জানালা দিয়ে ঢুকে পড়েন। এরপর পাঁচতলার ছাদে গিয়ে আশ্রয় নেন। আমরা যেখানে ছিলাম সেটি শহরের অন্য এলাকাগুলোর চেয়ে উঁচু এলাকা বলেন হুসাম। তিনি আরও বলেছেন,"নীচু এলাকাগুলোতে আমার মনে হয় না ৫/৬ তলা পর্যন্ত কেউ বেঁচে ছিল। মনে হয় সবাই মারা গেছে। আল্লাহ তাদের ক্ষমা করুন।" জাতিসংঘে লিবিয়ার দূত জানিয়েছেন, কমপক্ষে ছয় হাজার মানুষের মৃত্যু হয়েছে এবং নিখোঁজ আছে আরও কয়েক হাজার। লিবিয়ায় রেড ক্রিসেন্টের একজন কর্মকর্তা বলেছেন, মারা গেছে প্রায় ১০ হাজারের মতো মানুষ। অন্যদিকে ডেরনার মেয়র দাবি করেছেন যে সম্ভবত ২০ হাজার মানুষ প্রাণ হারিয়েছে। ডেরনার বাইরের অংশে দুই বাঁধ ধসে বন্যার পানি শহরে ঢুকে পড়ায় এমন পরিস্থিতি তৈরি হয়েছে।

## কেরালায় ছড়িয়ে পড়েছে নিপাহ ভাইরাসের সংক্রমণ

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য কেরালায় নতুন করে ছড়িয়ে পড়েছে নিপাহ ভাইরাসের সংক্রমণ। এ ঘটনা নিশ্চিত হওয়ার পর রাজ্যটির সরকার সেটিকে 'বাংলাদেশ ভ্যারিয়েন্ট' ভাইরাস বলে দাবি করেছে। কেরালার স্বাস্থ্যমন্ত্রী ভিনা জর্জ রাজ্যের বিধানসভায় এক প্রশ্নের জবাবে এ তথ্য জানিয়েছেন। যদিও ভারতের কেন্দ্রীয় সরকার বা তাদের সংস্থাগুলো এখনো বিষয়টি নিশ্চিত করেনি। পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অব ভাইরোলজি থেকে বিশেষজ্ঞদের দল এরইমধ্যে কেরালায় পৌঁছেছে এবং পরীক্ষা-নিরীক্ষা শুরু করেছে। অস্থায়ী ল্যাবরেটরি স্থাপন করে এবং বাদুড়দের ওপর জরিপ চালিয়ে তারা ভাইরাসটির প্রকৃতি ও ধরন নিশ্চিত করতে চাচ্ছেন তারা। তবে কেরালা সরকার বলছে, সম্প্রতি তাদের রাজ্যে নিপাহ ভাইরাসের যে ধরন বা ভ্যারিয়েন্টটির প্রাদুর্ভাব দেখা যাচ্ছে, তার সঙ্গে বাংলাদেশ ভ্যারিয়েন্টের মিল রয়েছে। এ জন্যই সেটিকে ওই নামে শনাক্ত করা হচ্ছে। কেরালার স্বাস্থ্য মন্ত্রণালয়ের বক্তব্য অনুযায়ী, নিপাহ ভাইরাসের বাংলাদেশ ভ্যারিয়েন্টের বৈশিষ্ট্য মূলত তিনটি।

প্রথমত, এটি মানুষ থেকে মানুষে ছড়ানোর ক্ষমতা রাখে।

দ্বিতীয়ত, এই ভ্যারিয়েন্টের সংক্রমণে মর্টালিটি রেট, অর্থাৎ আক্রান্তদের মধ্যে মৃত্যুর হার অত্যন্ত বেশি।

তৃতীয়ত, এটি কিন্তু তেমন সংক্রামক নয়। অর্থাৎ সংক্রমণ খুব দ্রুত বেগে ছড়ায় না।

কেরালার থোনাক্কালে ইনস্টিটিউট অব অ্যাডভান্সড ভাইরোলজি রাজ্যের নিপাহ আক্রান্ত কেসগুলো নিয়ে এরইমধ্যে প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা চালিয়েছে। সংস্থার প্রধান ই শ্রীকুমার গত বৃহস্পতিবার জানিয়েছেন, আক্রান্ত এলাকায় কনট্যাক্ট ট্রেসিংয়ের কাজ চলছে। তবে বাংলাদেশ থেকে আগত কারও মাধ্যমে কেরালায় ওই ভাইরাস ছড়িয়েছে, সেটি বলা হচ্ছে না।

# রাশিয়ায় যুদ্ধবিমানের কারখানায় কিম

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ার যুদ্ধবিমান কারখানা ঘুরে দেখেছেন কিম। রাশিয়ার সঙ্গে অস্ত্রচুক্তির আশঙ্কা প্রকাশ করেছে দক্ষিণ কোরিয়া। রাশিয়ার পূর্ব দিকের শহর কমসমোলাস্কে পৌঁছেছেন উত্তর কোরিয়ার রাষ্ট্রপ্রধান কিম জং উন। সেখানে একটি সামরিক কারখানা ঘুরে দেখেন তিনি। স্থানীয় সংবাদমাধ্যম এ খবর প্রকাশ করেছে। রাশিয়ার গণমাধ্যম কিমের ট্রেনের ছবিও প্রকাশ করেছে। কিমকে সেখানে রীতিমতো রেড কার্পেট-লাল গালিচা অভ্যর্থনা জানানো হয়। স্টেশনে নেমেই কিম চলে যান সামরিক কারখানাটি দেখতে। সেখানে এসইউ ৩৫ এবং এসইউ ৫৭ দেখেছেন তিনি। এই কারখানায় যুদ্ধবিমানের পাশাপাশি বেসামরিক বিমানও তৈরি হয়। গত মঙ্গলবার রাশিয়ায় পৌঁছেন কিম। ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক হয়েছে উত্তর কোরিয়ার প্রধানের। সেখানে কিম ইউক্রেন যুদ্ধে রাশিয়াকে নিঃশর্ত সহযোগিতার প্রতিশ্রুতি দেন। কিমের এই সফর নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে দক্ষিণ কোরিয়া। উত্তর কোরিয়া রাশিয়ার সঙ্গে আরো বড় সামরিক চুক্তিতে যাচ্ছে এমন আশঙ্কা তাদের। দক্ষিণ কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, দুই দেশের মধ্যে সেনা সহযোগিতা, অস্ত্রচুক্তি এবং উপগ্রহসংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে। অর্থাৎ উত্তর কোরিয়াকে উপগ্রহচিত্র দিয়েও সাহায্য করবে রাশিয়া। যুক্তরাষ্ট্র ইতিমধ্যেই জাপান এবং দক্ষিণ কোরিয়ার সঙ্গে এ বিষয়ে ত্রিপক্ষীয় বৈঠকের ডাক দিয়ে রেখেছে। দুই দেশের মধ্যে সামরিক চুক্তি জাতিসংঘের নীতির বরখেলাপ হবে বলেও সতর্ক করা হয়েছে।

## ভারতে রানওয়ে থেকে ছিটকে পড়ল বিমান

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের মুম্বাইয়ে অবতরণের সময় একটি ছোট বিমান রানওয়ে থেকে ছিটকে পড়েছে। স্থানীয় সময় গত বৃহস্পতিবার বৃষ্টির কারণে মুম্বাই বিমানবন্দরে নামতে গিয়ে পিছলে যায় বিমানের চাকা। এ ঘটনায় ছয়জন যাত্রী এবং দুই ক্রু সদস্য আহত হয়েছেন। কর্মকর্তারা জানিয়েছেন, বিমানটিতে ৬০০ যাত্রী এবং দুইজন বিমানকর্মী ছিলেন। সবাইকে উদ্ধার করা হয়েছে। তবে যাত্রীদের মধ্যে কয়েকজন আহত হয়েছেন এবং তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ভারতের বেসামরিক বিমান চলাচল সংস্থা জানিয়েছে, বেসরকারি কম্পানি ভিএসআর ভেঞ্চারসের লিয়ারজেট ৪৫ বিমানটি দক্ষিণাঞ্চলীয় শহর বিশাখাপত্তনম থেকে মুম্বাই আসছিল। একটি ভিডিওতে দেখা গেছে, দুর্ঘটনার পর বিমানটি রানওয়ের পাশে ছিটকে পড়ে যায়। দমকল এবং বিমানবন্দরের উদ্ধারকারীদল দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় এবং যাত্রীদের উদ্ধার করে।

# যুক্তরাষ্ট্রে যাচ্ছেন জেলেনস্কি

**আন্তর্জাতিক ডেস্ক :** আগামী সপ্তাহে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে ওয়াশিংটন সফরে যাবেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। স্থানীয় সময় গত বৃহস্পতিবার রাতে যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের বরাত দিয়ে এ খবর প্রকাশ করেছে মার্কিন সংবাদমাধ্যম নিউ ইয়র্ক টাইমস। এর আগে এ বিষয়ে কিছুটা আভাস পাওয়া গেছিল। বিশ্ব গণমাধ্যমের খবরে এসেছে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও অন্যান্য কংগ্রেসম্যানদের সঙ্গে এ সময় বৈঠক করার কথা রয়েছে জেলেনস্কির। তবে এ বিষয়ে এখনও স্পষ্ট করে কিছু জানানো হয়নি। যুক্তরাষ্ট্রের কাছ থেকে বড়সড় সহায়তা পাওয়ার বিষয়ে জেলেনস্কি আশাবাদী। এরইমধ্যে বাইডেন প্রশাসন ইউক্রেনকে সামরিক ও মানবিক সহায়তা হিসেবে বাড়তি দুই লাখ ৬৫ হাজার ৬৭২ কোটি টাকা দিয়েছে। সর্বশেষ গত বছর ডিসেম্বরে ওয়াশিংটন সফর করেছিলেন ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি। সেসময় কংগ্রেসে তিনি বলেছিলেন, রাশিয়ার বিরুদ্ধে ইউক্রেনের যুদ্ধ অব্যাহত রাখা হোক। জেলেনস্কির এ ভাষণের পর ইউক্রেনের নাগরিকদের মধ্যে ব্যাপক উদ্বেগ দেখা দিয়েছে। কেননা এর ফলে জেলেনস্কির প্রতি যুক্তরাষ্ট্রের জনসমর্থনে সরাসরি প্রভাব পড়েছে। তবে এবার সাবধানী হয়েছেন জেলেনস্কি। আশা করা হচ্ছে যে তিনি এবার কংগ্রেসে বক্তব্য রাখবেন না। তবে সেখানে বৈঠক করতে পারেন। বেশির ভাগ কংগ্রেসম্যান এখনও ইউক্রেনকে সহায়তা দেওয়ার পক্ষপাতী। যদিও যুক্তরাষ্ট্রের ডানপন্থী রিপাবলিকানদের একটি অংশ দেশটিকে দেওয়া মার্কিন সহায়তার বন্ধের দাবি তুলেছে। তবে যুক্তরাষ্ট্র ইউক্রেনকে সহায়তার বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ। গত সপ্তাহে কিয়েভ সফরে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন প্রতিশ্রুতি দিয়েছিলেন যে যুক্তরাষ্ট্র তাদেরকে (ইউক্রেন) সহায়তা দান অব্যাহত রাখবে। সব মিলিয়ে জেলেনস্কির সফরের মূল কারণ হতে পারে বাইডেন প্রশাসনের কাছ থেকে সেনাবাহিনীর কৌশলজনক ক্ষেপণাস্ত্র ব্যবস্থা অনুমোদনের জন্য দেনদরবার করা।

## ভারতে নির্মাণাধীন ভবনের লিফট ছিঁড়ে নিহত ৪

**আন্তর্জাতিক ডেস্ক :** একটি নির্মাণাধীন ভবনের লিফট ছিঁড়ে চার শ্রমিকের মৃত্যু হয়েছে ভারতের উত্তর প্রদেশে। আহত হয়েছেন আরও কয়েকজন। গতকাল শুক্রবার গ্রেটার নয়ডার পশ্চিমে আম্রপালি ড্রিম ভ্যালি হাউজিং সোসাইটিতে ঘটেছে মর্মান্তিক এই ঘটনা। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, সার্ভিস লিফটটি দড়ি ছিঁড়ে আটতলা থেকে পড়ে তৃতীয় তলায় আটকে যায়। এতে চার শ্রমিক প্রাণ হারান, আহত হন আরও পাঁচজন। আহতদের নিকটবর্তী জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের অবস্থা গুরুতর। হাসপাতালটি পরিদর্শন করেছেন গ্রেটার নয়ডা অথোরিটির সিইও এনজি রবি এবং জেলা ম্যাজিস্ট্রেট মনীশ কুমার ভার্মা। এর আগে, গত মাসে নয়ডার ১৩৭ নম্বর সেক্টরে লিফট ছিঁড়ে প্রাণ হারান এক নারী।

## অস্ত্র মামলায় বাইডেনের ছেলে অভিযুক্ত

**আন্তর্জাতিক ডেস্ক :** একটি আগ্নেয়াস্ত্র কেনার সময় মিথ্যা বলার তিনটি ফৌজদারি অপরাধের অভিযোগে হান্টার বাইডেনকে আগ্নেয়াস্ত্র-সংক্রান্ত এক মামলায় অভিযুক্ত করা হয়েছে। গত বৃহস্পতিবার হান্টারকে অভিযুক্ত করা হয়। তিনি মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ছেলে।

দোষ স্বীকার করে মামলা নিষ্পত্তির একটি প্রস্তাবিত চুক্তি ভেস্তে যাওয়ার পর ৫৩ বছর বয়সী হান্টারকে অভিযুক্ত করা হলো। বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, কর ফাঁকির মামলায় বিচারের মুখে পড়তে পারেন হান্টার বাইডেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে এই প্রথম কোনো ক্ষমতাসীন প্রেসিডেন্টের সন্তান ফৌজদারি অপরাধের অভিযোগে অভিযুক্ত হলেন।



# দিলরুবার পর 'শুভ্র দেবের গান' নকল শাকিবের সিনেমায়!

**বিনোদন ডেস্ক :** ঢালিউড কিং শাকিব খান অভিনীত 'পাসওয়ার্ড' সিনেমায় 'পাগল মন' গানটি ছিল জনপ্রিয় কণ্ঠশিল্পী দিলরুবার গাওয়া গানের নকল। ২০১৯ সালে ঈদুল ফিতরে মুক্তি পাওয়া সে সিনেমার প্রায় ৪ বছর পর আবারও শাকিব খান অভিনীত সিনেমার গানে লেগেছে নকলের অভিযোগ। কারণ সম্প্রতি দেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী শুভ্র দেব বলেছেন, চলতি বছর কোরবানি ঈদে মুক্তি পাওয়া শাকিব অভিনীত 'প্রিয়তমা' সিনেমাটির জনপ্রিয় গানওও প্রিয়তম্ম গানটির সুর তার গাওয়া একটি গানের কপি। হিমেল আশরাফ পরিচালিত ও আরশাদ আদনান প্রযোজিত সিনেমার জনপ্রিয় 'ও প্রিয়তমা' গানটি দেশ বিদেশের শ্রোতাদের কাছে দর্শকপ্রিয়তা পেয়েছে। কণ্ঠশিল্পী বালাম আর কোনালের গাওয়া জনপ্রিয় গান 'ও প্রিয়তমা'-র কথা লিখেছেন আসিফ ইকবাল এবং এ গানটির সুরকার ছিলেন আকাশ সেন। সম্প্রতি সময়ে দেয়া এক বিশেষ সাক্ষাৎকারে শুভ্র দেব জানান, 'ও প্রিয়তমা' গানের সুরকার এ গানটি সুর করতে ধার করেছেন তারই জনপ্রিয় গান 'এ মন আমার পাথর তো নয়'-র সুর। গানটির সুর নকল প্রসঙ্গে শুভ্র দেব বলেন, 'ও প্রিয়তমা' গানটি প্রথমবার শোনার পরই এ গানের সুর আমার অতি পরিচিত মনে হয়েছে। আহমেদ রিজভীর লেখা এবং প্রণব ঘোষের সুর করা 'এ মন আমার পাথর তো নয়' গানের অন্তরা হুবুহু কপি করা হয়েছে 'ও প্রিয়তমা' গানের সুরে। শুভ্র দেব এ সময় গেয়ে শোনান তার গানের দুটি লাইন। সূর্যটা যতদিন আলো দিয়ে যাবে, ভালোবাসা হয়ে তুমি এ বুকে রবে। এ গানের কথার অন্তরার পিকআপ থেকে টেল পর্যন্ত 'ও প্রিয়তমা' গানের অন্তরার পিকআপ থেকে টেল পর্যন্ত হুবুহু মিলে যায়। শুধু শেষের 'মা' কথার নোটটা পরিবর্তন করেছেন সুরকার। এমনটাই জানান কণ্ঠশিল্পী। সাক্ষাৎকারে শুভ্র দেব নকল গানের ক্ষেত্রে কপিরাইট আইনের বিষয়টিও উল্লেখ করেছেন। জানিয়েছেন, মাইলসের গাওয়া গান পশ্চিমবঙ্গে নকল হওয়ার প্রসঙ্গও। শুভ্র দেবের গান যে নকল করা হয়েছে তা তিনি প্রথম জানতে পারেন তুষারের মাধ্যমে। কণ্ঠশিল্পীর ভাষায়, মিউজিক নিয়ে যারা কাজ করেন তাদের মধ্যে অন্যতম তুষার। ও ( তুষার) আমাকে ইনবক্সে এ তথ্য জানায়। আমি গানটি শুনি। এবং আমার কাছেও মনে হয়েছে 'ও প্রিয়তমা' গানের সুর 'এ মন আমার পাথর তো নয়'-র সুরের হুবহু নকল।

## হুট করে উধাও বিশিষ্ট রাজনীতিবিদ, এবার সেই গল্পে সিরিজ

**বিনোদন ডেস্ক :** আনিস আহমেদ একজন স্বনামধন্য ব্যবসায়ী ও বিশিষ্ট রাজনীতিবিদ। যার জীবন হুট করে পাল্টে যায় যখন সে নিজেকে বন্দি অবস্থায় আবিষ্কার করে একটি পরিত্যক্ত ঘরে। কিন্তু কে, কেন বা কি কারণে তাকে বন্দি করেছে তার কোনো হদিস পায়না আনিস আহমেদ। এদিকে তাকে খুঁজে না পাওয়ায় পুরো শহরজুড়ে চাঞ্চল্যকর পরিবেশের সৃষ্টি হয়। তৈরি হয় পরিবারের সদস্যদের মধ্যে নানান হিসাব। এমন গল্পে নির্মিত হয়েছে ওয়েব সিরিজ 'অদৃশ্য'। যেটি নির্মাণ করেছেন প্রশংসিত নির্মাতা শাফায়েত মনসুর রানা। ৫ অক্টোবর থেকে 'অদৃশ্য' দেখা যাবে হইচইতে। সিরিজটিরএক মিনিট দৈর্ঘ্যের ট্রেইলার উন্মোচন হয়েছে ১৪ সেপ্টেম্বর। হইচই মনে করছে, সিরিজটি দর্শকদের এমন এক রহস্যময় অভিজ্ঞতার মধ্য দিয়ে নিয়ে যাবে যা দর্শকদের শেষ পর্ব পর্যন্ত দেখতে বাধ্য করবে।সিরিজটি দর্শকদের সাসপেন্স, ড্রামা ও ষড়যন্ত্রের মাধ্যমে এমন এক রোমাঞ্চকর জার্নির মধ্য দিয়ে নিয়ে যাবে, যা দর্শকদের পৌঁছে দেবে একটি অনন্য অভিজ্ঞতায়।

## নবনীতা চৌধুরীর কণ্ঠে 'তিন মহাজনের গান'

**বিনোদন ডেস্ক :** লালন সাঁই, হাসন রাজা ও রাধারমন দত্ত- এই তিন জনকে লোক গানের মহাজন বলা হয়। যাদের সূত্র ধরে বাংলা লোক গানের ভাণ্ডার সমৃদ্ধ হয়েছে। মূলত এই বিষয়টি মাথায় রেখে তাদের সৃষ্টি ১০টি গান কণ্ঠে তুলেছেন সাংবাদিক ও উন্নয়নকর্মী নবনীতা চৌধুরী। যিনি এরমধ্যে মুগ্ধতা ছড়িয়ে আছেন লোক ঘরানার গান কণ্ঠে তুলে। তবে এবারের আয়োজনটি আরেকটু বিস্তৃত পরিসরে। বেঙ্গল ফাউন্ডেশনের ব্যানারে প্রকাশ করলেন পুরো একটি অ্যালবাম। নাম 'তিন মহাজনের গান'। যা এরমধ্যে উন্মুক্ত হয়েছে বেঙ্গল ফাউন্ডেশনের ইউটিউব চ্যানেলে। বিনিময়ে নবনীতা পাচ্ছে তুমুল প্রশংসা। অ্যালবামটি প্রসঙ্গে নবনীতার প্রত্যাশা, 'যে আনন্দ নিয়ে এবং গভীর প্রার্থনায় এই গানগুলো আমি গেয়েছি, আপনাদেরকেও তা স্পর্শ করবে। আশা করছি সময় পেলে গানগুলো শুনবেন এবং প্রতিক্রিয়া জানাবেন আপনারা।' গানগুলো হলো যথাক্রমে, আছেন কোথায় স্বর্গপুরে (লালন সাঁই), বাড়ির কাছে আরশিনগর (লালন সাঁই), আমি না লইলাম (হাসন রাজা), মওলা বলে ডাক রসনা (লালন সাঁই), গুরু দোহাই তোমার (লালন সাঁই), প্রেমডুবারু না হলে (লালন সাঁই), হাসন রাজায় কয় (হাসন রাজা), কে তোমারে এ বেশ ভূষণ (লালন সাঁই), কুঞ্জের মাঝে কে গো (রাধারমণ দত্ত) এবং জলের ঘাটে দেইখ্যা আইলাম (রাধারমণ দত্ত)। বলা দরকার, এক সাংস্কৃতিক আবহে নবনীতার বেড়ে ওঠা। ছোটবেলা থেকেই গান করছেন।

## ৫০ বছর পূর্তিতে সোলসের পঞ্চম গান 'হাওয়াই মিঠাই'

**বিনোদন ডেস্ক :** দেশের ঐতিহ্যবাহী ব্যান্ড সোলস ৫০ বছর পূর্তিতে ৫০টি গান প্রকাশের ঘোষণা দিয়েছিল। এরই ধারাবাহিকতায় ১৩ সেপ্টেম্বর পঞ্চম গান প্রকাশ করেছে সোলসের অফিশিয়াল ইউটিউব চ্যানেলে। গানের শিরোনাম 'হাওয়াই মিঠাই'। গানটি লিখেছেন ওয়াজীহ্ রাজীব, সুর করেছেন পার্থ বড়ুয়া। এটি আড্ডাবাজি পর্বের দ্বিতীয় গান। গানটি প্রসঙ্গে পার্থ বড়ুয়া বলেন, 'গতবার সোলস-এর অস্ট্রেলিয়া ট্যুরের সময় মেলবোর্নে গানটি বেঁধেছি। গানটির গীতিকার ওয়াজীহ্ রাজীব এর বাসায় যাওয়ার পর, ওর বাসায় বসেই গানটির সুরারোপ করি। স্কুল জীবনের স্মৃতিকাতর একটি গান হয়েছে এটি।' গানটি প্রকাশের পর পরই শ্রোতারা উচ্ছ্বাস প্রকাশ করেছেন। গানটির কমেন্টের ঘরে একজন লিখেছেন, 'এই গানটি অনেকদিন বাঁচবে। বন্ধুদের আড্ডায়, কোরাসে গাইবার জন্য দারুণ নস্টালজিক একটা গান হয়েছে। সোলসের থেকে এটাই চাই।

# নতুন সিনেমায় কাজ করতে পারবেন না ধানুশ-বিশাল

**বিনোদন ডেস্ক :** নিষেধাজ্ঞার মুখে পড়েছেন ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেতা ধানুশ, বিশাল রেড্ডি, অথর্বা মুরালি, সিম্বু। এই চার অভিনেতার বিরুদ্ধে লাল কার্ড জারি করেছে তামিল ফিল্ম প্রোডিউসার্স কাউন্সিল। ডেকান ক্রনিকল এ খবর প্রকাশ করেছে। সংবাদ মাধ্যমটি জানিয়েছে, প্রযোজনা প্রতিষ্ঠান থেনাডাল স্টুডিও লিমিটেডের একটি সিনেমার কাজ অসম্পূর্ণ রেখেছেন ধানুশ। তামিল ফিল্ম প্রোডিউসার্স কাউন্সিলের প্রেসিডেন্ট ছিলেন বিশাল রেড্ডি। সংগঠনটির দায়িত্বে থাকাকালীন অর্থ নয়ছয়ের অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে। সিম্বু একটি সিনেমায় ৬০ দিন শুটিং করার জন্য চুক্তিবদ্ধ হন। কিন্তু ২৭ দিন শুটিং করার পর আর শিডিউল দেননি। অথর্বা মুরালি ম্যাথিয়াজকাজান ইস্যুতে জড়িত থাকার অভিযোগ উঠেছে। লিখিত অভিযোগ পাওয়ার পর প্রোডিউসার্স কাউন্সিলের কার্যনির্বাহী পরিষদ তাদের বিরুদ্ধে রেড কার্ড জারি করে। 'রেড কার্ড'-এর ব্যাখ্যা করে সংবাদমাধ্যমটি জানিয়েছে, এই চার তারকার বিরুদ্ধে যেসব অভিযোগ উঠেছে, তা সমাধান না হওয়া পর্যন্ত নতুন কোনো সিনেমার কাজ হাতে নিতে পারবেন না তারা। তামিল ফিল্ম ইন্ডাস্ট্রিতে বিষয়টি বহুল চর্চায় পরিণত হয়েছে।

তবে এখনো বিষয়টি নিয়ে কোনো প্রতিক্রিয়া জানাননি চার তারকার কেউ-ই।

## স্পর্শ করেছেন পরিচালক, শুটিং ফেলে কলকাতায় সায়ন্তিকা

**বিনোদন ডেস্ক :** সিনেমার নৃত্য পরিচালক মাইকেলের অধীনে কাজ করবেন না বলেই শুটিং শেষ না করেই কলকাতায় ফিরে গেছেন অভিনেত্রী সায়ন্তিকা ব্যানার্জি। গত ৭ সেপ্টেম্বর তিনি কলকাতায় ফিরে যান। এর আগে গত ৩০ আগস্ট ঢাকায় আসেন সায়ন্তিকা। তাজু কামরুলের পরিচালনায় 'ছায়াবাজ' সিনেমার শুটিং করতে সেদিন বিকেলেই নায়ক জায়েদ খানের সঙ্গে কক্সবাজার চলে যান। কথা ছিল ১২ সেপ্টেম্বর পর্যন্ত শুটিং করার। আর শুটিংয়ের কাজ শুরু হয় গান দিয়ে। ভালোভাবেই শেষ হয় প্রথম গানের শুটিং। তবে দ্বিতীয় গানের শুটিং চলাকালীন হঠাৎই অভিনেত্রী অভিযোগ করেন নৃত্য পরিচালক মাইকেলের বিরুদ্ধে। তার দাবি, নৃত্য পরিচালক অনাকাঙ্ক্ষিতভাবে তাকে স্পর্শ করেছে। তাই নৃত্য পরিচালককে পরিবর্তন করতে হবে। এ ঘটনার পরে পরিচালক ও প্রযোজককে সায়ন্তিকা জানান, মাইকেল থাকলে তিনি কাজ করবেন না। পরদিন শুটিং স্পটে গাড়ি থেকে নামতে চাইছিলেন না তিনি।

## বগুড়ায় মাদক ব্যবসায়ীদের মাদক বিক্রির নয়া কৌশল

**বগুড়া প্রতিনিধি :** বগুড়া শহরে পুলিশের টানা মাদক বিরোধী অভিযানে চিহ্নিত মাদক স্পটগুলো প্রায় বন্ধ বেশিরভাগ মাদক ব্যবসায়ীরা নয়া কৌশল অবলম্বন করে চালাচ্ছে তাদের মাদক ব্যবসা। মাদক ব্যবসার জন্য নিরাপদ স্থান হিসেবে বেছে নিয়েছে প্রত্যন্ত এলাকা যেখানে পুলিশ প্রশাসনের আনাগোনা কম। মাদক ব্যবসার নতুন কৌশলের কারণে শহর এলাকায় চেয়ে শহরের বাইরের গ্রামগঞ্জে মাদক মিলছে সহজেই। মাদকসেবীরা তাদের নিরাপত্তার কথা চিন্তা করে ছুটছে এইসব প্রত্যন্ত এলাকায়। ঝামেলাহীন ভাবে মাদক ক্রয় করে সেবন করছে। সরেজমিনে বগুড়া শহরের মাদকের স্বর্গরাজ্য হিসেবে পরিচিত চকসুত্রাপুর, রেলওয়ে স্টেশন সংলগ্ন হরিজন বস্তি ও হাড্ডিপট্টিতে গিয়ে দেখা গেছে, এখনো মাদক বিক্রি করা হচ্ছে তবে সেটা তুলনামূলক অনেক কম। স্থানীয় এক মাদক সেবনকারী নাম প্রকাশ না করার শর্তে প্রতিবেদককে জানায়, পুলিশের ঘন ঘন অভিযানের কারণে এইসব এলাকায় মাদক ব্যবসা অনেক কমে গেছে, তবে অপরিচিত ক্রেতার কাছে এখান থেকে মাদক বিক্রি করা হয় না। যারা পূর্বপরিচিত শুধু তারাই এখান থেকে মাদক কিনতে পারেন। আগের মত সহজেই মাদকের ব্যবস্থা করা যায় না। তবে শহরের বাইরে ব্যবসা রমরমা। অভিযোগ আছে, বগুড়া জেলার গাবতলী ও সারিয়াকান্দি উপজেলার বিভিন্ন এলাকায় এখন মাদকের অভয়ারণ্য পরিনত হয়েছে। গাবতলী উপজেলার গাবতলী পৌর এলাকা, কাগইল, দক্ষিনপাড়া, দুর্গাহাটা, মহিষাবান, বালিয়াদিঘী ইউনিয়ন। অপরদিকে সারিয়াকান্দি উপজেলার পৌর এলাকা, ভেলাবাড়ী, চালুয়াবাড়ী, হাটশেরপুর, কাজলা, নারচী, ফুলবাড়ী, কর্ণিবাড়ী, কুতুবপুর,কামালপুর, বোহাইল ইউনিয়নের অনেকেই মাদক বেচাকেনা করে এখন বিত্তশালী, অনেকেই পেশা বদল করে ঝুঁকছে মরন নেশা মাদকের দিকে। এদের মধ্যে অনেকেই রাতারাতি বনে গেছে পাইকারী মাদকের ডিলার হিসেবে। এরা এলাকায় বেশ কয়েকজন খুচরা বিক্রেতা নিয়োগ করে আবাদে মাদক কারবারি করছে। কেউ কেউ প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে আবার কেউবা প্রশাসনকে ম্যানেজ করেই মাদক ব্যবসা চালাচ্ছে। উভয় থানার একাধিক পুলিশ কর্মকর্তাদের সাথেও রয়েছে তাদের দহরম মহরম সম্পর্ক। সূত্র জানায়, সন্ধ্যা নামার সাথে সাথে এইসব এলাকায় জমে ওঠে মাদক কেনাবেচার জমজমাট আসর। শহর থেকে মোটরসাইকেল যোগে বিভিন্ন বয়সী ও স্কুল পড়ুয়া ছাত্ররা ভিড় করে মাদক ক্রয় করতে। এই স্থানে সহজেই মিলছে ইয়াবা, ফেনসিডিল, গাঁজা, ট্যাপেনডা সহ বিভিন্ন ধরনের মাদক প্রভাবশালী অনেক ব্যক্তি এসব সিন্ডিকেটের সঙ্গে জড়িত থাকায় তাদের টিকিটি স্পর্শ করতে পারে না আইন-শৃংখলা বাহিনী। দুঃখজনক হলেও সত্য মাঝে-মধ্যে ছোটখাট মাদক ব্যবসায়ী ও মাদকের চালান ধরা পড়লেও রাঘব বোয়ালেরা থেকে যায় ধরাছোঁয়ার বাইরে। অন্যদিকে মাদক ব্যবসায় যুক্ত থাকার অভিযোগে যাদের আটক করা হয়, তারাও কয়েক দিনের মধ্যেই জামিনে বেরিয়ে এসে আবার ওই কারবারে যুক্ত হয়। গাবতলী ও সারিয়াকান্দি আশপাশের স্থানীয় বেশ কয়েকজন মুরুব্বি প্রতিবেদককে জানান, পুরো এলাকা এখন মাদকে ভাসছে।

ভাসমান বিছানা (বেড) তৈরি করে তার ওপর বিভিন্ন ধরনের সবজি আবাদ করা হচ্ছে। এটি 'ধাপ চাষ' নামে পরিচিত। পশ্চিম উমারেরপাড়, বিশারকান্দি, বানারীপাড়া, বরিশাল

# কালীগঞ্জে ১১ মাস বয়সি মরিয়ম উচ্চতায় ২৭ ইঞ্চি

**ঝিনাইদহ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জে শারীরিক প্রতিবন্ধী ২৭ ইঞ্চি উচ্চতার সাক্ষী খাতুনের একমাত্র কন্যাসন্তান মরিয়মের বয়স এখন মাত্র ১১ মাস। মা প্রতিবন্ধী হলেও শিশু মরিয়ম সুস্থ স্বাভাবিক ভাবে জন্মগ্রহন করেছে। বছর না পেরোতেই শিশু কন্যা মরিয়ম উচ্চতায় ছুয়ে ফেলেছে তার মাকে। একটি একটি করে দিন যাচ্ছে মরিয়ম বড় হচ্ছে, অপরদিকে প্রতিবন্ধি সাক্ষী খাতুনের কপালে চিন্তার ভাঁজ বাড়তে থাকছে। শারীরিক প্রতিবন্ধকতার থাকা সত্ত্বেও শিশু কন্যা মরিয়মকে পরম মমতায় লালিত পালিত করছেন মা সাক্ষী খাতুন। মেয়ে বড় হওয়ার সাথে সাথে মায়ের দুশ্চিন্তাও যেনো পাহাড় সমান হয়ে যাচ্ছে। অন্যান্য মায়ের মতো সাক্ষী খাতুনও স্বপ্ন দেখেন মেয়ে মরিয়মকে লেখাপড়া শিখিয়ে মানুষের মত মানুষ হিসেবে গড়ে তুলবেন। সময়মত তাকে সুপাত্রস্থ করবেন।এই স্বপ্ন তার জীবনে কতখানি সহজ হয়ে ধরা দেবে তা তিনি জানেন না। ভাগ্যের নির্মম পরিহাসে দরিদ্র পিতা-মাতার ঘরে দুই পা বিহীন প্রতিবন্ধী সাক্ষী খাতুনের জন্ম হয়। সে উপজেলার জামাল ইউনিয়নের উল্লা গ্রামের নুর ইসলাম এর সাত ছেলে মেয়ের মধ্যে সবার বড়। জন্মের পর থেকেই হতদরিদ্র পিতার সংসারে প্রতিবন্ধী সাক্ষী খাতুন অবহেলা অনাদর ও নানা সংকটে বড় হতে থাকে। জীবনের একপর্যায়ে এসে একই উপজেলার তেলকুপ গ্রামের কাঠমিস্ত্রি আলম হোসেনের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার মধ্য দিয়ে তার জীবনের আরেকটি সূচনা হয়। সংসার জীবনেও সাক্ষী খাতুনের কপালে জোটেনি সুখের সন্ধান এবং ভাত কাপড়ের নিশ্চয়তা। যে কারণে স্বামীর সংসার ছেড়ে আবারো ফিরতে হয় দরিদ্র পিতার সংসারে। জীবনের এ পর্যায়ে অনিশ্চিত ভবিষ্যৎ নিয়ে যখন সাক্ষী খাতুনের দিন চরম উৎকণ্ঠার মধ্য দিয়ে যাচ্ছিল ঠিক এ সময় সে উপলব্ধি করলো নিজের মধ্যে আরেকটি প্রানের অস্তিত্ব। সময় পেরিয়ে স্বাক্ষীর কোলজুড়ে ভূমিষ্ট হলো ফুটফুটে সুস্থ এক কন্যা সন্তান। তার সেই বুকের ধন মরিয়ম অভাব অনটনের মধ্য দিয়ে বড় হতে শুরু করলো। আর এক মাস পূর্ণ হলেই বছরের কোটায় পা রাখবে মরিয়ম। এরইমধ্যে বয়সে না হলেও উচ্চতার সে তার ২৭ ইঞ্চি উচ্চতার প্রতিবন্ধী মা সাক্ষী খাতুনের সমান হয়ে পড়েছে।

# সার্বজনীন পেনশন স্কিমে বরিশালে ব্যাপক সাড়া

**বরিশাল প্রতিনিধি :** সরকারের সার্বজনীন পেনশন স্কিমে সারাদেশের ন্যায় বরিশালেও ব্যাপক সাড়া ফেলেছে। প্রতিদিন অনেকেই এসে এ সম্পর্কে তথ্য জানতে চাওয়ার পাশাপাশি খোঁজ খবর নিচ্ছেন। খোঁজ নিয়ে জানা গেছে, বরিশালের জেলা প্রশাসক মোঃ শহীদুল ইসলামের উদ্যোগে সার্বজনীন পেনশন ব্যবস্থা সম্পর্কে জনগণকে অবহিতকরণে গত ২৮ আগস্ট সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা অর্থনীতি সমিতির সভাপতি কাজী মিজানুর রহমান বলেন, প্রচারণার অভাবে ওইসভার খুব একটা সুফল পাওয়া যায়নি। কারণ একেতো এটা অনলাইন নির্ভর, তার উপর নিম্নস্তর সংস্থা সোনালী ব্যাংকের কাছে সরাসরি টাকা জমা দেয়ার বা তাদের মাধ্যমে টাকা জমা দেয়ার সুবিধা নেই। তিনি আরও বলেন, সার্বজনীন পেনশন স্কিমটি বাস্তবায়নে সরাসরি সোনালী ব্যাংকের কয়েকটি ব্যাংক সম্পৃক্ত হলে বিশ্বাসযোগ্যতা নিশ্চিত হবে। কেননা ইদানিং অনলাইন প্রতারণা অনেক বেড়েছে। ফলে সাধারণ মানুষ লেনদেনে অনেক সচেতন। সোনালী ব্যাংক বরিশাল সদর রোড শাখার ডেপুটি জেনারেল ম্যানেজার সেলিম হায়দার জানিয়েছেন, সরকার ঘোষিত সার্বজনীন পেনশন স্কিম করতে মানুষের মাঝে আগ্রহের যেন শেষ নেই। একজন রিকশাচালকের উদাহরণ দিয়ে তিনি বলেন, বরিশাল নগরীর কাজীপাড়া থেকে একটি রিকশায় কর্মস্থলে আসছিলেন। এ সময় রিকশাচালকে পেনশন কিভাবে করতে তা জিজ্ঞাসা করেন। তখন তিনি নগরীর একটি কম্পিউটারের দোকান দেখিয়ে দেন। পরেরদিন আবারো সেই রিকশাচালকের সাথে দেখা হলে তিনি বলেন, স্যার পেনশন স্কিম করেছি। কোন সমস্যায় পড়তে হয়নি। সোনালী ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার সেলিম হায়দার জানিয়েছেন, চারটি একাউন্টে বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) পর্যন্ত প্রবাসী নামের একাউন্টে ৮৯ লাখ ২০ হাজার ৩ টাকা, সাধারণ মানুষের জন্য প্রগতি স্কিমে ৩ কোটি ৭৮ লাখ ৭৪ হাজার টাকা, সুরক্ষা নামের একাউন্টে ১১ লাখ ৩৮ হাজার ১০ টাকা এবং সমতা নামের একাউন্টে ২ কোটি ৩৮ লাখ ৩৯ হাজার ২০ টাকা জমা পড়েছে। ওই কর্মকর্তা আরও জানিয়েছেন, নগরীর অধিকাংশ কম্পিউটার ও বিকাশের দোকান, পোস্ট অফিসের ই-সেন্টার থেকেও এই অ্যাকাউন্ট ওপেন করা যাবে। সোনালী ব্যাংকে এজন্য একটি বুথও ওপেন করা হয়েছে। বরিশালের জেলা প্রশাসক মোঃ শহীদুল ইসলাম বলেন, সার্বজনীন পেনশন স্কিম যেহেতু কেন্দ্রীয় একটি প্রকল্প, তাই আমরা জনগণকে এটা সম্পর্কে জানানো অবহিতকরণ সভা করছি। যে সভায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের মানুষদের উপস্থিতি নিশ্চিত করেছি। সাধারণ মানুষের মাঝে এটা নিয়ে ব্যাপক উৎসাহ দেখা গেছে বলেও তিনি (জেলা প্রশাসক) উল্লেখ করেন। সূত্রমতে, সার্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণকারী নাগরিকদের জন্য আজীবন পেনশন সুবিধা নিশ্চিত করার জন্য সার্বজনীন পেনশন প্রকল্পের অধীনে ছয়টি পরিকল্পিত প্যাকেজের মধ্যে প্রগতি, সুরক্ষা, সমতা ওসি প্রবাসী নামে চারটি প্যাকেজ প্রাথমিকভাবে চালু করা হয়েছে।

### নড়াইল ফ্রিল্যান্সার ডেভেলপমেন্ট সোসাইটির কমিটি গঠন

**নড়াইল প্রতিনিধি :** বাংলাদেশ ফ্রিল্যান্সার ডেভেলপমেন্ট সোসাইটি নড়াইল জেলা শাখার ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। এতে প্রসেনজিৎ কুন্ডু সভাপতি ও মোহন কুন্ডু সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। গত বৃহস্পতিবার এ কমিটির অনুমোদন দেন বাংলাদেশ ফ্রিল্যান্সার ডেভেলপমেন্ট সোসাইটির চেয়ারম্যান ডাক্তার তানজিবা রহমান। এছাড়া সিনিয়র সহ-সভাপতি শান আল রশিদ সবুজ, সহ-সভাপতি প্রিয়াংকা গাইন, সহসাধারণ সম্পাদক নাজমুস সাদাত, অর্থবিষয়ক সম্পাদক জলময় কোরেশী, আইসিটি সম্পাদক ইমরান সুজন, সাংগঠনিক সম্পাদক শুভঙ্কর বিশ্বাস, নির্বাহী সদস্য অন্তর কুন্ডু, আকাশ মল্লিক ও সোহানুর বাপ্পি।

## ধামইরহাটে জেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা রেজিনা ইয়াসমিন

**নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর ধামইরহাটে নওগাঁ জেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা নির্বাচিত হয়েছেন ৩৬নং পলাশবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসাঃ রেজিনা ইয়াসমিন। ২০০৭ সালে যোগদানের পর থেকে ৬৫ ভাগ ফলাফল থেকে শতভাগে ফলাফলও ধরে রেখেছেন এই বিদ্যালয় প্রধান শিক্ষক। জানা গেছে, প্রতি বছরের ন্যায় চলতি বছরেও প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ প্রদানের লক্ষে ধামইরহাটে ১১৩টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্য হতে পলাশবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উপজেলা শ্রেষ্ঠ হলে চলতি মাসের গত ১২ সেপ্টেম্বর ১১ উপজেলার শ্রেষ্ঠদের নিয়ে জেলা পর্যায়ে বিদ্যালয়ের ফলাফল ও শিক্ষার পরিবেশসহ সার্বিক যোগ্যতার মানদন্ডে পলাশবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসাঃ রেজিয়া ইয়াসমিন জেলা শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা নির্বাচিত হন। এই খবর ছড়িয়ে পড়লে ধামইরহাট উপজেলার শিক্ষা পরিবার আনন্দিত হয়েছেন। ইতঃপূর্বে ২০১৮ সালেও জেলা শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা নির্বাচিত হয়েছিলেন প্রধান শিক্ষক রেজিনা ইয়াসমিন। ২য় বার জেলা শ্রেষ্ঠত্বের অধিকারী গুণি এই শিক্ষিকা বলেন, আমার এই অর্জন আমি পুরো ধামইরহাট শিক্ষা পরিবারকে উৎসর্গ করছি, সকলের সহযোগিতায় ও পরামর্শের আগামীতেও ভাল কিছু করতে চাই। ধামইরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রধান শিক্ষক আবু ইউসুফ মো. বদিউজ্জামান বকুল জানান, প্রধান শিক্ষক রেজিনা ইয়াসমিন একজন অত্যন্ত দায়িত্বশীল ও শিশুবান্ধব শিক্ষক, শিক্ষার্থীদের নিজের সন্তানের চেয়েও তাকে বেশি সমীহ করতে দেখে অনেক অভিভাবক তার প্রশংসায় পঞ্চমুখ, আমরা প্রাথমিক শিক্ষা পরিবার এই ফলাফলে অত্যন্ত খুশি হয়েছি।

বিভিন্ন গ্রাম থেকে সবজির পাইকারি বাজারে আনা হয়েছে বই কচু। প্রতি মণ পাইকারিতে বিক্রি হচ্ছে ১ হাজার ৭০০ থেকে ১ হাজার ৮০০ টাকায়। বিরামপুর, দিনাজপুর

### রাজারহাটের উদ্যোগে ইউএনও'র বিদায়ী সংবর্ধনা

**কুড়িগ্রাম প্রতিনিধি :** কুড়িগ্রামের রাজারহাট উপজেলা নির্বাহী অফিসার নূরে তাসনিমের পদোন্নতিজনিত বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বৃহস্পতিবার(১৪ সেপ্টেম্বর) বিকেলে প্রেসক্লাব রাজারহাট আয়োজিত উপজেলা অফিসার্সক্লাবে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুড়িগ্রাম জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল আরীফ। প্রেসক্লাব রাজারহাটের সভাপতি এস.এ বাবলুর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম-এর সার্বিক পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন- উপজেলা সহকারী কমিশনার(ভূমি) এবিএম আরিফুল ইসলাম, রাজারহাট থানার ওসি আব্দুল্লাহিল জামান, কুড়িগ্রাম জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ রাশেদুজ্জামান বাবু, রাজারহাট উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব আবুনুর মোঃ আক্তারুজ্জামান, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আবুল কালাম আজাদ, কুড়িগ্রাম প্রেসক্লাবের সভাপতি রাজু মোস্তাফিজ,সাধারণ সম্পাদক আবদুল খালেক ফারুক, কুড়িগ্রাম জেলা শাখা সুজনের সভাপতি এ্যাড. আহসান হাবীব নীলু। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- প্রেসক্লাবের সাবেক সভাপতি উপাধ্যক্ষ সাজেদুর রহমান মন্ডল চাঁদ, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি সহকারী অধ্যাপক হবিবুর রহমান হবি, জেলা পরিষদের সদস্য ও প্রেসক্লাব রাজারহাটের কোষাধ্যক্ষ মোঃ এনামুল হক।

# কলারোয়ায় ৫০০০হাজার তালের চারা রোপন

**সাতক্ষীরা প্রতিনিধি :** বজ্রপাত মোকাবেলা ও প্রাকৃতিক দুর্যোগ থেকে মানুষকে রক্ষার লক্ষ্যে সাতক্ষীরার কলারোয়া উপজেলার পাটুলিয়া গ্রাম সহ মাঠের বিভিন্ন সড়কের পাশে ৫০০০ টি তালের চারা রোপন করা হয়েছে। পরিবেশবান্ধব এ তালের চারাগুলো একদিকে যেমন বজ্রপাতে মৃত্যুহার কমাতে ভূমিকা রাখবে ঠিক তেমনিভাবে সড়কের পাশের সৌন্দর্য বৃদ্ধি করবে। গত ১মাস ধরে এ তালের চারা রোপন করে এলাকায় দৃষ্টান্ত স্থাপন করেছেন পাটুলিয়া গ্রামের মৃত রমজান গাজীর ছেলে বিশিষ্ট ব্যবসায়ী ও কৃষক সিদ্দিক গাজী। তিনি তালের চারা রোপনের বিষয়ে বলেন-তার এলাকায় ধান সহ বিভিন্ন ফসলের জমি অনেক বেশি। এখন তো প্রায় সময় বৃষ্টি হচ্ছে। বজ্রপাতও বেশি। তিনি এলাকাবাসীর কথা চিন্তা করে বজ্রপাত মোকাবেলায় তার নিজ গ্রাম পাটুলিয়াসহ ঝিকরগাছার বাবু ব্রিজ পর্যন্ত রাস্তার দুই ধারে তালের চারা রোপন করেছেন। তিনি আরো বলেন-এই গাছ বড় হলে ফলসহ গাছ কখনো তার নিজের বলে দাবী করবেন না। পাটুলিয়া গ্রামের নুর ইসলাম ও নুরুজ্জামান বলেন-তারা ৩শত টাকায় জোন হিসাবে এই তালের চারা রোপনের কাজ করছেন। তারা আরো বলেন- সিদ্দিক ভাই একজন বড় মনের মানুষ। শুধুমাত্র এলাকাবাসীকে বজ্রপাত থেকে রক্ষা করতে নিজের ব্যক্তিগত টাকা খরচ করে তালের চারা রোপন করেছেন। এই তালের চারা রোপন করে তিনি এলাকায় মহত্বের পরিচয় দিয়েছেন। উপজেলার কুশোডাঙ্গা ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান সাইদ আলী গাজী বলেন-আমার ইউনিয়নে যে একজন গাছ প্রেমিক মানুষ আছে জানতাম না। তিনি এলাকায় বজ্রপাত রক্ষায় তালের চারা রোপন করে চেয়ারম্যানি দায়িত্ব পালন করেছেন।

# রাঙ্গামাটির ৩টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তি প্রস্তর স্থাপন

**রাঙ্গামাটি প্রতিনিধি :** রাঙ্গামাটি জেলার নানিয়ারচর, বিলাইছড়ি ও জুরাছড়ি ৩টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো: জাহিদ আহসান রাসেল এমপি। শুক্রবার (১৫ সেপ্টেম্বর) সকালে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে এবং রাঙ্গামাটি জেলা প্রশাসনের সহযোগিতায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট মাঠ প্রাঙ্গণে এই ভিত্তি প্রস্তর স্থাপন উদ্বোধন করেন তিনি। পরে রাঙ্গামাটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট হলরুমে রাঙ্গামাটি জেলা প্রশাসক মোহাম্মদ মোশারফ হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন, রাঙ্গামাটি সংসদ সদস্য ও খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি দীপংকর তালুকদার এমপি, রাঙ্গামাটি জেলা পরিষদ চেয়ারম্যান অংসুইপ্রু চৌধুরী, জেলা অতিরিক্ত পুলিশ সুপার মারুফ আহমেদ, শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক মাহবুব মোর্শেদ সোহেল প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো: জাহিদ আহসান রাসেল এমপি বলেন, সারাদেশে তৃনমূল পর্যায় থেকে খেলোয়ার তুলে আনাসহ খেলাধুলার মানোন্নয়নে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় দেশের প্রতিটি উপজেলায় নতুন প্রজন্মকে ক্রীড়াঙ্গনের আরো বেশী আগ্রহী করে গড়ে তুলতে প্রতিটি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা হচ্ছে। রাঙ্গামাটি সংসদ সদস্য ও খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি দীপংকর তালুকদার এমপি বলেন, কোন একটি পরিস্থিতির কারণে সৃষ্ট পরিস্থিতির মধ্যে সুসম্পর্ক বজায় রাখতে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খেলাধুলার কারণে পার্বত্য অঞ্চল থেকে অনেক উদীয়মান খেলোয়াড় সুর কৃষ্ণ চাকমা, রুপনা চাকমা, ঋতুপর্ণা চাকমা, আনাই, আনু চিং মগিনীসহ আরো অনেকে উঠে এসেছেন।

### আট মাসে কোরআনের হাফেজকে গণসংবর্ধনা

**কিশোরগঞ্জ প্রতিনিধি :** কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় ৮ মাসে পবিত্র কোরআন হিফজ ক্বারী শিশু হাফেজ আজমল হাসান রহমানকে গণসংবর্ধনা দেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে পাকুন্দিয়া পৌর এলাকার মাদ্রাসা মাঠে নিজ মাদ্রাসা ও এলাকাবাসীর আয়োজনে তাকে সম্মাননা ক্রেস্ট ও মেডেল উপহার দেওয়া হয়। দারুল মা'আরিফ আল ইসলামিয়া মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও প্রিন্সিপাল মুফতি মাওলানা শরিফুল ইসলামের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পাকুন্দিয়া পৌরসভার মেয়র মোঃ নজরুল ইসলাম আকন্দ। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, হুফফাজুল কোরআন ফাউন্ডেশন বাংলাদেশের সিনিয়র প্রশিক্ষক ও আন্তর্জাতিক পুরস্কারপ্রাপ্ত ক্বারী আলহাজ্ব হযরত মাওলানা হাফেজ ক্বারী জহিরুল ইসলাম। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পাকুন্দিয়া থানার অফিসার ইনচার্জ নাহিদ হাসান সুমন। পাকুন্দিয়া পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর মাহমুদুল হাসান রাসেল, ২নং ওয়ার্ড কাউন্সিলর রাকিবুল হাসান ছোটন, ৬নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মো. মকবুল হোসেন সরকার, হুফফাজুল কুরআন প্রশিক্ষক হাফেজ ক্বারী আবু তালহা প্রমুখ।

### শ্যামনগরে মানববন্ধন অনুষ্ঠিত

**সাতক্ষীরা প্রতিনিধি :** ধনী দেশগুলোর গ্রীন হাউস গ্যাস হ্রাস করা ও বিপদাপন্ন দেশগুলোকে টিকে থাকার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের দাবিতে শুক্রবার (১৫ সেপ্টেম্বর ২০২৩) মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় বেসরকারি উন্নয়ন সংস্থা লিডার্স-এর আয়োজনে গ্লোবাল ডে অফ ক্লাইমেট অ্যাকশন পালন করা হয়েছে। এ উপলক্ষে লিডার্সের ক্লাইমেট এ্যাকশন দল, বুড়িগোয়ালিনি ইউনিয়ন ক্লাইমেট এ্যাকশন দল, লিডার্স-এর কর্মী ও স্থানীয় যুবকদের সমন্বয়ে গঠিত জীবাশ্ম জ্বালানি বিরোধী টিম মানববন্ধন করেছে। সাতক্ষীরার শ্যামনগর উপজেলার মুন্সিগঞ্জ ইউনিয়নে আকাশলীনা ইকো টুরিজম পার্কের সামনে সকাল ৯:৩০ এ কর্মসূচি শুরু হয়ে সকাল ১০:৩০ এ শেষ হয়। 'আমাদের অবশ্যই জীবাশ্ম জ্বালানির যুগ শেষ করতে হবে'এ স্লোগানকে সামনে রেখে তারা এ কর্মসূচি পালন করে। লিডার্স-এর অ্যাডভোকেসি অফিসার তমালিকা মল্লিকের সঞ্চালনায় মানববন্ধনে বক্তৃতা করেন ইউনিয়ন ক্লাইমেট অ্যাকশন দলের সদস্য শহিদুল ইসলাম, শুভ্রা রানী, দিলিপ মাঝি ও তন্দ্রী রানী, লিডার্স ক্লাইমেট অ্যাকশন দলের সদস্য মাহমুদুল্লাহ হাসান, প্রতিমা জোয়ার্দার ও অমৃত গাইন। লিডার্স-এর প্রোগ্রাম ম্যানেজার মোঃ আলীম আল রাজীর সমাপনী বক্তব্যের মাধ্যমে মানব বন্ধনের সমাপ্তি হয়। কর্মসূচিতে বক্তারা বলেন-ধনী দেশগুলো আর্থিক সহায়তা দিয়ে দরিদ্র ও স্বল্পোন্নত দেশগুলোর বিশাল বনভূমি সংরক্ষণের মাধ্যমে কার্বন নিঃসরণ কমিয়ে তা নিজেদের কার্বন অর্জন হিসেবে দেখিয়ে কার্বন অপসারণের দাবী করছেন, যা ন্যায্যতা ও ঐতিহাসিক দায়কে প্রশ্নবিদ্ধ করে।

## জীবাশ্ম জ্বালানিমুক্ত জলবায়ু ন্যায্যতার দাবিতে সাইকেল র‌্যালী

**খুলনা প্রতিনিধি :** জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় দ্রুত পর্যাপ্ত জলবায়ু অর্থায়ন নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন পরিবেশ আন্দোলনের নেতা ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। তারা বলেছেন, জলবায়ু ও জ্বালানি সংকট মোকাবেলায় গ্যাস ও এলএনজি ব্যবহার বাড়ানো কোন সমাধান নয়, বরং সবুজায়ন-নবায়নযোগ্য জ্বালানিই ভবিষ্যৎ। তাই গ্যাস ও এলএনজিতে অর্থায়ন বন্ধ করতে হবে। কয়লাসহ জীবাশ্ম জ্বালানি ব্যবহার বন্ধের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার বাড়াতে হবে। শুক্রবার সকালে 'গ্লোবাল ডে অব অ্যাকশন এণ্ড ফসিল ফুয়েলস ফর ক্লাইমেট জাস্টিস' কর্মসূচির অংশ হিসেবে ফুটবল খেলা ও সাইকেল র‌্যালী শেষে খুলনার পাইকগাছা উপজেলার কপিলমুনি স্মৃতিসৌধ চত্বরে মানববন্ধন-সমাবেশে বক্তারা এ আহ্বান জানানো হয়। ওয়াটারকিপারস-বাংলাদেশ, ব্রতী, সুন্দরবন ও উপকূল সুরক্ষা আন্দোলন এবং সচেতন সংস্থা আয়োজিত কর্মসূচির উদ্বোধন করেন কপিলমুনি ইউপি চেয়ারম্যান কওসার আলী জোয়ার্দার। সুন্দরবন ও উপকূল সুরক্ষা আন্দোলনের সমন্বয়ক নিখিল চন্দ্র ভদ্র-এর সভাপতিত্বে সভায় বক্তৃতা করেন সাবেক কৃতী ফুটবলার শেখ আবদুর রশিদ, ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)'র ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক সাকিলা পারভীন, পাইকগাছা প্রেস ক্লাবের সহ-সভাপতি মো. আবদুল আজিজ, বাংলাদেশ পরিবেশ আন্দোলনের নেতা দুলাল দেবনাথ, অধ্যক্ষ শিমুল বিল্লাহ বাপি, অনির্বাণ লাইব্রেরির সহ-সভাপতি মানিক ভদ্র ও সাধারণ সম্পাদক প্রভাত দেবনাথ, যুবলীগ নেতা প্রদীপ দত্ত, সচেতন সংস্থার সভাপতি বিদ্যুৎ বিশ্বাস, পরিবেশ কর্মী অমর ঘোষ, নদী কর্মী আলাউদ্দিন মোল্লা প্রমুখ। সমাবেশে বক্তারা বলেন, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা ও জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্তদের দাবির প্রেক্ষিতে ২০২৩ সালের কপ-২৭ সম্মেলনে ৮০টিরও বেশি দেশের প্রতিনিধিরা পর্যায়ক্রমে কয়লা নির্ভর জ্বালানি ব্যবস্থা হতে বেরিয়ে আসবে।

### নবগঙ্গা নদী থেকে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

**মাগুরা প্রতিনিধি :** মাগুরা শহরের সাতদোহা এলাকায় নবগঙ্গা নদীতে শুক্রবার সকালে অজ্ঞাত ব্যক্তির ফুলে ওঠা লাশ উদ্ধার করেছে পুলিশ। মাগুরার অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ কলিমুল্লাহ জানান, শুক্রবার সকাল দশটার দিকে নবগঙ্গা নদীর সাতদোহা শ্মশান ঘাটের পূর্ব দিকে কচুরিপানার সাথে একটি ভাসমান ফুলে ওঠা লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয় এলাকাবাসী। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে অর্ধগলিত অজ্ঞাত ব্যক্তির লাশটি উদ্ধার করে। মুখে চাপ দাড়ি বিশিষ্ট ওই মৃতদেহের বয়স আনুমানিক ৪৫ বছর বলে মনে করছেন তারা। তবে লাশটি কিভাবে এখানে এলো অথবা তার পরিচয় সম্পর্কে কোন তথ্যই জানাতে পারেনি পুলিশ।

বেগুনখেতে নিড়ানি দিচ্ছেন এক কৃষক। জালশুকা এলাকা, শাজাহানপুর উপজেলা, বগুড়া

# এশিয়াডে ম্যাচ বাই ম্যাচ এগোনোর পরিকল্পনা বাংলাদেশের

**স্পোর্টস ডেস্ক :** গত এশিয়ান গেমসে জামাল ভূঁইয়ার গোলে কাতারকে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে উঠেছিল বাংলাদেশ। এবার চীনের হাংজুর এশিয়ান গেমসে জামাল নেই। দেখা যাবে না বসুন্ধরা কিংসের খেলোয়াড়দেরও। তাদের ছাড়া এখন ম্যাচ বাই ম্যাচ এগিয়ে যাওয়ার পরিকল্পনা বাংলাদেশের। আগামী ২৩ সেপ্টেম্বর চীনের হাংজুতে এশিয়ান গেমসের আনুষ্ঠানিক উদ্বোধন হতে যাচ্ছে। তার চারদিন আগেই পুরুষ বিভাগের ফুটবল শুরু হবে। বাংলাদেশ দল সবার আগে গতকাল শুক্রবার রাতে হাংজুর উদ্দেশে ঢাকা ছাড়ছে। গেমস ফুটবলে বাংলাদেশের গ্রুপে রয়েছে- স্বাগতিক চীন, মিয়ানমার ও ভারত। দেশ ছাড়ার আগে সকালে কিংস অ্যারেনায় গেমস ফুটবল নিয়ে সংবাদ সম্মেলনে কথা বলেছেন বাংলাদেশ দলের কোচ ও অধিনায়ক। অধিনায়ক রহমত মিয়া গত এশিয়াডেও ছিলেন। এবারের দল নিয়ে আবাহনী লিমিটেডের ডিফেন্ডার বলেছেন, 'গত গেমসে অধিনায়ক জামাল ভূঁইয়া ছিলেন। তার সঙ্গে আরও অনেক ফুটবলার ছিলেন যাদের জাতীয় দলে খেলার অভিজ্ঞতা ছিল। এবার বসুন্ধরা কিংসের এএফসি কাপের খেলা থাকায় তাদের অনেকে নেই। জামালও আর্জেন্টিনায়।' এই অবস্থায় জাতীয় দলের অনেক ফুটবলার না থাকলেও বর্তমান দল নিয়ে আশাবাদী রহমত মিয়া, '২২ জনের মধ্যে ১৫ জনের জাতীয় দলে ক্যাম্প করার অভিজ্ঞতা রয়েছে। জাতীয় দলে জায়গা করে নিতে তারা নিজেদের সেরাটা দেওয়ার জন্য প্রাণপণ চেষ্টা করবে।'

এশিয়ান গেমসে বাংলাদেশ পুরুষ ফুটবল দলের পূর্ণাঙ্গ স্কোয়াড নিয়ে অনুশীলন হয়েছে গত বৃহস্পতিবার। কাবরেরা গত সপ্তাহে ১৫ জন নিয়ে অনুশীলন শুরু করেছেন। থাইল্যান্ডের এএফসি অনূর্ধ্ব-২৩ চ্যাম্পিয়নশিপ থেকে ফিরে দলের বাকি সাত ফুটবলার গত বুধবার যোগ দিয়েছেন। এশিয়ান গেমসে পুরুষ ফুটবলে ২৩ বছরের বেশি তিনজন ফুটবলার অর্ন্তভুক্ত করা যায়। বাংলাদেশ দলের কোচ অবশ্য দুই জনকে দলে নিয়েছেন। ঢাকা ছাড়ার আগে প্রস্তুতি ম্যাচে বসুন্ধরা কিংসের কাছে হেরেছে কাবরেরার দল। জাতীয় দলের হেড কোচ কাবরেরা এই গেমসে তার লক্ষ্য সম্পর্কে বলেছেন, 'এখনই লক্ষ্য সম্পর্কে কিছু বলতে চাই না। ম্যাচ বাই ম্যাচ এগোতে চাই। প্রথম ম্যাচ মিয়ানমারের বিপক্ষে। সেটা নিয়েই আগে ভাবছি।'

## নিউক্যাসলের সঙ্গে চুক্তির মেয়াদ ২০২৫ সাল পর্যন্ত বাড়ালেন উইলসন

**স্পোর্টস ডেস্ক :** নিউক্যাসলের সঙ্গে চুক্তির মেয়াদ আরো এক বছর বাড়িয়েছেন কালাম উইলসন। এর ফলে ২০২৫ সাল পর্যন্ত ম্যাগপাইদের সঙ্গেই থাকছেন তিনি। ২০২০ সালে এএফসি বোর্নমাউথ থেকে নিউক্যাসলে যোগ দেয়ার পর ৩১ বছর বয়সি এই স্ট্রাইকার প্রিমিয়ার লিগের ৭৯টি ম্যাচে ৪০ গোল করেছেন। ফলে তিন বছরের মধ্যে ক্লাবটির সর্বোচ্চ গোলদাতার তালিকার শীর্ষস্থান নিশ্চিত করেছেন তিনি। যার সুবাদে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে খেলার যোগ্যতাও অর্জন করেছে ক্লাবটি। বর্তমানে নিউক্যাসলের হয়ে প্রিমিয়ার লিগে সর্বোচ্চ গোলদাতাদের মধ্যে পঞ্চম অবস্থানে রয়েছেন উইলসন। লেস ফার্ডিনান্ডের চেয়ে এক গোল এবং দ্বিতীয় স্থানধারী অ্যালান শিয়ারারের চেয়ে আট গোলের দূরত্বে রয়েছেন তিনি।

## সানচোকে নিজ উদ্যোগে অনুশীলন করতে বলেছে ম্যানইউ

**স্পোর্টস ডেস্ক :** ম্যানচেস্টার ইউনাইটেডে নতুন করে আবারো হুমকিতে পড়েছে জাডন সানচোর ভবিষ্যৎ। 'দলের শৃংখলাজনীত কারণে' এই ইংলিশ উইঙ্গারকে নিজ উদ্যোগে অনুশীলন করতে বলেছে ক্লাবটি। চলতি মাসের শুরুতে আর্সেনালের কাছে ৩-১ গোলে হেরে যাওয়া ম্যাচে ম্যানচেস্টার ইউনাইটেড স্কোয়াডের বাইরে রাখা হয়েছিল সানচোকে। অনুশীলনে দূর্বল পারফর্মেন্সের কারণে তাকে একাদশের বাইরে রাখা হয়েছিল বলে ওই সময় গণমাধ্যমকে জানিয়েছিলেন ইউনাইটেড কোচ এরিক টেন হাগ। কোচের মন্তব্যের পরপরই এর প্রতিবাদ জানায় ২৩ বছর বয়সি সানচো। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের ক্ষোভ প্রকাশ করে ইংলিশ আন্তর্জাতিক বলেন, তাকে দীর্ঘ মেয়াদের জন্য 'বলির পাঠা' বানানো হয়েছে। বৃহস্পতিবার ইউনাইটেডের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়,' মুল গ্রুপের বাইরে থেকে জাডন সানচো নিজ উদ্যোগে অনুশীলন করবেন। স্কোয়াডের শৃংখলা জনীত সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।' সানচোকে ইউরোপীয় ফুটবলের সবচেয়ে মেধাবী তরুণ তারকাদের একজন হিসেবে বিবেচনা করা হয়। দুই বছর আগে বরুশিয়া ডর্টমুন্ড থেকে ৭৩ মিলিয়ন ইউরোতে ম্যানচেস্টার ইউনাইটেডে যোগ দিয়েছিলেন তিনি। কিন্তু বিপুল অর্থ ব্যায়ের প্রতিদান ওল্ড ট্রাফোর্ডে দিতে পারেননি সানচো। এ পর্যন্ত ক্লাবটির হয়ে ৮২ টি ম্যাচে মাত্র ১২ গোল করেছেন তিনি। গত অক্টোবর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত ম্যানচেস্টার সিটির সাবেক এই যুব তারকাকে ছুটি দেয়া হয়েছিল নেদারল্যান্ডে গিয়ে একটি পৃথক শীতকালীন ফিটনেস প্রোগ্রাম সম্পন্ন করার জন্য।

## এশিয়া কাপের ফাইনালে শ্রীলংকা : প্রতিপক্ষ ভারত

**স্পোর্টস ডেস্ক :** টানা দ্বিতীয়বারের মত এশিয়া কাপের ফাইনালে উঠেছে বর্তমান চ্যাম্পিয়ন শ্রীলংকা। সুপার পর্বে নিজেদের তৃতীয় ও শেষ ম্যাচে গতরাতে শ্রীলংকা বৃষ্টি আইনে ২ উইকেটে হারিয়েছে পাকিস্তানকে। ফাইনালে শ্রীলংকার প্রতিপক্ষ ভারত। সুপার পর্বে ৩ খেলায় ২ জয় ও ১ হারে ৪ পয়েন্ট নিয়ে ফাইনালে খেলবে শ্রীলংকা। ২ খেলায় ২ জয়ে ৪ পয়েন্ট নিয়ে ইতোমধ্যে ফাইনাল নিশ্চিত করেছে ভারত। ৩ খেলায় ১ জয় ও ২ হারে ২ পয়েন্ট নিয়ে টেবিলের তৃতীয়স্থান থেকে সুপার ফোর পর্ব থেকে এবারের এশিয়া কাপ শেষ করলো গতবারের রানার্স-আপ পাকিস্তান। ২ খেলায় ২ হারে শূন্য হাতে পয়েন্ট টেবিলের তলানিতে থেকে টুর্নামেন্ট থেকে আগেই বিদায় নেয় বাংলাদেশ। কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে বৃষ্টির কারণে খেলা শুরু হতে সোয়া দুই ঘন্টা দেরী হলে ম্যাচটি ৪৫ ওভারে নির্ধারিত হয়। টস ভাগ্যে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় একাদশে পাঁচটি পরিবর্তন আনা পাকিস্তান। ব্যাট হাতে শুরুটা ভালো হয়নি পাকিস্তানের। পঞ্চম ওভারে পেসার প্রমোদ মদুশানের বলে বোল্ড হন ৪ রান করা ওপেনার ফখর জামান। শুরুতে উইকেট হারানোর ধাক্কা ভুলিয়ে দেন আরেক ওপেনার আব্দুল্লাহ শফিক ও অধিনায়ক বাবর আজম। দ্বিতীয় উইকেটে ৭০ বলে ৬৪ রান যোগ করেন তারা। ১৬তম ওভারে বাবরকে তুলে নেন আগের ম্যাচে ভারতকে ধসিয়ে দেয়া স্পিনার দুনিথ ওয়েলালাগে। ৩টি চারে ২৯ রান করেন বাবর। অধিনায়কের বিদায়ের পর ওয়ানডে ক্যারিয়ারে প্রথম হাফ-সেঞ্চুরি পূর্ণ করেন শফিক। অর্ধশতকের পর ৫২ রানেই থেমে যান তিনি। ৬৯ বল খেলে ৩টি চার ও ২টি ছক্কা মারেন শফিক। পাঁচ নম্বরে নামা মোহাম্মদ হারিস ৩ রানে আউট হলে ২৪তম ওভারে ১০৮ রানে চতুর্থ উইকেট হারায় পাকিস্তান। ২৮তম ওভারে আবারও বৃষ্টিতে বন্ধ হয় খেলা।

# ফিফা বর্ষসেরার তালিকায় মেসি হালান্ড এমবাপে, কেউ নেই ব্রাজিলের

**স্পোর্টস ডেস্ক :** বর্ষসেরা ফুটবলারের প্রাথমিকভাবে মনোনীতদের তালিকা প্রকাশ করেছে ফুটবলের সর্বোচ্চ সংস্থা ফিফা। 'ফিফা দ্য বেস্ট' নামে বর্ষসেরার এই পুরস্কার দেওয়া হয় সেরা ফুটবলারকে। বর্ষসেরা পুরুষ ফুটবলার হওয়ার দৌড়ে রয়েছেন লিওনেল মেসি, আর্লিং হালান্ড, কিলিয়ান এমবাপেসহ মোট ১২ জন ফুটবলার। ব্যালন ডি'অরের তালিকায় নাম ছিল না পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদোর। এবার ফিফা দ্য বেস্টের প্রাথমিক তালিকায়ও নাম উঠলো না বিশ্বের অন্যতম সেরা এই ফুটবলারের। শুধু তাই নয়, ১২ জনের সংক্ষিপ্ত এই তালিকায় নাম নেই ব্রাজিলের কোনো ফুটবলারেরও। এমনকি রিয়াল মাদ্রিদের হয়ে দুর্দান্ত খেলা ভিনিসিয়ুস জুনিয়র ও রদ্রিগোরও জায়গা হয়নি মনোনীতদের তালিকায়। গত বছরের ১৯ ডিসেম্বর থেকে চলতি বছরের ২০ আগস্ট পর্যন্ত পারফরমেন্সের ভিত্তিতে দেওয়া হবে ফিফা 'দ্য বেস্ট' পুরস্কার। আগামী ৬ অক্টোবর বিজয়ীর হাতে উঠবে 'দ্য বেস্ট' এর পুরস্কারটি। বর্ষসেরা পুরুষ ফুটবলার মনোনয়ন পাওয়া ১২ জনের মধ্যে ৬ জনই ট্রেবলজয়ী ক্লাব ম্যানচেস্টার সিটির হয়ে খেলেছেন। ফিফা দ্য বেস্টের প্রাথমিকভাবে **মনোনীতদের তালিকা:** হুলিয়ান আলভারেজ, মার্সেলো ব্রজোভিচ, কেভিন ডি ব্রুইনা, ইলকায় গুন্দোগান, আর্লিং হালান্ড, রদ্রি, খোভিচা কোয়ারাৎসখেলিয়া, কিলিয়ান এমবাপে, লিওনেল মেসি, ভিক্টর ওসিমেন, ডেকলান রাইস, বের্নার্দো সিলভা।

## প্যাডেল-টেনিসে ৫ মিলিয়ন ইউরো বিনিয়োগ করছেন রোনালদো!

**স্পোর্টস ডেস্ক :** মানুষের মনে কত রকম শখ যে জন্ম নেয়! টাকা থাকলে সেসব অদ্ভুত শখ মেটানোও যায়। ক্রিশ্চিয়ানো রোনালদোর কথাই ধরুন, কাড়ি কাড়ি টাকার মালিক বলেই তো পর্তুগাল সুপারস্টার অদ্ভুত এক শখের পেছনে ঢালতে যাচ্ছেন কোটি কোটি টাকা! প্যাডেল-টেনিস নামের অখ্যাত এক খেলায় বিনিয়োগ করতে যাচ্ছেন রোনালদো ৫ মিলিয়ন ইউরো। বাংলাদেশি মুদ্রায় অঙ্কটা ৫৮ কোটি ৮৯ লাখ ৯৭ হাজার ৩৮৪ টাকা। খেলাটির নাম মূলত প্যাডেল। অনেকটা টেনিস ও স্কোয়াশের আদলে খেলা হয় বলে প্যাডেল-টেনিস বা প্যাডেল স্কোয়াশ নামেও পরিচিত। টেনিসের মতোই কোর্ট, নেট, বল এবং র্যাকেট ব্যবহার করা হয়। নিয়ম-কানুনে টেনিসের সঙ্গে কিছুটা সাদৃশ্য এবং কিছুটা ভিন্নতা রয়েছে। একইভাবে স্কোয়াশের সঙ্গেও কিছুটা সাদৃশ্য রয়েছে, কিছুটা ভিন্নতাও আছে। টেনিসের মতোই সার্ভ করা হয়।

## মাদক ব্যবসার অভিযোগে গ্রেপ্তার অজি স্পিনার

**স্পোর্টস ডেস্ক :** মাদক ব্যবসার অভিযোগে অস্ট্রেলিয়ার সাবেক লেগ স্পিনার স্টুয়ার্ট ম্যাকগিলকে গ্রেপ্তার করেছে অস্ট্রেলিয়ার পুলিশ। শুক্রবার অস্ট্রেলিয়ার পুলিশ বিষয়টি নিশ্চিত করেছে। তিন লাখ ৩০ হাজার ডলার দামের এক কেজি কোকেন বেচা-কেনার সঙ্গে ম্যাকগিল জড়িত ছিলেন বলে অভিযোগ এনেছে পুলিশ। ওই কোকেন বিক্রির জন্য তিনি দু'জন ব্যক্তির সঙ্গে চুক্তি করেন। ওই ঘটনার তদন্ত করতে গিয়ে অস্ট্রেলিয়ার পুলিশ ম্যাকগিলের মাদক কারবারির সঙ্গে সম্পৃক্তার তথ্য পেয়েছে। পুলিশ দাবি করেছে, জেনে বুঝেই অস্ট্রেলিয়ার এই সাবেক ক্রিকেটার মাদক ব্যবসায় সম্পৃক্ত হন। ম্যাকগিলের মাদক ব্যবসার সঙ্গে সম্পৃক্ততার বিষয়টি প্রমাণিত হলে বড় সাজা হতে পারে তার।

# স্বাস্থ্য

## দাঁত শিরশির করার যত কারণ

**স্বাস্থ্য ডেস্ক :** আপনি কি কখনো অনুভব করেছেন যে আপনি আইসক্রিম খেতে পারছেন না, মিষ্টি খেলে দাঁত শিরশির করছে, টক জিনিস খেলে অল্পতেই দাঁত টক হয়ে যাচ্ছে, কিংবা শীতের সকালে ঠাণ্ডা বাতাস দাঁতে লাগলে দাঁত শিরশির করছে। হ্যাঁ, এসবের কারণই হচ্ছে ডেন্টিন
হাইপারসেনসিটিভিটি। ডেন্টিন হচ্ছে দাঁতের সবচেয়ে সেনসিটিভ অংশ। এনামেল আমাদের শরীরের সবচেয়ে শক্ত হাড়, যা সহজেই ব্যাকটেরিয়াল অ্যাসিড দ্বারা ক্ষয়প্রাপ্ত হতে পারে, এনামেল ক্ষয় হলে ডেন্টিন শক্তি বের হয়ে যায় আর তখন দাঁত শিরশির করে। যখন দন্তমজ্জা বের হয়ে যায় তখন দাঁতে তীব্র ব্যথা হয়। দাঁত শিরশির করা সাময়িক সময়ের জন্য হতে পারে অথবা দীর্ঘ সময়ের জন্যও হতে পারে। এটা একটি দাঁতে অনুভূত হতে পারে অথবা অনেক দাঁতেও হতে পারে। দাঁত শিরশির করার অনেক কারণ থাকতে পারে।

যেসব ক্ষেত্রে সমস্যা হতে পারে

এ ক্ষেত্রে কিছুকিছু উপাদান ব্যবহারের কারণে দাঁতে অস্বাভাবিক একটি যন্ত্রণাদায়ক অনুভূতির সৃষ্টি হতে পারে। যেসব জিনিস ব্যবহারের কারণে দাঁত শিরশির করতে পারে সেগুলো হচ্ছে-

? গরম খাদ্য ও পানীয়
? ঠাণ্ডাজাতীয় খাদ্য ও পানীয়
? ঠাণ্ডা বাতাস
? মিষ্টিজাতীয় খাদ্য ও পানীয়
? টকজাতীয় খাদ্য ও পানীয়
? ঠাণ্ডা পানি ব্যবহার করে দাঁত পরিষ্কারের সময়।
? অ্যালকোহলসমৃদ্ধ মাউথ ওয়াশের কারণেও হতে পারে।

কারণসমূহ

১. কিছুকিছু ক্ষেত্রে এনামেল ক্ষয়প্রাপ্ত হয়ে দাঁত শিরশির করতে পারে-
? শক্ত ব্রাশ দ্বারা দাঁত ব্রাশ
? বেশি জোরে এলোমেলোভাবে দাঁত ব্রাশ
? টকজাতীয় বা এসিডিক খাদ্য ও জাতীয় ব্যবহার
? পরিপাকতন্ত্রের পীড়ার কারণেও এনামেল ক্ষয় হতে পারে

২. মাড়ি সরে যাওয়ার কারণে পবসবহঃঁস বের হয়ে যায়। পবসবহঃঁস সবচেয়ে পাতলা আবরণী, যাহা সহজেই ব্রাশ করার কারণে ক্ষয়প্রাপ্ত হয়ে যায়।

৩. দাঁত ভেঙে গেলে আঘাতজনিত কারণে এনামেলের আবরণী উঠে গেলে অথবা দাঁত ক্র্যাক হয়ে গেলে।

৪. দাঁত ফিলিং বা ক্যাপ করার সময় প্রয়োজনের অতিরিক্ত এনামেল কেটে ফেললে হতে পারে।

৫. দাঁত সাদা করা প্রক্রিয়ার কারণে হতে পারে।

৬. দাঁতের ফিলিং উঠে গেলেও দাঁত শিরশির করতে পারে।

৭. বয়সজনিত কারণে এনামেল ক্ষয় হতে পারে।

প্রতিকার

দাঁত শিরশির করার চিকিৎসা নির্ভর করে দাঁত শিরশির করার কারণের ওপর। এজন্য দেরি না করে দ্রুত ডাক্তারের শরণাপন্ন হওয়া উচিত।
? বাজারে বিভিন্ন ধরনের মেডিকেটেড টুথপেস্ট পাওয়া যায়, যাহা শিরশির রোধ করে।
? সঠিক উপায়ে দাঁত পরিচর্যা করা।
? টকজাতীয় খাদ্য না খাওয়া।

## অ্যাসিডিটি হচ্ছে যে খাবারে

**স্বাস্থ্য ডেস্ক :** নিয়ম মেনে খাবার না খাওয়া, অতিরিক্ত ঝাল, মসলাযুক্ত খাবার, মানসিক চাপ, মদ্যপানসহ নানা কারণে অ্যাসিডিটির সমস্যা দেখা দেয়। এ ছাড়া বাইরের খাবার খাওয়া ও অতিমাত্রায় ফাস্ট ফুডে আসক্তির কারণে অ্যাসিডিটির সমস্যা বাড়ছে। চাইলে ঘরোয়া কিছু উপায়ে এবং কিছু খাবার গ্রহণের মাধ্যমে আপনি এই অ্যাসিডিটির সমস্যা থেকে মুক্তি পেতে পারেন। আদা আদাতে থাকা অ্যান্টি ইনফ্ল্যামেটরি তথা প্রদাহবিরোধী ধর্ম বুক জ্বালাপোড়া ও গ্যাস্ট্রিসাইটিসের সমস্যা কমায়। এ ছাড়া হজমজনিত জটিলতা থেকে পেটের সমস্যা কমাতেও আদা উপকারী। দ্রুত অ্যাসিডিটির সমস্যা কমাতে আদা গ্রেট করে পানিতে জ্বাল দিয়ে মধু মিশিয়ে পান করতে হবে। পানি অ্যাসিডিটির জ্বালাপোড়া, পেট ফাঁপার সমস্যা থেকে বাঁচতে পানি পান করুন প্রচুর পরিমাণে। অ্যাসিডিটি হলে পানি পান করলে পেটের গ্যাস বের হয়ে আসতে পারে এবং অস্বস্তিভাব দূর হয়। আর যদি আপনি নিয়মিত প্রয়োজনীয় পানি পান করেন, তাহলেও অ্যাসিডিটিতে ভুগতে হবে কম। পেঁপে পেঁপেতে থাকা প্যাপেইন অ্যানজাইম আমাদের হজম প্রক্রিয়াকে সহজতর করে। ফলে অ্যাসিডিটির মতো সমস্যা দেখা দেয় না। তাই প্রতিদিনের ডায়েটে রাখতে পারেন দু-এক টুকরা পেঁপে। খাবার খান নিয়ম মেনে অনেকেই সঠিক সময়ে খাবার খান না। নিয়ম মেনে খাবার না খাওয়ার ফলে অ্যাসিডিটির সমস্যা তৈরি হয়। তাই অবশ্যই নিয়মিত প্রতিবেলার খাবার গ্রহণ করতে হবে। একবারে পেট ভরে খাবার খাবেন না। পাকস্থলী তিন ভাগের এক ভাগ খাবার দিয়ে পূর্ণ করতে হবে। বাকি দুই ভাগের একভাগ থাকবে পানি আর একভাগ খালি থাকবে। একবারে অতিরিক্ত খাবার গ্রহণ না করে অল্প অল্প করে বারবার খাবার গ্রহণ করুন। দিনে তিনবার প্রধান খাবার গ্রহণের ফাঁকে দুই বা তিনবার স্ন্যাক্সজাতীয় হালকা খাবার রাখুন।

আরো যা করণীয়

## কিসমিস ভেজা পানি পানের যত উপকারিতা

**স্বাস্থ্য ডেস্ক :** কিসমিস খুবই উপকারী। এটা শরীরের ক্ষতিকারক কোলেস্টেরল দূর করে। কিসমিসে আছে নানা ধরনের ভিটামিন ও মিনারেল। কিসমিস না-খেয়ে শুধু কিসমিসের পানি খেলেও ভিটামিন ও মিনারেল শরীরে প্রবেশ করে।

এতে আছে ফাইবার, আয়রন, ক্যালসিয়াম, পটাসিয়াম ও অন্যান্য প্রয়োজনীয় পুষ্টির সমৃদ্ধ উৎস, যা আপনাকে শক্তি বৃদ্ধি করে এবং আপনার চুল এবং ত্বককে উজ্জ্বল রাখতে সহায়তা করে।

কিসমিস খাওয়ার সবচেয়ে ভালো উপায় সারারাত কিসমিস পানিতে ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেটা খান। ভেজানো কিসমিসে থাকে আয়রন, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম এবং ফাইবার। হাই ব্লাডপ্রেসারের সমস্যা থাকলেও এটি তা নিয়ন্ত্রণে রাখে।

ব্লাড প্রেসার

উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের প্রাকৃতিক পদ্ধতিগুলোর মধ্যে একটি কিসমিস। এর মধ্যে থাকা পটাসিয়াম হাই ব্লাড প্রেসার বশে রাখে।

রক্ত স্বল্পতা কমায়

রক্ত স্বল্পতা কমাতে কিসমিস যথেষ্ট উপকারি। নিয়মিত কিসমিস খেলে এর মধ্যে থাকা আয়রন রক্তে হিমোগ্লোবিনের মাত্রা বাড়ায়। এছাড়াও এর মধ্যে আছে তামা যা রক্তে লাল রক্তকণিকা তৈরিতে সাহায্য করে।

হজমশক্তি বাড়ায়

সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এ ক্ষেত্রে কিসমিস হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিসমিস ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিসমিস খান। নিজেই তারপর তফাত খেয়াল করুন দিন পনেরো পরেই। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় আপনি যদি রোগ প্রতিরোধ ক্ষমতা বড়াতে চান তবে ভেজা কিসমিস এবং তার পানি নিয়মিত খান। এর মধ্যে রয়েছে অ্যান্টিঅক্সিডেন্ট, যা রোগের সঙ্গে লড়াই করার ক্ষমতা বা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

## চুলে লালচে ভাব কেন হয়?

**স্বাস্থ্য ডেস্ক :** বর্তমানে মানুষের চুলে নানা রং দেখতে পাবেন। কালো চুলের কদরও কম নয়। তাইতো কবি জীবনানন্দ দাশ বলেছেন, 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।' অনেকের কালো চুল আবার আস্তে আস্তে লাল হয়ে যায়। অনেকে খেয়াল করে না। তবে অনেক কারণেই কালো চুল এমন লাল হয়ে যেতে পারে। চলুন জেনে নিই। কেন হয় লালচে ভাব? কলকাতার রূপবিশেষজ্ঞ ব্রিজেট জোনস বলেছেন, ত্বকের মতো আমাদের চুলেও মেলানিন থাকে। যার প্রভাবে চুলের রং কালো হয়। চুলের রং দুটি উপাদানের ওপর নির্ভর করে। দুই ধরনের মেলানিন ১. ইউমেলানিন। ২. ফিওমেলানিন। যাদের চুলে ইউমেলানিনের পরিমাণ বেশি তাদের চুলের রং বেশি কালো হয়। এদিকে চুলে ফিওমেলানিন বেশি হলে চুলের রং অল্প লালচে হয়। তাদের ক্ষেত্রে জন্ম থেকেই চুল লালচে হয়। চুলে মেলানিন কম থাকলে তখন হয়ে ওঠে সাদা। অনেকের অল্প বয়সে চুল 'পেকে' যায়। সাদার মধ্যেই আবার লালচে আভা দেখা যায়। শরীরে হরমোনের মাত্রায় পরিবর্তন হলেও চুলের রঙে প্রভাব পড়তে পারে। তখনও দেখা দেয় লালচে ভাব। অন্যান্য কারণ, যেমন যারা বাইরে বেশি ঘোরাঘুরি করে তাদের চুলও লালচে হয়ে আসে। সূর্যের অতিবেগুনি রশ্মি চুলকে 'সান ব্লিচড' করে দিতে পারে।

## ধূমপায়ীরা যেভাবে দাঁতের যত্ন নিতে পারেন

**স্বাস্থ্য ডেস্ক :** ধূমপান স্বাস্থ্যের জন্য একদমই ভালো নয় এটা আমরা সবাই জানি। শুধুমাত্র শরীর নয় এটি ক্ষতি করে আপনার দাঁতেরও। এ ছাড়া বয়স বাড়লে আরো সমস্যা লেগেই থাকে। যেমন দেখা দেয় দাঁতের ক্ষয়, মাড়ি থেকে রক্তপাত ও অন্যান্য সমস্যা। বয়স একটু বাড়লেই শুরু হয় দাঁত তোলা বা রুট ক্যানাল। এর ওপর আপনি যদি ধূমপায়ী হন তাহলে তো কথাই নেই। তাই প্রথম থেকেই একটু একটু করে দাঁতের যত্ন নিলে কম সমস্যায় পড়বেন। খাবার খাওয়ার পরে পানি দিয়ে কুলি করে নিতে পারেন। ধূমপানের ক্ষেত্রেও এমনটাই করা ভালো। কারণ নিকোটিনের স্তর জমে দাঁতের বারোটা বেজে যেতে পারে। আমাদের সামনে একাধিক টুথপেস্টের সম্ভার। তাই টুথপেস্ট কেনার সময় অবশ্যই দেখতে হবে ফ্লুওরাইড আছে কিনা। এই উপাদান দাঁতের হলদে দাগ দূর করতে সাহায্য করে।